




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA গৌরবের ৭২ তম বছর

Founder : J.C.Paul ■ Former Editor : Paritosh Biswas

**JAGARAN** ■ 72 Years ■ Issue-153 ■ 3 March, 2026 ■ আগরতলা ৩ মার্চ, ২০২৬ ইং ■ ১৮ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ, মঙ্গলবার ■ RNI Regn. No. RN 731/57 ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা







পশ্চিম এশিয়ার সংঘাত নিয়ে উদ্বেগ

## শান্তির পক্ষে ভারত ঃ প্রধানমন্ত্রী



**নয়াদিল্লি, ২ মার্চ (আইএএনএস)।।** পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেন, ভারত সবসময় শান্তি ও স্থিতিশীলতার পক্ষে এবং অঞ্চলে অবস্থানরত ভারতীয় নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট দেশগুলির সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ চালিয়ে যাবে।

কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি-এর সঙ্গে যৌথ সাংবাদিক বৈঠকে মোদি বলেন, "বিশ্বজুড়ে চলমান একাধিক উত্তেজনার বিষয়ে ভারতের অবস্থান স্পষ্ট। আমরা সবসময় শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখার আহ্বান জানিয়েছি। দুই গণতান্ত্রিক দেশ একসঙ্গে দাঁড়ালে শান্তির বার্তা আরও জোরালো হয়।"

গালফ অঞ্চলের নিরাপত্তা পরিস্থিতি প্রসঙ্গে তিনি বলেন, "পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতি আমাদের জন্য গভীর উদ্বেগের বিষয়। ভারত সব ধরনের বিরোধ সংলাপ ও কূটনীতির মাধ্যমে সমাধানের পক্ষে। অঞ্চলে বসবাসরত ভারতীয় নাগরিকদের সুরক্ষা নিশ্চিত করতে আমরা সংশ্লিষ্ট দেশগুলির সঙ্গে নিবিড় যোগাযোগ রাখব।"

উল্লেখ্য, সম্প্রতি যুক্তরাষ্ট্র ও ইজরায়েলের যৌথ বিমান হামলার জেরে মধ্যপ্রাচ্যে সংঘাত তীব্র আকার ধারণ করেছে। ইরানের ক্ষেপণাস্ত্র সক্ষমতা ও সামরিক পরিকাঠামো লক্ষ্য করে চালানো এই অভিযানে ইরানের শীর্ষ নেতৃত্বের কয়েকজন নিহত হয়েছেন বলে জানা গিয়েছে।

এর পাল্টা প্রতিক্রিয়ায় তেহরান মার্কিন ঘাঁটি, আঞ্চলিক রাজধানী ও মিত্র বাহিনীর উপর ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালায়। কুয়েত, বাহরিন ও সংযুক্ত আরব আমিরশাহির আকাশসীমায় ক্ষেপণাস্ত্র ও ড্রোন প্রতিহত করা হয়েছে বলে খবর। পরিস্থিতির জেরে সাময়িকভাবে আকাশসীমা বন্ধ ☛ ৬ এর পাতায় দেখুন

## চড়িলাম বাজারে ফেন্সিডিল বোঝাই গাড়ি লুট, ছিনতাইকারীদের অস্ত্রে আহত দুই

**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ২ মার্চ।।** বিশালগড় বাইপাস থেকে চড়িলাম বাজার পর্যন্ত রীতিমতো ধাওয়া পাল্টা ধাওয়ার পর দিনের আলোয় ফেন্সিডিল বোঝাই একটি গাড়ি লুটের ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।



জানা যায়, টিআর০১- ডি - ৩৮৪৪ নম্বরের একটি যাত্রীবাহী ম্যাক্স গাড়িতে সোনামুড়ার রশিদের প্রায় ১৫ লক্ষ টাকার ফেন্সিডিল নিয়ে যাওয়া হচ্ছিল। অভিযোগ, বিশালগড়ের ভুট্টু গ্যাং বাইপাস এলাকায় রাস্তার মাঝে দুটি গাড়ি দাঁড় করিয়ে সেটিকে আটকানোর চেষ্টা করে তবে ফেন্সিডিল বোঝাই গাড়িটি একাধিক গাড়িকে ধাক্কা মেরে দ্রুত পালানোর চেষ্টা করলে অভিযুক্তরা পেছন থেকে ধাওয়া করে। পরে চড়িলাম বাজারে গাড়িটি আটক করে প্রায় সম্পূর্ণ মালামাল লুট করে নেওয়া হয় বলে অভিযোগ। এসময় গাড়ির চালককে ছুরি দিয়ে এলোপাথাড়ি আঘাত করা হয়। ছিনতাইকারীদের হাতে আগ্নেয়াস্ত্র ও ধারালো অস্ত্র দেখে ব্যবসায়ীদের মধ্যে চরম আতঙ্ক ছড়িয়ে পড়ে। মুহূর্তের মধ্যে বাজারজুড়ে উত্তেজনা সৃষ্টি হয় এবং অনেকেই প্রাণ বাঁচাতে ছুটোছুটি শুরু করেন খবর পেয়ে সিপাহীজলা জেলার অতিরিক্ত পুলিশ সুপার রাজিব সূত্রধর সহ বিশালগড় থানার বিশাল পুলিশবাহিনী ঘটনাস্থলে পৌঁছায়। তবে পুলিশের পৌঁছানোর আগেই অভিযুক্তরা পালিয়ে যায়।

পালানোর সময় স্থানীয় বাসিন্দারা এক অভিযুক্তকে ধরে ফেলে। ধৃতের নাম সুমিত সাহা বাড়ি বিশালগড় জাঙ্গালিয়া বলে জানা গেছে। পুলিশ তাকে আটক করে থানায় নিয়ে যায় এবং ঘটনায় ব্যবহৃত গাড়িটিও উদ্ধার করে।

অন্যদিকে বিশালগড় বাইপাস এলাকায় ধাওয়ার সময় ফেন্সিডিল বোঝাই গাড়ির ধাক্কায় একটি টমটম উল্টে যায়। এতে চালক ও সহচালক গুরুতর আহত হন। তাঁদের বিশালগড় মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে এদিকে প্রশ্ন উঠছে দিনের আলোয় বিশালগড় বাইপাস দিয়ে ফেন্সিডিল বোঝাই গাড়ি যাতায়াতের সময় ট্রাফিক পুলিশ ও থানার গাড়ি এলাকায় থাকা সত্ত্বেও কেন আগেই পদক্ষেপ নেওয়া হয়নি। পুরো ঘটনাকে ঘিরে এলাকাজুড়ে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

## আটকে পড়া ভারতীয়দের নিরাপত্তা নিয়ে সিসিএস বৈঠক


**নয়াদিল্লি, ২ মার্চ (আইএএনএস)।।** মধ্যপ্রাচ্যে ক্রমবর্ধমান সংঘাতের প্রেক্ষিতে আটকে পড়া ভারতীয় নাগরিকদের নিরাপত্তা পরিস্থিতি খতিয়ে দেখতে রবিবার উচ্চপর্যায়ের বৈঠক করল কেন্দ্র। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী-র নেতৃত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিরাপত্তা সংক্রান্ত শীর্ষ কমিটি নিরাপত্তা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিএস) বৈঠকে ইরানে ২৮ ফেব্রুয়ারির বিমান হামলা এবং তার পরবর্তী উত্তেজনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

রকারি বিবৃতিতে জানানো হয়েছে, ইরানে বিমান হামলা এবং তার জেরে উপসাগরীয় একাধিক দেশে হামলার ঘটনায় উদ্ভূত পরিস্থিতি সম্পর্কে কমিটিকে ব্রিফ করা হয়। পশ্চিম এশিয়ায় দ্রুত অবনতি হওয়া ভূরাজনৈতিক পরিস্থিতি এবং আঞ্চলিক সংঘাত বৃদ্ধির প্রেক্ষাপটে বৈঠকটি বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

বৈঠকে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, বিদেশমন্ত্রী এস. জয়শঙ্কর, অর্থমন্ত্রী নির্মলা সীতারামন, জাতীয় ☛ ৬ এর পাতায় দেখুন



## যাত্রী সুবিধায় এয়ারলাইন্স ও নিয়ন্ত্রকদের সঙ্গে সমন্বয়ে কেন্দ্র



**নয়াদিল্লি, ২ মার্চ (আইএএনএস) ।।** মধ্যপ্রাচ্যের পরিবর্তিত পরিস্থিতির প্রেক্ষিতে কেন্দ্র সরকার সোমবার জানিয়েছে, প্রভাবিত যাত্রীদের নিরাপত্তা ও স্বাচ্ছন্দ্য নিশ্চিত করতে বিমান সংস্থা, বিমানবন্দর কর্তৃপক্ষ, নিয়ন্ত্রক সংস্থা এবং বিদেশ মন্ত্রকের সঙ্গে নিয়মিত সমন্বয় রাখা হচ্ছে।

এই পরিস্থিতি পর্যালোচনায় অসামরিক বিমান পরিবহণমন্ত্রী রামমোহন নাইডুর সভাপতিত্বে এক উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন অসামরিক বিমান পরিবহণ সচিব সমীর কুমার সিনহা এবং মন্ত্রকের শীর্ষ আধিকারিকরা। অসামরিক বিমান পরিবহণ মন্ত্রক জানিয়েছে, মধ্যপ্রাচ্যের কিছু অংশে আকাশপথ পরিস্থিতির ☛ ৬ এর পাতায় দেখুন

## রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে সতর্ক থাকার নির্দেশ কেন্দ্রের

**নয়াদিল্লি, ২ মার্চ (আইএএনএস)।।** মধ্যপ্রাচ্যে ক্রমবর্ধমান সংঘাতের প্রেক্ষিতে দেশের সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে সতর্ক থাকার নির্দেশ দিল স্বরাষ্ট্র মন্ত্রণালয় (এমএইচএ)। সোমবার পাঠানো এক চিঠিতে আইনশৃঙ্খলা পরিস্থিতির উপর নজরদারি বাড়ানোর পরামর্শ দেওয়া হয়েছে।

মন্ত্রকের তরফে জানানো হয়েছে, ইরানকে সমর্থন করে বা বিরোধিতা করে সংগঠিত যে কোনও বিক্ষোভের উপর ঘনিষ্ঠ নজর রাখতে হবে এবং সেগুলি যেন জনশৃঙ্খলা বিঘ্নিত না করে, তা নিশ্চিত করতে হবে। সম্ভাব্য অশান্তি এড়াতে আগাম সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ এবং গোয়েন্দা তথ্যের উপর নিবিড় নজর রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

চিঠিতে আশঙ্কা প্রকাশ করা হয়েছে, কিছু অসাধু চক্র পরিস্থিতিকে কাজে লাগিয়ে অস্থিরতা সৃষ্টির চেষ্টা করতে পারে। বিক্ষোভকে আড়াল হিসেবে ব্যবহার ☛ ৬ এর পাতায় দেখুন




## বিশালগড়ে পঞ্চায়েত সদস্যের উপর হামলা, গুরুতর জখম

**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ২ মার্চ।।** বিশালগড় রঘুনাথপুর রাজপথের দাসপাড়ায় চাঞ্চল্যকর হামলার ঘটনায় গুরুতর আহত হলেন বিজেপির স্থানীয় নেতা ও পঞ্চায়েত সদস্য জসীম আহম্মেদ। অভিযোগ পূর্বপরিকল্পিতভাবে একদল দুষ্কৃতী তাঁর উপর আক্রমণ চালায়। হামলায় তাঁর একটি পা ভেঙে যায় বলে জানা গেছে স্থানীয় সূত্রে খবর ঘটনার সময় জসীম আহম্মেদের সঙ্গে রফিক নামে আরও এক ব্যক্তি ছিলেন।



অভিযোগ নোয়াপাড়া এলাকার কিছু ব্যক্তির সঙ্গে তাদের বাগবিতণ্ডা ও মারধরের ঘটনা ঘটে। এরপর পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে এবং হামলার ঘটনা ঘটে বলে দাবি গুরুতর আহত অবস্থায় জসীম আহম্মেদকে দ্রুত উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়। বর্তমানে তাঁর চিকিৎসা চলছে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়েছে।

স্থানীয় বাসিন্দারা দোষীদের দ্রুত গ্রেফতার ও কঠোরশাস্তির দাবিজানিয়েছেন পুলিশ জানিয়েছে ঘটনার প্রকৃত কারণ খতিয়ে দেখা হচ্ছে রাজনৈতিক বিরোধ নাকি ব্যক্তিগত শত্রুতার জেরে এই হামলা তা তদন্তের পরই স্পষ্ট হবে। এলাকায় অতিরিক্ত নিরাপত্তা মোতায়েন করা হয়েছে। প্রশাসনের পক্ষ থেকে আশ্বাস দেওয়া হয়েছে দোষীদের চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

### ছুটি

দোল পূর্ণিমা উপলক্ষ্যে আজ মঙ্গলবার জাগরণ ও রেণবো প্রিন্টিং ওয়ার্কস-এর সকল কর্মীদের ছুটি। তাই, বুধবার এই পত্রিকা প্রকাশিত হবে না।

## কমলপুর বামনেতার বাড়িতে অগ্নিসংযোগ রাবার বাগান ধ্বংস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ মার্চ ।।** কমলপুর মহকুমার সালেমা থানার অন্তর্গত জয়ন্তী বাজার এলাকায় রবিবার গভীররাতে দুষ্কৃতীদের তাণ্ডবে চাঞ্চল্য ছড়ায়। অভিযোগ, সিপিআই(এম)-এর সালেমা অঞ্চল কমিটির সদস্য নারায়ণ নমশূদ্রের বাড়িতে আগুন ধরিয়ে দেয় দুষ্কৃতীরা। পাশাপাশি তার রাবার বাগানে ব্যাপক ভাঙচুর চালিয়ে প্রায় তিনশত পরিণত রাবার গাছ কেটে ফেলে এবং সেগুলিতে আগুন ধরিয়ে দেওয়া হয়। ঘটনার পর এলাকায় আতঙ্কের পরিবেশ সৃষ্টি হয়। স্থানীয় ☛ ৬ এর পাতায় দেখুন

## উত্তরপূর্ব বাংলাদেশে ঘূর্ণাবর্ত,প্রভাব ত্রিপুরায়

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ মার্চ ।।** উত্তরপূর্ব বাংলাদেশ এবং সংলগ্ন মেঘালয়ের উপরিস্থিত বায়ুমণ্ডলে একাধিক ঘূর্ণাবর্তের প্রভাব অব্যাহত রয়েছে। এর প্রভাবে ত্রিপুরায় আজ দিনভর আকাশ মেঘাচ্ছন্ন থাকবে বলে জানিয়েছে আবহাওয়া দফতর।

আবহাওয়া দফতরের তরফ থেকে বিবৃতি জারি করে জানানো হয়েছে, উত্তর-পূর্ব বাংলাদেশ ও সংলগ্ন মেঘালয়ের ওপর সমুদ্রপৃষ্ঠ থেকে ☛ ৬ এর পাতায় দেখুন

## আমবাসায় খুনের মামলায় খুনীর যাবজ্জীবন কারাদন্ড

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ মার্চ ।।** ধলাই জেলার আমবাসা আদালতে খুনের মামলায় এক ব্যক্তিকে দোষী সাব্যস্ত করে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ডের নির্দেশ দেওয়া হয়েছে। ০২ মার্চ ২০২৬ তারিখে আমবাসার অতিরিক্ত জেলা ও সেশনস বিচারক রায় ঘোষণা করেন।

দোষী সাব্যস্ত ব্যক্তির নাম নীলা ত্রিপুরা (৪৩), পিতা প্রয়াত প্রমানন্দ বৈষ্ণব। তিনি রাইশ্যাবাড়ি থানাধীন প্রসন্ন রোয়াজা পাড়া, বাওয়ালখালি এলাকার বাসিন্দা। আদালত তাকে ভারতীয় দণ্ডবিধির ৩০২ ধারায় দোষী সাব্যস্ত করে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড প্রদান করেন। পাশাপাশি তাকে ১০, ০০০ টাকা অর্থদণ্ডে দণ্ডিত করা হয়। অর্থদণ্ড অনাদায়ে আরও ৬ মাসের সশ্রম কারাদণ্ড ভোগ করতে হবে বলে আদালত নির্দেশ দিয়েছেন। এই রায়টি ☛ ৬ এর পাতায় দেখুন




আজ দোল উৎসব

## শহরে রঙের বাজারে অর্গানিক আবিরের চাহিদা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ মার্চ ।।** আগামীকাল দোল পূর্ণিমা। তার আগেই রঙের উৎসবকে ঘিরে জমজমাট রাজধানী আগরতলার বাজার। শহরের বিভিন্ন প্রান্তে ছোট-বড় দোকান থেকে অস্থায়ী স্টলসব জায়গাতেই রঙিন আবির, পিচকারি এবং নানান ধরনের রঙে সেজে উঠেছে বাজার চত্বর। দোলকে কেন্দ্র করে ব্যবসায়ীরাও নানা ধরনের রঙ, আবির, জলরঙ, গুলাল ও আকর্ষণীয় ডিজাইনের পিচকারি নিয়ে পসরা সাজিয়ে বসেছেন। শিশুদের জন্য কার্টুন-থিমযুক্ত পিচকারি, ট্যাংক-স্টাইলের জলবন্দুক থেকে শুরু করে বড়দের জন্য বিভিন্ন ব্র্যান্ডের প্রিমিয়াম রঙসবকিছুই মিলছে বাজারে।

রাজধানী আগরতলার গোলবাজার, হকার্স কর্নার ও অন্যান্য বাণিজ্যিক এলাকায় সকাল থেকেই ক্রেতাদের ভিড় চোখে পড়েছে। আট থেকে আশিসব বয়সের মানুষই উৎসবের রঙে নিজেকে রাঙাতে বাজারে হাজির হচ্ছেন। বিশেষ করে শিশু-কিশোরদের উৎসাহ ছিল চোখে পড়ার মতো। এবারের বাজারে অর্গানিক বা প্রাকৃতিক উপাদানে তৈরি রঙের চাহিদা তুলনামূলকভাবে বেশি। স্বাস্থ্য ও ত্বকের সুরক্ষার কথা মাথায় রেখে অনেকেই রাসায়নিক রঙ এড়িয়ে চলছেন। সেই চাহিদার কথা মাথায় রেখেই ব্যবসায়ীরাও বিভিন্ন মানসম্মত অর্গানিক আবির ও গুলালের সম্ভার সাজিয়েছেন। বিক্রেতাদের দাবি, গত কয়েক বছরে অর্গানিক রঙের প্রতি মানুষের সচেতনতা উল্লেখযোগ্যভাবে বেড়েছে।

ব্যবসায়ীরা জানিয়েছেন, হোলির আগে পর্যন্ত বিক্রি আরও বাড়বে বলে আশা করা হচ্ছে। প্রশাসনের পক্ষ থেকেও শান্তিপূর্ণ ও নিরাপদভাবে উৎসব উদযাপনের আহ্বান জানানো হয়েছে। সব মিলিয়ে দোল পূর্ণিমাকে ঘিরে রঙিন উচ্ছ্বাসে মাতোয়ারা আগরতলার বাজার, এখন শুধু অপেক্ষা রঙের উৎসবের দিনটির।




জাগরণ
আগরতলা,৩ মার্চ, ২০২৬ ইং
১৮ ফাল্গুন, মঙ্গলবার,১৪৩২ বঙ্গাব্দ

# আজ দোল যাত্রা উৎসব

দোলযাত্রা বা দোল উৎসব হইলো বাঙালি সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম প্রধান একটি ধর্মীয় ও সামাজিক উৎসব। মূলত বসন্তের আগমনে এই উৎসব পালিত হয় বলিয়া একে "বসন্তোৎসব" বলা হয়। দোল উৎসবের পেছনে প্রধানত দুটি পৌরাণিক কাহিনী প্রচলিত রহিয়াছে। এই দিনটিতে ভগবান শ্রীকৃষ্ণ বৃন্দাবনে রাধিকা ও অন্যান্য গোপিনীদের সঙ্গে আবির ও রঙ খেলায় মাতিয়া উঠিয়াছিলেন। এটি পবিত্র প্রেমের প্রতীক হিসেবে দেখা হয়।ভারতের অন্যান্য প্রান্তে এই উৎসবের আগের দিন "হোলিকা দহন" বা ন্যাড়াপোড়া পালন করা হয়। এটি অশুভ শক্তির বিনাশ এবং শুভ শক্তির জয়ের প্রতীক।ফাল্গুন মাসের পূর্ণিমা তিথিতে এই উৎসব পালিত হয়। এটি কেবল রঙের উৎসব নয়, বরং এর পেছনে গভীর সামাজিক ও ঋতুভিত্তিক কারণ রহিয়াছে। শীতের রুক্ষতা কাটিয়ে প্রকৃতির নতুন রূপে জাগিয়া ওঠাকে বরণ করিয়া নেওয়া।জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে মানুষের মধ্যে ভ্রাতৃত্ববোধ ও সম্প্রীতি স্থাপন করা। এই দিনে শ্রীকৃষ্ণ ও রাধিকার বিগ্রহকে দোলনায় (দোলা) বসাইয়া পূজা করা হয় এবং আবির নিবেদন করা হয়। ঘরে ঘরে মালপোয়া, পায়েসসহ বিভিন্ন মিষ্টি তৈরি করা হয়।এটি মূলত বাঙালি সংস্কৃতি ও বৈষ্ণব ধর্মের সঙ্গে যুক্ত। এখানে শ্রীকৃষ্ণের পূজা প্রাধান্য পায়।শ্রীচৈতন্য মহাপ্রভুর জন্মতিথিও এই দোল পূর্ণিমার দিনে, তাই বৈষ্ণব ভক্তদের কাছে এই দিনটি "গৌর পূর্ণিমা" হিসেবেও অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

বসন্তের মাতাল হাওয়ায় আবির খেলার দিন সমাগত। বাঙালির বারো মাসে তেরো পার্বণের অন্যতম শ্রেষ্ঠ উৎসব দোলযাত্রা বা হোলি। অশুভ শক্তির বিনাশ আর প্রীতির বন্ধন দৃঢ় করিবার এই উৎসবে মাতিয়া উঠিতে শুরু হইয়া গেছে প্রস্তুতি। তবে কেবল আবির আর রঙেই নয়, উৎসবের আনন্দ পূর্ণতা পায় প্রিয়জনদের পাঠানো আন্তরিক শুভেচ্ছাবার্তায়।ফাল্গুনী পূর্ণিমার এই তিথিটি কেবল রঙের উৎসব নয়, এটি মিলনের উৎসব। পুরাণ মতে, এই দিনেই শ্রীকৃষ্ণ ও রাধিকা বৃন্দাবনে আবির খেলায় মাতিয়াছিলেন। অন্যদিকে, হোলিকা দহনের মাধ্যমে সমাজ থেকে সমস্ত অশুভ শক্তি ও অন্ধকারকে দূরে সরাইয়া দেওয়ার অঙ্গীকার করা হয়। বর্তমানের এই ডিজিটাল যুগে উৎসবের আনন্দ ভাগ করিয়া নেওয়ার প্রথম ধাপ হইলো সোশ্যাল মিডিয়ায় একটি সুন্দর শুভেচ্ছাবার্তা।উৎসবের দিনটি কাটে হইহুল্লোড় আর রঙের নেশায়। তাই প্রিয়জনদের শান্তিতে এবং সবার আগে মনের কথা জানাইতে আজকের দিনটিই প্রশস্ত। আপনার একটি ছোট বার্তা দূরত্বের দেওয়াল ভাঙিয়া দিয়া সম্পর্কের রঙকে আরও গাঢ় করিয়া তুলিতে পারে। দোলযাত্রা মানেই ভেদাভেদ ভুলিয়া যাওয়ার দিন। লাল, নীল, হলুদ আর সবুজ আবিরের ধুলোয় মিশে যাক সব তিক্ততা। আপনি যেখানেই থাকুন না কেন, আপনার হৃদয়ের উষ্ণতা পৌঁছে দিন মেসেজ বা ফোনের মাধ্যমে। আজকের এই ডিজিটাল শুভেচ্ছাই হোক আগামিকালের রঙিন উৎসবের প্রথম ধাপ। দোল পূর্ণিমা এবং হোলি উভয়ই রঙের উৎসব হইলেও, দোল পূর্ণিমা মন্দিরের আচার-অনুষ্ঠান, শোভাযাত্রা এবং তাহাদের প্রতিমার জন্য দোলনার মাধ্যমে ভগবান কৃষ্ণ এবং রাধার প্রতি ভক্তির উপর বেশি মনোযোগী।রঙের উচ্ছ্বাস আর ভক্তির আবিরহোলি ও দোল পূর্ণিমা একসঙ্গে বয়ে আনে আনন্দ, মিলন আর নতুন শুরুর বার্তা। কখনও শ্রীকৃষ্ণের লীলার রঙ, কখনও গৌরাঙ্গের প্রেমভক্তিএই উৎসব আমাদের শেখায় হৃদয়কে রাঙাতে। বসন্তের আবিরে রাঙা হোলি ও দোল পূর্ণিমা শুধু রঙের উৎসব নয়, এটি মিলন, ভক্তি ও ভালোবাসার এক অনন্য উদযাপন। এই দিনে রঙের ছোঁয়ায় মুছিয়া যায় দূরত্ব, জাগিয়া ওঠে আনন্দের নতুন সুর। শ্রীকৃষ্ণের লীলা ও গৌরাঙ্গ মহাপ্রভুর প্রেমভক্তির আবহে উৎসব পায় আলাদা মাত্রা।

# ভোটার তালিকায় 'বিচারাধীন' নিয়ে বিতর্কের মাঝে যুবকের স্ট্রোকে মৃত্যু, উত্তপ্ত বীরভূম

কলকাতা, ২ মার্চ (আইএএনএস) : পশ্চিমবঙ্গের বীরভূম জেলার সিউড়ি মহকুমার ধল্লা গ্রামে ২৮ বছরের এক যুবকের স্ট্রোকে মৃত্যুকে ঘিরে রাজনৈতিক বিতর্ক দানা বেঁধেছে। পরিবারের অভিযোগ, বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) প্রক্রিয়ার পর প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকায় তাঁর নাম 'বিচারাধীন' বিভাগে পড়ায় তিনি মানসিক চাপে ছিলেন।

মৃত যুবকের নাম শেখ কামরুল (২৮)। তিনি চুক্তিভিত্তিক কর্মী ছিলেন এবং পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। পরিবারে রয়েছেন বৃদ্ধ বাবা-মা, স্ত্রী ও দুই নাবালক সন্তান।

পরিবারের দাবি, চূড়ান্ত ভোটার তালিকায় তাঁর স্ত্রীর নাম 'অনুমোদিত' বিভাগে থাকলেও কামরুলের নাম 'বিচারাধীন' বিভাগে রাখা হয়। বিষয়টি জানার পর থেকেই তিনি উদ্বিগ্ন হয়ে পড়েন। রবিবার রাতে বাড়ি ফেরার সময় তাঁকে চিন্তিত দেখাচ্ছিল বলে পরিবারের সদস্যরা জানান।

কামরুলের মা জানান, এসআইআর প্রক্রিয়া নিয়ে আমার ছেলে অনেক দিন ধরেই চাপে ছিল। মাথাব্যথায় ভুগছিল। রবিবার রাতে অবস্থার অবনতি হলে তাকে সিউড়ি সদর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। চিকিৎসকেরা বলেন, ওর স্ট্রোক হয়েছে। পরে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়। কিন্তু সেখানে নিয়ে যাওয়ার আগেই ও মারা যায়। ঘটনার পর সোমবার ধল্লা গ্রামে উত্তেজনা ছড়িয়ে পড়ে।

শাসক দল তৃণমূল কংগ্রেস অভিযোগ করেছে, এসআইআর প্রক্রিয়াকে কেন্দ্র করে তৈরি হওয়া আতঙ্ক ও মানসিক চাপই এই মৃত্যুর জন্য দায়ী। সিউড়ি ১ নম্বর পঞ্চায়েত সমিতির কার্যনির্বাহী আধিকারিক আরিফ হোসেন শোকাহত পরিবারের বাড়িতে যান। তিনি দাবি করেন, ধল্লা গ্রামের ২৩০ জন বাসিন্দার নাম 'বিচারাধীন' বিভাগে রাখা হয়েছে। আরিফ হোসেন বলেন, গ্রামের মানুষ আতঙ্কিত। একজন কর্মক্ষম যুবকের মৃত্যু হয়েছে। এর দায় নির্বাচন কমিশনকে নিতে হবে, বিজেপিও দায় এড়াতে পারে না। তিনি জানান, দল মৃতের পরিবারের পাশে থাকবে।

অন্যদিকে, বিজেপি অভিযোগ উড়িয়ে দিয়েছে। স্থানীয় এক বিজেপি নেতা বলেন, মৃত্যু দুঃখজনক, কিন্তু অসুস্থতাজনিত মৃত্যুকে রাজনৈতিক রং দেওয়া আরও দুর্ভাগ্যজনক। ঘটনাকে কেন্দ্র করে জেলা রাজনীতিতে নতুন করে উত্তেজনা তৈরি হয়েছে।

# রাজস্থান বিজেপির ১৫৪ সদস্যের রাজ্য কার্যসমিতি ঘোষণা, প্রাক্তন কংগ্রেস নেতাদের অন্তর্ভুক্তি

জয়পুর, ২ মার্চ (আইএএনএস) : রাজস্থান প্রদেশ বিজেপি সোমবার ১৫৪ সদস্যের নতুন রাজ্য কার্যসমিতির ঘোষণা করেছে। এর আগে রাজ্য পদাধিকারীদের নিয়োগ সম্পন্ন হয়। নতুন কার্যসমিতিতে ১২ জন স্থায়ী আমন্ত্রিত সদস্য রয়েছেন এবং রাজ্যের বিভিন্ন প্রান্তের একাধিক বিশিষ্ট নেতাকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

বিশেষভাবে লক্ষণীয়, পূর্বে কংগ্রেসের সঙ্গে যুক্ত ছিলেন এমন তিন নেতাকে নতুন কার্যসমিতিতে জায়গা দেওয়া হয়েছে, যারা পরবর্তীতে বিজেপিতে যোগ দেন। জয়পুর শহর থেকে বিশেষ আমন্ত্রিত সদস্য হিসেবে প্রাক্তন মন্ত্রী লালচাঁদ কাটারিয়ার নাম ঘোষণা করা হয়েছে। তিনি প্রাক্তন মুখ্যমন্ত্রী অশোক গেহলট-এর নেতৃত্বাধীন সরকারের সময় মন্ত্রী ছিলেন।

প্রাক্তন জয়পুর মেয়র জ্যোতি খান্ডেলওয়ালকে রাজ্য কার্যসমিতির সদস্য করা হয়েছে। ধোলপুরের প্রাক্তন বিধায়ক গিররাজ সিং মালিঙ্গাকেও কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। অতীতে এক সহকারী ও এক জুনিয়র ইঞ্জিনিয়ারকে মারধরের অভিযোগে তাঁর নাম উঠে এসেছিল।

কার্যসমিতিতে মুখ্যমন্ত্রী ভজন লাল শর্মা, প্রাক্তন মুখ্যমন্ত্রী বসুন্ধরা রাজে, রাজ্যসভা সাংসদ ও কেন্দ্রীয় মন্ত্রী রবনীত সিং বিট্টু-সহ অন্যান্য কেন্দ্রীয় মন্ত্রী, প্রাক্তন রাজ্য সভাপতি এবং প্রাক্তন বিরোধী দলনেতা রাজেন্দ্র রাঠোরের নাম রয়েছে। মোট ২০ জন মহিলা নেত্রীকে কার্যসমিতিতে প্রতিনিধিত্ব দেওয়া হয়েছে। এছাড়া প্রতিটি জেলা থেকে প্রতিনিধিত্ব নিশ্চিত করে আঞ্চলিক ভারসাম্য বজায় রাখার চেষ্টা করেছে দল। দীর্ঘ বিরতির পর প্রাক্তন কংগ্রেস নেতাদের রাজ্য স্তরে অন্তর্ভুক্ত করা দলীয় সাংগঠনিক বিস্তারের অংশ বলেই মনে করা হচ্ছে। রাজ্য কার্যসমিতি দলীয় সংগঠনকে শক্তিশালী ও সম্প্রসারণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং রাজ্য সংক্রান্ত গুরুত্বপূর্ণ প্রস্তাব পাস করে। দলীয় নিয়ম অনুযায়ী বছরে অন্তত একটি বৈঠক করা বাধ্যতামূলক। ঘোষণার পর নবগঠিত কার্যসমিতির প্রথম বৈঠক শিগগিরই অনুষ্ঠিত হতে পারে। সেখানে সাংগঠনিক সম্প্রসারণই প্রধান আলোচ্য বিষয় হওয়ার সম্ভাবনা রয়েছে। বর্তমানে রাজস্থানে বিজেপির ৪৪টি সাংগঠনিক জেলা রয়েছে, যা গঠিত হয়েছিল যখন রাজ্যে প্রশাসনিক জেলার সংখ্যা ছিল ৩৩। বর্তমানে নতুন আটটি জেলা গঠনের পর প্রশাসনিক জেলার সংখ্যা বেড়ে ৪১ হওয়ায় আসন্ন বৈঠকে দলীয় কাঠামোর পুনর্গঠন ও সম্প্রসারণের প্রস্তাব অনুমোদিত হতে পারে। এই ঘোষণা রাজস্থানে বিজেপির সাংগঠনিক নেটওয়ার্ক আরও মজবুত করার প্রচেষ্টায় একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে বিবেচিত হচ্ছে।

# আত্মনির্ভরতা ও রপ্তানি স্থিতিস্থাপকতার অগ্রযাত্রা: আন্তর্জাতিক পরিসরে ভারতের ক্রমবর্ধমান উপস্থিতি

নয়াদিল্লি, ০২ মার্চ, ২০২৬

মূল প্রাপ্তিসমূহ

২০২৫-২৬-এর এপ্রিল-জানুয়ারি সময়কালে মোট রপ্তানি ৭২০.৭৬ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছেছে (বার্ষিক ৬.১৫% বৃদ্ধি)

একই সময়ে পরিষেবা রপ্তানি ৩৫৪.১৩ বিলিয়ন মার্কিন ডলার (বার্ষিক ১০.৫৭% বৃদ্ধি)

বৈদ্যুতিন সামগ্রী, যানবাহন, ওষুধ ও প্রতিরক্ষা উৎপাদনসহ বিভিন্ন ক্ষেত্রে লক্ষ্যভিত্তিক নীতিগত সহায়তায় সম্প্রসারিত হচ্ছে

এক্সপোর্ট প্রমোশন মিশনের মতো প্রাতিষ্ঠানিক সংস্কার বাণিজ্য অর্থায়ন, লজিস্টিক্স, কমপ্লায়েন্স ও বাজার সম্প্রসারণকে শক্তিশালী করছে

কেন্দ্রীয় বাজেট ২০২৬-২৭ কৌশলগত উৎপাদন বৃদ্ধির মাধ্যমে রপ্তানি প্রতিযোগিতা জোরদারে গুরুত্বারোপ করেছে

ভূমিকা

কোভিড-পরবর্তী সময়ে ভারত একটি দ্রুত বর্ধনশীল প্রধান অর্থনীতি হিসাবে আত্মপ্রকাশ করেছে, যা অভ্যন্তরীণ শক্তিকে কাজে লাগিয়ে আন্তর্জাতিক অনিশ্চয়তা মোকাবিলা করছে। অর্থনৈতিক সমীক্ষা ২০২৫-২৬ অনুযায়ী, শক্তিশালী ব্যাঙ্কিং ব্যবস্থা, কার্যকর ঋণ প্রবাহ, পর্যাপ্ত বৈদেশিক মুদ্রা ভান্ডার এবং স্বস্তিদায়ক চলতি হিসাবের ভারসাম্যের ভিত্তিতে ভারতের প্রবৃদ্ধি "বিশ্বের কাছে ঈর্ষণীয়"।

এদিকে, আন্তর্জাতিক বাণিজ্য ব্যবস্থায় নীতি-অনিশ্চয়তা সূচকের ওঠানামা লক্ষ্য করা গেছে। এই প্রেক্ষাপটে ভারত স্থিতিস্থাপক সরবরাহ শৃঙ্খল গঠন এবং বহুমুখী বাণিজ্য ও বিনিয়োগ অংশীদারিত্ব সম্প্রসারণে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেছে।

গুরুত্বপূর্ণ ক্ষেত্রে লক্ষ্যভিত্তিক আমদানি প্রতিস্থাপন নীতির পাশাপাশি রপ্তানিমুখী কৌশল গ্রহণের মাধ্যমে দীর্ঘমেয়াদে প্রতিযোগিতামূলক অবস্থান সুদৃঢ় করা হচ্ছে।

উৎপাদন ক্ষেত্রে নবজাগরণ : দেশীয় সক্ষমতা নির্মাণ 'স্বদেশি' ও 'আত্মনির্ভরতা' ভাবনার ভিত্তিতে বিভিন্ন শিল্পে লক্ষ্যভিত্তিক প্রোৎসাহন ব্যবস্থা, বিনিয়োগ ও সংস্কার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। 'মেক ইন ইন্ডিয়া' ও 'প্রোডাকশন লিঙ্কড ইনসেনটিভ' বা উৎপাদন সংযুক্ত উৎসাহবর্ধক-এর মতো উদ্যোগ উৎপাদন ক্ষেত্রে রূপান্তরমূলক পরিবর্তন এনেছে।

বৈদ্যুতিন পন্য ক্ষেত্রে সাফল্য

ভারতের বৈদ্যুতিন পন্য উৎপাদন ২০১৪-১৫ অর্থবছরে ১.৯ লক্ষ কোটি টাকা থেকে ২০২৪-২৫ অর্থবছরে ১১.৩ লক্ষ কোটি টাকায় পৌঁছেছে - প্রায় ছয় গুণ বৃদ্ধি।

২০২০-২১ সাল থেকে বৈদ্যুতিন সরঞ্জাম উৎপাদনে ৪ বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ এসেছে। গত এক দশকে এই ক্ষেত্রে প্রায় ২৫ লক্ষ কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।

মোবাইল উৎপাদন ক্ষেত্রে উৎপাদন মূল্য ১৮,০০০ কোটি টাকা থেকে ৫.৪৫ লক্ষ কোটি টাকাতে উন্নীত হয়েছে - ২৮ গুণ বৃদ্ধি। বর্তমানে, ভারত বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মোবাইল ফোন উৎপাদক দেশ, যেখানে ৩০০-র বেশি উৎপাদন ইউনিট কার্যকর রয়েছে।

বাজেট ২০২৬-২৭-এ 'ইন্ডিয়া সেমিকন্ডাক্টর মিশন ২.০' চালুর ঘোষণা করা হয়েছে। পাশাপাশি, ৪০,০০০ কোটি টাকা বরাদ্দ-সহ ইলেকট্রনিক্স কম্পোনেন্টস ম্যানুফ্যাকচারিং স্কিম সম্প্রসারণ করা হয়েছে।

ভারত ইতোমধ্যে ছয়টি রাজ্যে ১০টি সেমিকন্ডাক্টর প্রকল্প অনুমোদন করেছে, যার মোট বিনিয়োগ প্রায় ১.৬ লক্ষ কোটি টাকা।

অটোমোবাইল শিল্পের অগ্রগতি

ভারত বর্তমানে বিশ্বের বৃহত্তম দুই ও তিন-চাকাবিশিষ্ট যানবাহনের বাজার এবং যাত্রী ও বাণিজ্যিক যানবাহনে তৃতীয় বৃহত্তম।

আর্থিক বছর ২০২১-এর ২২,৬৫২ হাজার ইউনিট উৎপাদন থেকে আর্থিক বছর ২০২৫-এ বেড়ে ৩১,০২৮ হাজার ইউনিট হয়েছে। একই সময়ে দেশীয় বিক্রি ১৮,৬২০ হাজার ইউনিট থেকে ২৫,৬০৭ হাজার ইউনিটে উন্নীত হয়েছে।

গত এক দশকে উৎপাদনে প্রায় ৩৩% বৃদ্ধি লক্ষ্য করা গেছে।

"ফার্মেসি অফ দ্য ওয়ার্ল্ড" হিসাবে ভারতের অবস্থান

ভারত বিশ্বের তৃতীয় বৃহত্তম ওষুধ উৎপাদক (পরিমাণের ভিত্তিতে) এবং একাদশ বৃহত্তম (মূল্যের ভিত্তিতে)।

অর্থনৈতিক বছর ২০২৫-এ এই ক্ষেত্রের বার্ষিক ব্যবসার পরিমাণ মোট ৪.৭২ লক্ষ কোটি টাকা।

অ্যাক্টিভ ফার্মাসিউটিক্যাল ইনগ্রেডিয়েন্ট উৎপাদনে দেশীয় সক্ষমতা জোরদার করা হয়েছে, ফলে আমদানি নির্ভরতা হ্রাস পাচ্ছে।

প্রতিরক্ষা উৎপাদনে আত্মনির্ভরতা

বর্তমানে ভারতের প্রতিরক্ষা সরঞ্জামের অন্তত ৬৫% দেশেই উৎপাদিত হচ্ছে।

দেশীয় প্রতিরক্ষা উৎপাদন অর্থবর্ষ ২০১৫ -এর ৪৬,৪২৯ কোটি টাকা থেকে আর্থবর্ষ ২০২৫-এ ১.৫৪ লক্ষ কোটি টাকায় উন্নীত হয়েছে।

২০২৯ সালের মধ্যে ৩ লক্ষ কোটি টাকা প্রতিরক্ষা উৎপাদন এবং ৫০,০০০ কোটি টাকা রপ্তানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

অর্থবর্ষ ২০২৫-এ প্রতিরক্ষা রপ্তানি ২৩,৬২২ কোটি টাকাতে পৌঁছেছে, যা ২০১৪ সালের তুলনায় বহুগুণ বৃদ্ধি।

রপ্তানি স্থিতিস্থাপকতা ও বহুমুখীকরণ

এপ্রিল-জানুয়ারি ২০২৫-২৬ সময়ে মোট রপ্তানি ৭২০.৭৬ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছেছে।

পণ্য রপ্তানি

উল্লেখযোগ্য প্রবৃদ্ধি লক্ষ্য করা গেছে উল্লিখিত ক্ষেত্রে-

অন্যান্য শস্য (৮৮.৪৯%)

কফি (৩৬.০৩%)

লৌহ আকরিক (৩১.৫৪%)

সামুদ্রিক পণ্য (১৩.২৯%)

প্রকৌশল পণ্য (১০.৩৭%)

বৈদ্যুতিন পন্যের রপ্তানি দ্রুত বৃদ্ধি পেয়ে অর্থবর্ষ ২০২৫-এ তৃতীয় বৃহত্তম রপ্তানি ক্ষেত্রে পরিণত হয়েছে।

২০২৫-২৬ অর্থবছরের প্রথম পাঁচ মাসে স্মার্টফোন রপ্তানি ১ লক্ষ কোটি টাকায় পৌঁছেছে।

পরিষেবা রপ্তানি

অর্থবর্ষ ২০২৫ এ পরিষেবা রপ্তানি ৩৮৭.৫ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছে সর্বোচ্চ স্তরে পৌঁছেছে (১৩.৬% বৃদ্ধি)। পরিষেবা বাণিজ্য উদ্বৃত্ত ১৮৮.৮ বিলিয়ন মার্কিন ডলার।

২০২৫-২৬-এর এপ্রিল-জানুয়ারি সময়কালে পরিষেবা রপ্তানি ৩৫৪.১৩ বিলিয়ন মার্কিন ডলার (১০.৫৭% বৃদ্ধি)।

উপসংহার ভারতের অভিজ্ঞতা প্রমাণ করে যে কৌশলগত পরিকল্পনার মাধ্যমে আমদানি প্রতিস্থাপন ও রপ্তানি সম্প্রসারণ একসঙ্গে অগ্রসর হতে পারে। মোবাইল ফোন, ওষুধ, অটোমোবাইল বা যানবাহন ও প্রতিরক্ষা ক্ষেত্রে দেশীয় উৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে আন্তর্জাতিক বাজারেও ভারতের অবস্থান শক্তিশালী হয়েছে। 'বিকশিত ভারত ২০৪৭'-এর লক্ষ্যে আত্মনির্ভরতা ও আন্তর্জাতিক সংযুক্তি পরস্পর পরিপূরক ভূমিকা পালন করবে। এর ফলে, 'মেড ইন ইন্ডিয়া' পণ্যের সম্প্রসারণ, কর্মসংস্থান সৃষ্টি, প্রবৃদ্ধির গতি বৃদ্ধি এবং বিশ্বব্যাপি উৎপাদন ও রপ্তানি কেন্দ্র হিসেবে ভারতের অবস্থান আরও সুদৃঢ় হবে।

# মধ্যপ্রাচ্যে উত্তেজনার মধ্যে দোহায় আটকে ছেলে, উদ্বেগে বিহারের সাহারসার দুই পরিবার

সাহারসা (বিহার), ২ মার্চ (আইএএনএস) : মধ্যপ্রাচ্যে ইসরায়েল—ইরান সংঘাত তীব্র আকার ধারণ করায় বিহারের সাহারসা জেলার দুই পরিবার গভীর উদ্বেগে দিন কাটাচ্ছে। তাঁদের দুই ছেলে অমিত কুমার চৌহান ও কেশব কুমার বর্তমানে কাতারের রাজধানী দোহাতে পরিবারের সঙ্গে অবস্থান করছেন।

পরিবারের সদস্যরা জানিয়েছেন, সংঘাতের খবর বাড়তে থাকায় তাঁদের দুশ্চিন্তা চরমে পৌঁছেছে। বিদেশে থাকা ছেলে ও নাতি-নাতনিদের নিরাপত্তা নিয়ে তাঁরা শঙ্কিত।

একজন অভিভাবক আবেগঘন কণ্ঠে বলেন, যেকোনো উপায়ে আমার ছেলেকে নিরাপদে ভারতে ফিরিয়ে আনার ব্যবস্থা করা হোক। সেখানে আমার ছেলে, পুত্রবধূ, নাতি-নাতনি সবাই রয়েছে। গত রাতে শেষবার কথা হয়েছে।

অন্য এক অভিভাবক জানান, তাঁর ছেলে গত দুই বছর ধরে দোহায় কর্মরত এবং কাতার এয়ারওয়েজ-এ কাজ করছেন। তিনি বলেন, যুদ্ধের খবর পাওয়ার পর থেকেই আমরা খুব ভয় পেয়ে গেছি। কী হবে জানি না। সে সেখানে নিরাপদে থাকুক বা নিরাপদে দেশে ফিরুক, আমাদের একমাত্র চাওয়া সেটাই।

তিনি আরও জানান, সাম্প্রতিক কথোপকথনে তাঁর ছেলে আশ্বস্ত করেছেন যে তিনি আপাতত নিরাপদে আছেন। সে বলেছে, এখন কাজ বন্ধ রয়েছে এবং সে বাড়িতেই নিরাপদে আছে, বলেন ওই অভিভাবক।

মধ্যপ্রাচ্যের উত্তেজনাপূর্ণ পরিস্থিতির জেরে সাহারসার আরও বহু পরিবার উদ্বিগ্ন, যাঁদের সন্তানরা বিদেশে পড়াশোনা বা কাজের সূত্রে অবস্থান করছেন। তাঁরা পরিস্থিতির ওপর নজর রাখছেন এবং নিয়মিত যোগাযোগ বজায় রাখছেন।

হাজার হাজার কিলোমিটার দূরে থাকা প্রিয়জনদের কাছ থেকে পাওয়া সংক্ষিপ্ত ফোনকল ও আশ্বাসবাণীর ওপর ভর করেই এখন দিন কাটছে এসব পরিবারের। সংঘাত চলমান থাকায় তাঁদের একমাত্র প্রার্থনা প্রিয়জনদের নিরাপদ প্রত্যাবর্তন বা অন্তত নিরাপদে থাকা নিশ্চিত হোক।

# গৌরব গগৈ 'প্রকৃত অহম নন', মন্তব্য কেন্দ্রীয় প্রতিমন্ত্রী পবিত্র মার্গেরিটার

গুয়াহাটি, ২ মার্চ (আইএএনএস) : অসমে আসন্ন নির্বাচনী প্রেক্ষাপটে রাজনৈতিক উত্তাপের মাঝেই কংগ্রেস নেতা গৌরব গগৈ-কে ঘিরে তীব্র ব্যক্তিগত আক্রমণ শানালেন কেন্দ্রীয় বিদেশ প্রতিমন্ত্রী পবিত্র মার্গেরিটা। তিনি দাবি করেন, গগৈ প্রকৃত অহম নন এবং তাঁর পরিবার নিয়ে একাধিক প্রশ্ন তোলেন।

সোমবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে মার্গেরিটা অভিযোগ করেন, গৌরব গগৈয়ের পরিবারের তিন সদস্য বিদেশি। পাশাপাশি তিনি কংগ্রেস নেতার ধর্মীয় অবস্থান নিয়েও প্রশ্ন তোলেন এবং ইঙ্গিত দেন যে তিনি হিন্দুধর্মের প্রতি অবমাননাকর মনোভাব পোষণ করেন।

আসন্ন নির্বাচনের প্রাক্কালে চলমান রাজনৈতিক বিতর্কের মধ্যেই এই মন্তব্য করেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী। তিনি বলেন, অসমের মানুষ কংগ্রেস নেতাদের আসল পটভূমি সম্পর্কে অবগত এবং জনজীবনে পরিচয়, সংস্কৃতি ও বিশ্বাসের প্রশ্ন এড়িয়ে যাওয়া যায় না।

# কেকমাছড়ায় মরণফাঁদে পরিণত লোহার ব্রিজ, চরম দুর্ভোগে এলাকাবাসী

আগরতলা, ২ মার্চ: আমবাসা মহকুমার কেকমাছড়া পঞ্চায়েতের অন্তর্গত একটি লোহার ব্রিজ দীর্ঘদিন ধরে চরম অবহেলা ও অযত্নের শিকার হয়ে বর্তমানে কার্যত মরণফাঁদে পরিণত হয়েছে। ব্রিজটির একাধিক অংশ সম্পূর্ণভাবে ভেঙে পড়ায় এলাকাবাসীর যাতায়াতে নেমে এসেছে চরম দুর্ভোগ।

স্থানীয় সূত্রে জানা গেছে, দীর্ঘদিন ধরে ব্রিজটির রক্ষণাবেক্ষণের অভাব থাকায় ধীরে ধীরে এর বিভিন্ন অংশ দুর্বল হয়ে পড়ে। সম্প্রতি ব্রিজের কয়েকটি গুরুত্বপূর্ণ অংশ ভেঙে যাওয়ায় বাইক ও অটো চলাচল প্রায় সম্পূর্ণরূপে বন্ধ হয়ে গেছে। এমনকি পায়ে হেঁটে পারাপার করাও অত্যন্ত ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে।

এই ব্রিজটি কেকমাছড়া পঞ্চায়েতের বিভিন্ন গ্রামকে মূল সড়কের সঙ্গে সংযুক্ত করে। ফলে প্রতিদিন স্কুল-কলেজের পড়ুয়া, রোগী, চাকরিজীবী ও ব্যবসায়ীরা এই পথ ব্যবহার করেন। ব্রিজের বেহাল অবস্থার কারণে জরুরি পরিষেবাও ব্যাহত হচ্ছে বলে অভিযোগ স্থানীয়দের।

এলাকাবাসীর দাবি, একাধিকবার সংশ্লিষ্ট দপ্তরকে বিষয়টি জানানো হলেও এখনো পর্যন্ত স্থায়ী মেরামতির কোনও উদ্যোগ নেওয়া হয়নি। অবিলম্বে ব্রিজটি সংস্কার বা নতুন ব্রিজ নির্মাণের দাবি জানিয়েছেন তারা। অন্যথায় যে কোনও সময় বড়সড় দুর্ঘটনা ঘটতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন স্থানীয় বাসিন্দারা। অবিলম্বে এই লোহার ব্রিজটি মেরামত করার দাবি জানিয়েছেন এলাকাবাসীরা।

# একই রাতে পর পর তিনটি বাড়িতে দুঃসাহসিক চুরির ঘটনায় চাঞ্চল্য

আগরতলা, ২ মার্চ: উদয়পুর মহকুমার অন্তর্গত রবীন্দ্র পল্লী এলাকায় শনিবার গভীর রাতে পরপর তিনটি বাড়িতে দুঃসাহসিক চুরির ঘটনা সংঘটিত হয়েছে। এক রাতেই একাধিক বাড়িতে চুরির ঘটনায় এলাকাজুড়ে তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। আতঙ্কিত হয়ে পড়েছেন স্থানীয় বাসিন্দারা। স্থানীয় সূত্রে জানা যায়, শনিবার গভীর রাতে চোরের দল পরিকল্পিতভাবে এলাকার তিনটি বাড়িকে টার্গেট করে। এর মধ্যে সমর ধর নামে এক বাসিন্দার বাড়িতে সবচেয়ে বেশি ক্ষয়ক্ষতি হয়েছে। জানা গেছে, সমর ধর প্রায় আট দিন ধরে আগরতলায় তার মেয়ের বাড়িতে অবস্থান করছিলেন। বাড়িটি ফাঁকা থাকার সুযোগকে কাজে লাগিয়ে চোরেরা ঘরের তালা ভেঙে ভেতরে প্রবেশ করে। সেখান থেকে নগদ প্রায় ২৫ হাজার টাকা এবং প্রায় ২ ভরি স্বর্ণালংকার চুরি করে নিয়ে যায় দুষ্কৃতীরা। অন্যদিকে, চিনু বালা দাসের বাড়িতেও চোরেরা হানা দেয়। তবে ঘরে মূল্যবান কিছু না পেয়ে চোরের দল ঘরের আসবাবপত্র ও জিনিসপত্র এলোমেলো করে রেখে যায়। এছাড়াও পারমিতা গুহার বাড়িতেও চুরির ঘটনা ঘটে। তিনি বাড়িতে না থাকার সুযোগে চোরেরা বাড়িতে ঢুকে বেশ কিছু ব্যাটারি চুরি করে নিয়ে যায় বলে অভিযোগ।

রবিবার সকালে প্রতিবেশীরা বিষয়টি টের পেয়ে ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে খবর দেন। পরে খবর দেওয়া হয় রাধাকিশোর থানায়। ঘটনাস্থলে পৌঁছে পুলিশ প্রাথমিক তদন্ত শুরু করেছে। এলাকায় চোরচক্র সক্রিয় রয়েছে কিনা, তা খতিয়ে দেখা হচ্ছে।

একই রাতে পরপর তিনটি বাড়িতে চুরির ঘটনায় স্থানীয় বাসিন্দাদের মধ্যে ক্ষোভ ও আতঙ্কের সৃষ্টি হয়েছে। তাঁরা এলাকায় নিয়মিত পুলিশ টহল এবং রাতের নিরাপত্তা ব্যবস্থা জোরদারের দাবি জানিয়েছেন। পুলিশ জানিয়েছে, লিখিত অভিযোগের ভিত্তিতে মামলা রুজু করে তদন্ত শুরু করা হয়েছে। দুষ্কৃতীদের চিহ্নিত করে দ্রুত গ্রেপ্তারের আশ্বাস দিয়েছেন।

# আগরতলায় আইফোন চুরির ঘটনায় তিনজন গ্রেপ্তার, চুরি যাওয়া মোবাইল উদ্ধার

আগরতলা, ২ মার্চ: রাজধানী আগরতলা-র এমবিবি ক্লাব সংলগ্ন এলাকায় চুরির ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। উত্তরা নাথ নামে এক মহিলার বাড়ি থেকে একটি আইফোন চুরি হওয়ার অভিযোগ উঠেছে। ঘটনাকে কেন্দ্র করে আগরতলা পূর্ব থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করা হয়।

অভিযোগের ভিত্তিতে আগরতলা পূর্ব থানা-র পুলিশ মামলা রুজু করে তদন্ত শুরু করে। তদন্তে নেমে পুলিশ দ্রুত অভিযানে নামে এবং অবশেষে মূল অভিযুক্তকে গ্রেপ্তার করতে সক্ষম হয়।

সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে এডিশনাল এসপি ধ্রুবনাথ জানান, সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে তদন্ত চালিয়ে আজ রাঙ্গামাটিয়া এলাকা থেকে গোপাল বিশ্বাস নামে এক ব্যক্তিকে আটক করা হয়েছে। তার কাছ থেকে চুরি যাওয়া আইফোনটি উদ্ধার করা হয়।

ধৃতকে জিজ্ঞাসাবাদ করে পুলিশ তার আরও দুই সহযোগীদীপ সাহা ও দীপক দাসকে গ্রেপ্তার করে। বর্তমানে তিনজনকেই পুলিশি রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদ করা হবে। তারা অন্য কোনো চুরির ঘটনার সঙ্গে জড়িত কিনা, তা খতিয়ে দেখা হচ্ছে।

পুলিশ জানিয়েছে, গোটা ঘটনার তদন্ত এখনও চলমান এবং প্রয়োজনে আরও পদক্ষেপ গ্রহণ করা হবে। ঘটনায় এলাকায় চাঞ্চল্য সৃষ্টি হলেও দ্রুত পদক্ষেপ নেওয়ায় পুলিশের ভূমিকায় সন্তোষ প্রকাশ করেছেন স্থানীয় বাসিন্দারা।

# ফেব্রুয়ারিতে ভারতের কয়লা উৎপাদনে ১৮.৫ শতাংশ বৃদ্ধি

নয়াদিল্লি, ২ মার্চ (আইএএনএস) : চলতি বছরের ফেব্রুয়ারি মাসে ভারতের কয়লা উৎপাদন গত বছরের একই সময়ের তুলনায় ১৮.৫১ শতাংশ বৃদ্ধি পেয়েছে। সরকারি এক বিবৃতিতে সোমবার জানানো হয়েছে, ক্যাপটিভ ও বাণিজ্যিক কয়লাখনি থেকে উৎপাদন বেড়ে দাঁড়িয়েছে ২০.৪৯ মিলিয়ন টন (এমটি) এবং সরবরাহ (ডিসপ্যাচ) হয়েছে ১৭.৭২ এমটি।

বিবৃতিতে বলা হয়েছে, বছরওয়ারি এই শক্তিশালী প্রবৃদ্ধি খাতজুড়ে কার্যক্রমের ধারাবাহিক গতি এবং খনন কার্যক্রমের ক্রমবর্ধমান সম্প্রসারণের প্রতিফলন। ২০২৫—২৬ অর্থবর্ষে ফেব্রুয়ারি পর্যন্ত এই খনিগুলি থেকে মোট কয়লা উৎপাদন গত বছরের একই সময়ের তুলনায় ১১.৫৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে। একই সময়ে মোট সরবরাহ ৬.৭৮ শতাংশ বেড়েছে। সরকারি বিবৃতিতে উল্লেখ করা হয়েছে, উৎপাদন ও উত্তোলনের ধারাবাহিক বৃদ্ধি উন্নত অপারেশনাল দক্ষতা, উৎপাদন ক্ষমতা বৃদ্ধির গতি এবং খনি খাতের বিভিন্ন স্তরের মধ্যে সমন্বয় বৃদ্ধির ফল। উৎপাদন ও সরবরাহউভয় ক্ষেত্রেই ক্রমাগত উন্নতির স্পষ্ট প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। কৌশলগত নীতিগত পদক্ষেপ, কঠোর পর্যবেক্ষণ এবং সংশ্লিষ্ট অংশীদারদের প্রতি ধারাবাহিক সহায়তার ফলেই এই সাফল্য এসেছে বলে মনে করছে কয়লা মন্ত্রক। এসব উদ্যোগ খনি অনুমোদন প্রক্রিয়া ত্বরান্বিত করা, উৎপাদন ক্ষমতা বৃদ্ধি এবং সামগ্রিক উৎপাদন ও সরবরাহ বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

বিবৃতিতে আরও বলা হয়েছে, ভবিষ্যতেও স্থিতিশীল উৎপাদন বজায় রাখা, সরবরাহে বিঘ্ন কমানো এবং দেশের ক্রমবর্ধমান জ্বালানি চাহিদা পূরণে কয়লা খাতের গুরুত্বপূর্ণ ভূমিকা জোরদার করার ওপর গুরুত্ব দেওয়া হবে। কয়লা খাতের সংস্কারের অংশ হিসেবে সরকার পূর্বের সীমাবদ্ধ মডেল থেকে সরে এসে প্রতিযোগিতামূলক দরপত্রের মাধ্যমে কয়লাখনি ব্লক বরাদ্দের ব্যবস্থা চালু করেছে। ২০১৪ সালে নিলামভিত্তিক ব্যবস্থা চালুর মাধ্যমে বেসরকারি খাতের অংশগ্রহণের সুযোগ তৈরি হলেও তা নিজস্ব ব্যবহার (ক্যাপটিভ) পর্যন্ত সীমিত ছিল। ২০২০ সালে বেসরকারি সংস্থাগুলির জন্য বাণিজ্যিক কয়লা খননের ক্ষেত্র উন্মুক্ত করা হয়।

# আন্তঃদেশীয় সহিংসতার অভিযোগ ভিত্তিহীন ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত : নিজ্জার ইস্যুতে বিদেশ মন্ত্রক

নয়াদিল্লি, ২ মার্চ (আইএএনএস) : আন্তঃদেশীয় সংগঠিত অপরাধ বা সহিংসতায় ভারতের সম্পৃক্ততার অভিযোগ ভিত্তিহীন, রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত এবং বিশ্বাসযোগ্য প্রমাণবিহীন বলে স্পষ্ট জানিয়ে দিল বিদেশ মন্ত্রক(এমইএ)। একই সঙ্গে বিচারিক প্রক্রিয়ার প্রতি ভারতের অঙ্গীকার পুনর্ব্যক্ত করা হয়েছে।

কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি-এর ভারত সফর উপলক্ষে আয়োজিত বিশেষ ব্রিফিংয়ে এমইএ-র সচিব (পূর্ব) পেরিয়াসামি কুমারন বলেন, ভারত আন্তঃদেশীয় সহিংসতা বা সংগঠিত অপরাধে জড়িত এমন অভিযোগ সম্পূর্ণভাবে প্রত্যাখ্যান করছে। বারবার অনুরোধ সত্ত্বেও এসব দাবির পক্ষে কোনো বিশ্বাসযোগ্য প্রমাণ দেওয়া হয়নি। এ ধরনের বিষয় আইন প্রয়োগকারী সংস্থা ও বিচারিক প্রক্রিয়ার মাধ্যমে নিষ্পত্তি হওয়া উচিত, জনসমক্ষে প্রচারিত বিবৃতির মাধ্যমে নয়।

খালিস্তানি জঙ্গি হরদীপ সিং নিজ্জর হত্যাকাণ্ড নিয়ে এক প্রশ্নের জবাবে কুমারন বলেন, নিজ্জার মামলায় আমরা বুঝতে পারছি যে কানাডায় প্রতিষ্ঠিত আইনি প্রক্রিয়া অনুযায়ী তদন্ত এগোচ্ছে। সংবেদনশীল বিষয়গুলো বিচারাধীন অবস্থায় জনসমক্ষে মন্তব্য না করে আইনগত প্রক্রিয়াকে এগোতে দেওয়াই সমীচীন।

উল্লেখ্য, প্রাক্তন কানাডীয় প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো কানাডার পার্লামেন্টে নিজ্জার হত্যায় ভারতের সংশ্লিষ্টতার 'বিশ্বাসযোগ্য অভিযোগ' থাকার দাবি করার পর দুই দেশের সম্পর্কের অবনতি ঘটে। পরে কানাডা নিজ্জার হত্যাকাণ্ডের তদন্তে ভারতের হাইকমিশনারসহ কয়েকজন কূটনীতিককে 'পারসন অব ইন্টারেস্ট' আখ্যা দিলে কূটনৈতিক উত্তেজনা আরও বাড়ে।

ভারত ওই অভিযোগকে অযৌক্তিক ও উদ্দেশ্যপ্রণোদিত বলে খারিজ করে এবং অভিযোগ তোলে যে অটোয়া চরমপন্থী ও ভারতবিরোধী উপাদানদের প্রশ্রয় দিচ্ছে। ব্রিফিংয়ে কুমারন ভারত-কানাডা নিরাপত্তা সহযোগিতা নিয়েও কথা বলেন।




সোমবার শিক্ষা দপ্তরের সামনে টেট-২ কোয়ালিফাইড পরীক্ষার্থীদের বিক্ষোভ।

# মিজোরামের ১১ জেলায় অগ্রাধিকারভিত্তিক প্রকল্পে ১ কোটি টাকা করে বরাদ্দ

আইজল, ২ মার্চ (আইএএনএস) : মিজোরাম সরকার প্রথমবারের মতো রাজ্যের ১১টি জেলার প্রত্যেকটিকে অগ্রাধিকারভিত্তিক উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য ১ কোটি টাকা করে বরাদ্দ করেছে। সোমবার এক অনুষ্ঠানে এই তহবিল আনুষ্ঠানিকভাবে বিতরণ করা হয় বলে কর্মকর্তারা জানান।

মুখ্যমন্ত্রী লালদুহোমা 'ডিস্ট্রিক্ট ক্যাটালিটিক ইন্টারভেনশন প্ল্যান ফান্ড'-এর অধীনে প্রতিটি জেলায় ১ কোটি টাকা করে বরাদ্দ করেন। তিনি ব্যাংক চেকের মাধ্যমে সংশ্লিষ্ট জেলার প্রতিনিধিদের হাতে তহবিল তুলে দেন। তহবিল বিতরণকালে মুখ্যমন্ত্রী বলেন, আগে জেলা পরিকল্পনা কমিটি গঠিত হলেও তাদের পরিকল্পনা বাস্তবায়নের জন্য নির্দিষ্ট আর্থিক সহায়তা দেওয়া হয়নি। মিজোরামে এই প্রথম প্রতিটি জেলাকে তাদের অগ্রাধিকারমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য ১ কোটি টাকা করে দেওয়া হচ্ছে, তিনি বলেন। তিনি জোর দিয়ে বলেন, জেলা স্তরে নিজস্ব উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং তা কার্যকরভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় আর্থিক সহায়তা দেওয়ার মাধ্যমে জেলাগুলিকে আরও ক্ষমতায়িত করাই সরকারের লক্ষ্য। এই উদ্যোগকে তিনি রাজ্য সরকারের ফ্ল্যাগশিপ প্রকল্প 'মিজোরাম বানা কাইহ' (হ্যান্ড হোল্ডিং স্কিম)-এর একটি গুরুত্বপূর্ণ অংশ বলে উল্লেখ করেন। মুখ্যমন্ত্রীর কার্যালয়ের এক কর্মকর্তা জানান, জেলা শাসকদের (ডিসি) নেতৃত্বে প্রকল্প প্রস্তাব প্রস্তুত করা হয়েছে এবং তাদের হাতে উল্লেখযোগ্য দায়িত্ব অর্পণ করা হয়েছে। তহবিলের সাফল্য অনেকটাই ডিসিদের দায়িত্ববোধ ও প্রতিশ্রুতির উপর নির্ভর করবে।মুখ্যমন্ত্রী বলেন, এটি কেবল শুরু। আমরা যদি দক্ষতার সঙ্গে তহবিল ব্যবহার করতে পারি, ভবিষ্যতে আরও বরাদ্দ দেওয়া হবে।

পরিকল্পনা দপ্তরের কমিশনার ভানলালদিনা ফানাই জানান, এই প্রথমবার জেলা শাসকদের হাতে সরাসরি উন্নয়ন তহবিল দেওয়া হল, যাতে তারা সক্রিয়ভাবে জেলা উন্নয়ন এগিয়ে নিয়ে যেতে পারেন। তিনি এটিকে তৃণমূল স্তরের শাসনব্যবস্থা শক্তিশালী করার একটি অগ্রগামী পদক্ষেপ বলে উল্লেখ করেন।

পরিকল্পনা দপ্তরের সচিব লালমালসাওমা পাচুয়াউ ক্যাটালিটিক ইন্টারভেনশন প্ল্যান বাস্তবায়নের রূপরেখা তুলে ধরেন। আইজল জেলার ডেপুটি কমিশনার লালহ্রিয়াতপুইয়া জেলা শাসকদের পক্ষে রাজ্য সরকারকে ধন্যবাদ জানিয়ে বলেন, জেলা প্রকল্পগুলি 'মিজোরাম ডিস্ট্রিক্ট ট্রান্সফরমেশন প্রোগ্রাম'-এর সঙ্গে সামঞ্জস্য রেখে এবং অন্যান্য প্রকল্পের সঙ্গে সমন্বয় করে বাস্তবায়ন করা হবে।

উল্লেখ্য, এই তহবিল বিকেন্দ্রীকৃত পরিকল্পনার উপাদান-৫ (হ্যান্ড হোল্ডিং স্কিম)-এর অধীনে প্রদান করা হয়েছে। কর্মকর্তারা জানান, তহবিলের কার্যকর ব্যবহার ও পারফরম্যান্সের ভিত্তিতে ভবিষ্যতে অতিরিক্ত বরাদ্দ দেওয়া হবে।

# ইআরও ও এইআরও-দের গাফিলতির জন্য এই পরিস্থিতি তৈরি হয়েছে, এমন অভিযোগ "সম্পূর্ণ অসত্য"

## ভোটার তালিকার 'বিচারাধীন' ইস্যুতে সিইও-র বক্তব্য খণ্ডন ডব্লিউবিসিএস (এক্সিকিউটিভ) আধিকারিকদের সংগঠনের

কলকাতা, ২ মার্চ (আইএএনএস) : বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) প্রক্রিয়ার পর প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকায় কিছু নাম 'বিচারাধীন' হিসেবে চিহ্নিত হওয়ার বিষয়ে পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিকের মন্তব্য খণ্ডন করল পশ্চিমবঙ্গ সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ) অফিসারস অ্যাসোসিয়েশন। সংগঠনের দাবি, ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার (ইআরও) ও সহকারী ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসারদের (এইআরও) গাফিলতির জন্য এই পরিস্থিতি তৈরি হয়েছে, এমন অভিযোগ সম্পূর্ণ অসত্য।

সোমবার সামাজিক মাধ্যমে প্রকাশিত এক বিবৃতিতে সংগঠনটি জানায়, ২ মার্চ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের এক্স হ্যান্ডেলে পোস্টে 'বিচারাধীন' হিসেবে চিহ্নিত নামগুলির জন্য ইআরও/এইআরও-দের দায়ী করা হয়েছে, যা তারা দৃঢ়ভাবে অস্বীকার করা হচ্ছে। বিবৃতিতে বলা হয়, ওই পোস্টে দাবি করা হয়েছে যে সংশ্লিষ্ট ইআরও/এইআরও-রা শুনানি শেষে সিদ্ধান্ত না নেওয়ায় কিছু নাম সদ্য প্রকাশিত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা যায়নি। এই অভিযোগ সম্পূর্ণ অসত্য এবং আমরা তা জোরালোভাবে খণ্ডন করছি।

সংগঠনের দাবি, ভারতের নির্বাচন কমিশনের নিযুক্ত মাইক্রো অবজারভার ও রোল অবজারভারদের ভূমিকার কারণেই বহু নিষ্পত্তিকৃত মামলা ফেরত পাঠানো হয়েছে, যার ফলে বিপুল সংখ্যক নাম 'বিচারাধীন' হিসেবে চিহ্নিত হয়েছে।

বিবৃতিতে আরও বলা হয়, ইআরও/এইআরও-রা এই সময়কালে নিষ্ঠার সঙ্গে কাজ করেছেন। শুনানি গ্রহণ, নথি আপলোড এবং যুক্তিসংগত আদেশ জারি করেছেন। কিন্তু নির্বাচন কমিশনের নিযুক্ত মাইক্রো অবজারভার ও রোল অবজারভাররা বহু ইতিমধ্যে নিষ্পত্তিকৃত মামলাকে কোনো মন্তব্য ছাড়াই ফেরত পাঠিয়েছেন, যার ফলে বহু নাম 'বিচারাধীন' হিসেবে চিহ্নিত হয়েছে।

সংগঠনটির মতে, দিনরাত পরিশ্রম করা আধিকারিকদের উপর দোষ চাপানো শুধু অসম্মানজনক নয়, এতে তাঁদের মনোবলেও নেতিবাচক প্রভাব পড়ে।

# জাপানের ভলকানো দ্বীপপুঞ্জে ৬.০ মাত্রার ভূমিকম্প, সুনামি সতর্কতা নেই

**হংকং, ২ মার্চ (আইএএনএস):** জাপানের ভলকানো দ্বীপপুঞ্জ অঞ্চলে সোমবার ০৩৫৫ জিএমটি সময়ে ৬.০ মাত্রার একটি ভূমিকম্প আঘাত হেনেছে বলে জানিয়েছে জার্মান ভূ-বিজ্ঞান গবেষণা কেন্দ্র (জিএফজেড)।

সংস্থার প্রাথমিক তথ্য অনুযায়ী, ভূমিকম্পটির উৎপত্তিস্থল ছিল ২৩.১২ ডিগ্রি উত্তর অক্ষাংশ ও ১৪৪.৩০ ডিগ্রি পূর্ব দ্রাঘিমাংশে, এবং গভীরতা ছিল প্রায় ১০ কিলোমিটার।

এর আগে ২১ জানুয়ারি ২০২৬-এ একই অঞ্চলে ৬.১ মাত্রার একটি শক্তিশালী ও অগভীর ভূমিকম্প নথিভুক্ত করেছিল মার্কিন যুক্তরাষ্ট্রের ভূতাত্ত্বিক জরিপ (ইউএসজিএস)। সেই কম্পনের গভীরতা ছিল ২৫.৫ কিলোমিটার। ইউরোপীয় ভূমিকম্প সংস্থা ইএমএসসিও একই মাত্রা ও গভীরতার তথ্য জানিয়েছিল।

জানুয়ারির ভূমিকম্পটির উৎপত্তিস্থল ছিল সাইপান থেকে প্রায় ৯৩৭ কিলোমিটার উত্তর-উত্তরপশ্চিমে, টিনিয়ানের সান হোসে গ্রাম থেকে প্রায় ৯৫৭ কিলোমিটার উত্তর-উত্তরপশ্চিমে এবং গুয়ামের জনবসতিপূর্ণ অঞ্চল থেকে প্রায় ১,০৯০ কিলোমিটার দূরে।

সোমবারের ভূমিকম্পে সুনামির কোনও আশঙ্কা নেই বলে জানানো হয়েছে। ভলকানো দ্বীপপুঞ্জ ইজু---বোনিন---মারিয়ানা আর্কের অংশ, যেখানে প্রশান্ত মহাসাগরীয় প্লেট ফিলিপাইন সি প্লেটের নিচে প্রবেশ করছে। এই সাবডাকশন জোনে মাঝারি গভীরতার ভূমিকম্প নিয়মিত ঘটে এবং অধিকাংশ ক্ষেত্রেই পৃষ্ঠে বড় ক্ষয়ক্ষতি বা সুনামির সৃষ্টি হয় না। বিশ্বের অন্যতম সক্রিয় টেকটোনিক অঞ্চলের উপর অবস্থিত জাপানে প্রায় ৮০ শতাংশ ভূমিকম্পই এই সাবডাকশন প্রক্রিয়ার ফল। ফলে মাঝারি মাত্রার কম্পন সেখানে প্রায়শই অনুভূত হয়।

# এসআইআর পরবর্তী পরিস্থিতি ও ভোট প্রস্তুতি খতিয়ে দেখতে দু'দিনের বৈঠকে ইসি

কলকাতা, ২ মার্চ (আইএএনএস): সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী বিচারাধীন নথিভুক্ত ভোটারদের নাম বাদ দিয়ে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর পশ্চিমবঙ্গে বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) পরবর্তী পরিস্থিতি খতিয়ে দেখতে দু'দিনের গুরুত্বপূর্ণ বৈঠকে বসছে ভারতের নির্বাচন কমিশন (ইসি)। আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতির অংশ হিসেবেই সোমবার ও মঙ্গলবার এই বৈঠক হবে।

সোমবার সকাল ১১টা থেকে প্রথম পর্যায়ের বৈঠক শুরু হবে। ভার্চুয়াল এই বৈঠকে উপস্থিত থাকবেন পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিক (সিইও) মনোজ কুমার আগরওয়াল, অতিরিক্ত ও যুগ্ম সিইও, ডেপুটি সিইও, জেলাশাসকরা (যাঁরা জেলা নির্বাচনী আধিকারিক হিসেবেও দায়িত্বে), এবং জেলা পুলিশ সুপাররা। ইসির শীর্ষ আধিকারিকরাও বৈঠকে যোগ দেবেন।

মঙ্গলবার দ্বিতীয় পর্যায়ের বৈঠকে দিল্লিতে ইসির শীর্ষ কর্তারা, রাজ্যের সিইও, রাজ্য নোডাল পুলিশ অফিসার (এসএনপিও), এবং বিভিন্ন কেন্দ্রীয় নিরাপত্তা ও তদন্তকারী সংস্থার সমন্বয়কারী আধিকারিকরা ভার্চুয়ালি অংশ নেবেন।

সিইও দফতরের এক সূত্রের দাবি, সোমবারের বৈঠকে ইতিমধ্যেই রাজ্যে মোতায়েন ২৪০ কোম্পানি কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনীর (সিএপিএফ) বর্তমান অবস্থান ও ব্যবহার নিয়ে পর্যালোচনা হতে পারে। রবিবার থেকেই এই বাহিনী রাজ্যে মোতায়েন হয়েছে। এলাকায় 'এরিয়া ডমিনেশন' এবং সংশ্লিষ্ট ভৌগোলিক পরিবেশের সঙ্গে বাহিনীর মানিয়ে নেওয়ার অগ্রগতি সম্পর্কেও রিপোর্ট চাওয়া হতে পারে।

একই সঙ্গে ১০ মার্চ দ্বিতীয় দফায় আরও ২৪০ কোম্পানি সিএপিএফ মোতায়েনের বিষয়টিও আলোচনায় আসতে পারে। পাশাপাশি ইসি-নিযুক্ত বিচারিক আধিকারিকদের মাধ্যমে প্রায় ৬০ লক্ষ ভোটারের নথি সংক্রান্ত বিচারিক প্রক্রিয়ার অগ্রগতিও খতিয়ে দেখা হবে বলে সূত্রের খবর।

মঙ্গলবারের বৈঠকে মূলত রাজ্য ও কেন্দ্রীয় সংস্থাগুলির মধ্যে সমন্বয় জোরদার করার উপায়, সিএপিএফের কার্যকর ব্যবহার, এবং অর্থ, মদ ও মাদক পাচার রুখতে গোয়েন্দা ও প্রয়োগকারী সংস্থাগুলির মধ্যে তথ্য আদানপ্রদান নিশ্চিত করার বিষয়টি গুরুত্ব পাবে। আন্তর্জাতিক ও আন্তঃরাজ্য সীমান্তবর্তী এলাকায় নিরাপত্তা জোরদারের দিকেও বিশেষ নজর থাকবে।

তবে ভোটের নির্ঘণ্ট ঘোষণা এবং আদর্শ আচরণবিধি জারির সময় নিয়ে এখনও অনিশ্চয়তা রয়েছে। প্রাথমিকভাবে দোল উৎসবের (৪ মার্চ) পর মার্চের প্রথম সপ্তাহেই ভোটের দিন ঘোষণা করার পরিকল্পনা ছিল। কিন্তু ভোটারদের নথি সংক্রান্ত বিচারিক প্রক্রিয়া চলমান থাকায় এখন মনে করা হচ্ছে, মার্চের দ্বিতীয় সপ্তাহে ভোটের নির্ঘণ্ট ঘোষণা হতে পারে।

# কুয়েতে একাধিক মার্কিন সামরিক বিমান বিধ্বস্ত, সব ক্রু নিরাপদ

কুয়েত সিটি, ২ মার্চ (আইএএনএস) : কুয়েত সরকার সোমবার নিশ্চিত করেছে যে দেশের ভেতরে একাধিক মার্কিন সামরিক বিমান বিধ্বস্ত হয়েছে। তবে সব ক্রু সদস্যই নিরাপদ রয়েছেন বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

এর আগে ইরান দাবি করেছিল, একটি মার্কিন এফ-১৫ যুদ্ধবিমান কুয়েতে বিধ্বস্ত হয়েছে এবং সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে একজন মার্কিন পাইলটকে বিমান থেকে ইজেক্ট করতে দেখা গেছে বলে উল্লেখ করা হয়।

প্রতিরক্ষা মন্ত্রণালয় এক বিবৃতিতে জানায়, সোমবার সকালে ''একাধিক'' মার্কিন সামরিক বিমান দুর্ঘটনার শিকার হয়। তবে সংশ্লিষ্ট সব ক্রু সদস্য ''সম্পূর্ণ নিরাপদ'' আছেন।

মন্ত্রণালয়ের মুখপাত্র জানান, দুর্ঘটনার পরপরই সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অনুসন্ধান ও উদ্ধার কার্যক্রম শুরু করে। ক্রুদের দ্রুত উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয় এবং প্রয়োজনীয় চিকিৎসা প্রদান করা হয়। তাদের শারীরিক অবস্থা স্থিতিশীল বলে জানানো হয়েছে।

বিবৃতিতে আরও বলা হয়, ঘটনার প্রেক্ষাপটে মিত্র মার্কিন বাহিনীর সঙ্গে সরাসরি সমন্বয় করা হয়েছে এবং যৌথ কারিগরি পদক্ষেপ নেওয়া হয়েছে। দুর্ঘটনার কারণ নির্ধারণে তদন্ত চলছে এবং তথ্যের জন্য সরকারি সূত্রের ওপর নির্ভর করার আহ্বান জানানো হয়েছে।

অনলাইনে ছড়িয়ে পড়া বিভিন্ন ফুটেজে আকাশ থেকে একটি প্যারাশুট নামতে দেখা গেছে। স্থানীয় গণমাধ্যমে প্রচারিত অন্য ভিডিওতে একজন মার্কিন পাইলটকে মাটিতে নামার পর দেখা গেছে বলে দাবি করা হয়েছে। তবে এসব ভিডিওর সত্যতা স্বাধীনভাবে যাচাই করা যায়নি। ইরানের রাষ্ট্র-সম্পৃক্ত সংবাদ সংস্থা তাসনিম নিউজ এজেন্সি ভিডিওগুলোর সত্যতা নিশ্চিত করেছে বলে জানিয়েছে।

ঘটনার কারণ বা সংশ্লিষ্ট বিমানের মিশন সম্পর্কে যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো আনুষ্ঠানিক বিবৃতি পাওয়া যায়নি। বিমানগুলো চলমান সংঘাত-সংশ্লিষ্ট কোনো অভিযানে ছিল, নাকি নিয়মিত প্রশিক্ষণ মিশনে ছিল, তা এখনও স্পষ্ট নয়।

উল্লেখ্য, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলার পর মধ্যপ্রাচ্যে উত্তেজনা তীব্র আকার ধারণ করেছে। ইরানের সর্বোচ্চ নেতা আলী খামেনি নিহত হওয়ার পর তেহরান ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা জোরদার করে, যার লক্ষ্যবস্তু ছিল মার্কিন স্থাপনা ও উপসাগরীয় অঞ্চলের বিভিন্ন মিত্র দেশ।

পাল্টা প্রতিক্রিয়ায় যুক্তরাষ্ট্র নৌ-অভিযানসহ বিভিন্ন সামরিক পদক্ষেপ নিয়েছে। ওয়াশিংটন ও তেহরানের মধ্যে কয়েক দশকের মধ্যে এটিকে অন্যতম তীব্র ও দীর্ঘস্থায়ী মুখোমুখি অবস্থান হিসেবে দেখা হচ্ছে।

# হায়দরাবাদ হাউসে কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির সঙ্গে বৈঠক প্রধানমন্ত্রী মোদির

নয়াদিল্লি, ২ মার্চ (আইএএনএস): দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করতে সোমবার হায়দরাবাদ হাউসে কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি-এর সঙ্গে বৈঠক করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৈঠকে ভারত-কানাডা কৌশলগত অংশীদারিত্বের বিভিন্ন ক্ষেত্রের অগ্রগতি পর্যালোচনা করেন দুই নেতা। বাণিজ্য ও বিনিয়োগ, জ্বালানি, গুরুত্বপূর্ণ খনিজ, কৃষি, শিক্ষা, গবেষণা ও উদ্ভাবন, এবং জনগণের মধ্যে যোগাযোগএই সব মূল ক্ষেত্রের চলমান সহযোগিতা নিয়েও আলোচনা হয়। পাশাপাশি আঞ্চলিক ও বৈশ্বিক পরিস্থিতি নিয়েও মতবিনিময় করেন তাঁরা। দু'জনই এদিন ভারত-কানাডা সিইও ফোরামেও যোগ দেবেন।

দ্বিপাক্ষিক সম্পর্ক স্বাভাবিকীকরণের গুরুত্বপূর্ণ পর্যায়ে কার্নির এই সফরকে তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। এর আগে দুই প্রধানমন্ত্রী পারস্পরিক সম্মান, একে অপরের উদ্বেগ ও সংবেদনশীলতার প্রতি শ্রদ্ধা, দৃঢ় জনসম্পর্ক এবং ক্রমবর্ধমান অর্থনৈতিক পরিপূরকতার ভিত্তিতে ভারসাম্যপূর্ণ ও গঠনমূলক অংশীদারিত্ব এগিয়ে নেওয়ার বিষয়ে সম্মত হয়েছিলেন।

এদিন সকালে বিদেশমন্ত্রী এস. জয়শঙ্করও কার্নির সঙ্গে সাক্ষাৎ করেন। বৈঠকের পর তিনি বলেন, "নয়াদিল্লিতে কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির সঙ্গে সাক্ষাৎ করে আনন্দিত। ভবিষ্যতমুখী অংশীদারিত্ব গড়ে তুলতে তাঁর প্রতিশ্রুতিকে সাধুবাদ জানাই।"

কার্নি তাঁর স্ত্রী ডায়ানা ফক্স কার্নিকে সঙ্গে নিয়ে ২৭ ফেব্রুয়ারি থেকে ২ মার্চ পর্যন্ত প্রথম সরকারি সফরে ভারতে এসেছেন। শুক্রবার তিনি মুম্বইয়ে পৌঁছে ব্যবসায়ী মহলের সঙ্গে বৈঠক করেন এবং ভারতীয় ও কানাডীয় শিল্পপতি, আর্থিক বিশেষজ্ঞ, উদ্ভাবক, শিক্ষাবিদ এবং ভারতে বিনিয়োগকারী কানাডীয় পেনশন ফান্ড প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় করেন।

নয়াদিল্লিতে পৌঁছে সামাজিক মাধ্যমে কার্নি লেখেন, "ভারত ও কানাডা আত্মবিশ্বাসী ও উচ্চাকাঙ্ক্ষী দুই দেশ, যারা একসঙ্গে দৃঢ়ভাবে এগোতে চায়। জ্বালানি, প্রতিভা, উদ্ভাবন ও কৃত্রিম বুদ্ধিমত্তায় নতুন অংশীদারিত্ব গড়ে তুলে আমাদের জনগণের জন্য আরও নিরাপত্তা ও সমৃদ্ধি নিশ্চিত করতে চাই।"

প্রসঙ্গত, ২০২৫ সালের নভেম্বরে জোহানেসবার্গে জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে শেষবার মুখোমুখি বৈঠক করেন দুই নেতা। তখন ২০৩০ সালের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য ৫০ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছানোর লক্ষ্যমাত্রার কথাও উল্লেখ করেছিলেন প্রধানমন্ত্রী মোদি।

# ধ্যপ্রাচ্য সংঘাত: আটকে পড়া ভারতীয়দের নিরাপত্তা নিয়ে সিসিএস বৈঠকে পর্যালোচনা

নয়াদিল্লি, ২ মার্চ (আইএএনএস): মধ্যপ্রাচ্যে ক্রমবর্ধমান সংঘাতের প্রেক্ষিতে আটকে পড়া ভারতীয় নাগরিকদের নিরাপত্তা পরিস্থিতি খতিয়ে দেখতে রবিবার উচ্চপর্যায়ের বৈঠক করল কেন্দ্র। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী-র নেতৃত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিরাপত্তা সংক্রান্ত শীর্ষ কমিটি নিরাপত্তা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিএস) বৈঠকে ইরানে ২৮ ফেব্রুয়ারির বিমান হামলা এবং তার পরবর্তী উত্তেজনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সরকারি বিবৃতিতে জানানো হয়েছে, ইরানে বিমান হামলা এবং তার জেরে উপসাগরীয় একাধিক দেশে হামলার ঘটনায় উদ্ভূত পরিস্থিতি সম্পর্কে কমিটিকে ব্রিফ করা হয়। পশ্চিম এশিয়ায় দ্রুত অবনতি হওয়া ভূরাজনৈতিক পরিস্থিতি এবং আঞ্চলিক সংঘাত বৃদ্ধির প্রেক্ষাপটে বৈঠকটি বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। বৈঠকে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, বিদেশমন্ত্রী এস. জয়শঙ্কর, অর্থমন্ত্রী নির্মলা সীতারামন, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল এবং বিদেশ সচিব বিক্রম মিশ্রি উপস্থিত ছিলেন।

বিবৃতিতে বলা হয়েছে, "অঞ্চলে বসবাসকারী বিপুল ভারতীয় প্রবাসী সম্প্রদায়ের নিরাপত্তা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে সিসিএস।'' পাশাপাশি, ওই অঞ্চলের মাধ্যমে যাতায়াতকারী ভারতীয় যাত্রী এবং নির্ধারিত পরীক্ষায় অংশ নিতে যাওয়া ছাত্রছাত্রীদের সম্মুখীন হওয়া সমস্যাও পর্যালোচনা করা হয়।

সিসিএস সংশ্লিষ্ট সমস্ত দফতরকে প্রয়োজনীয় ও বাস্তবসম্মত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে, যাতে প্রভাবিত ভারতীয় নাগরিকদের সহায়তা করা যায়। একই সঙ্গে দ্রুত যুদ্ধবিরতি এবং সংলাপ ও কূটনৈতিক প্রক্রিয়ায় ফেরার প্রয়োজনীয়তার ওপর জোর দেওয়া হয়েছে। মধ্যপ্রাচ্য সংকটে ভারত বরাবরই ভারসাম্যপূর্ণ অবস্থান নিয়েছেএকদিকে উত্তেজনা প্রশমনের পক্ষে সওয়াল, অন্যদিকে দেশের নাগরিক ও অর্থনৈতিক স্বার্থ রক্ষায় সক্রিয় পদক্ষেপ। বিশ্বজুড়ে বাড়তে থাকা উত্তেজনার আবহে এটি সাম্প্রতিক সময়ের অন্যতম গুরুত্বপূর্ণ নিরাপত্তা পর্যালোচনা বৈঠক বলে মনে করা হচ্ছে।

# ইসির আপত্তির পর দলের নাম বদলালেন হুমায়ুন কবির


কলকাতা, ২ মার্চ (আইএএনএস): প্রস্তাবিত দলের নাম খারিজ করে দেওয়ায় নতুন দলের নাম পরিবর্তন করলেন ভরতপুরের সাসপেন্ডেড তৃণমূল বিধায়ক হুমায়ুন কবির। আগে তিনি তাঁর দলের নাম প্রস্তাব করেছিলেন 'জনতা উন্নয়ন পার্টি' (জেইউপি)। তবে নির্বাচন কমিশন (ইসি) সেই নাম খারিজ করে দেওয়ায় এখন দলের নতুন নাম রাখা হয়েছে 'আম্ম জনতা উন্নয়ন পার্টি' (এজেইউপি)। কবির সোমবার জানান, গত সপ্তাহে পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর জেইউপি-র নথিভুক্তিকরণের জন্য সুপারিশ পাঠিয়েছিল দিল্লিতে ইসির সদর দফতরে। পরে কমিশন থেকে তাঁকে জানানো হয়, একই নামে আগে থেকেই একটি দল নথিভুক্ত রয়েছে। এরপর তিনি ও তাঁর প্রতিনিধিরা দিল্লিতে গিয়ে নতুন নাম 'এজেইউপি'-র প্রস্তাব জমা দেন। তিনি জানান, কমিশনের কাছ থেকে দলের স্বীকৃতি পাওয়ার বিষয়ে তিনি আশাবাদী। একই সঙ্গে তৃণমূল ও বিজেপি-বিরোধী শক্তিগুলিকে একজোট হওয়ার আহ্বানও জানিয়েছেন তিনি। যদিও তিনি দাবি করেছেন, আসন্ন বিধানসভা নির্বাচনে তাঁর দল একক শক্তিতেই লড়াই করতে প্রস্তুত। উল্লেখ্য, মুর্শিদাবাদের বেলডাঙায় প্রস্তাবিত একটি মসজিদের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানের ঘোষণা করার পরই তৃণমূল কংগ্রেস তাঁকে সাসপেন্ড করে। তিনি জানিয়েছিলেন, অযোধ্যায় ১৯৯২ সালের ৬ ডিসেম্বর ভেঙে ফেলা বাবরি মসজিদের আদলে ওই মসজিদ নির্মাণ করা হবে। এরপর ২২ ডিসেম্বর ২০২৫-এ তিনি আনুষ্ঠানিকভাবে 'জনতা উন্নয়ন পার্টি'-র আত্মপ্রকাশ ঘোষণা করেন এবং দলের একাধিক পদাধিকারীর নামও প্রকাশ করেন। সেই সময়ই চলতি বছরের বিধানসভা নির্বাচনে সম্ভাব্য কয়েকজন প্রার্থীর নামও ঘোষণা করেছিলেন তিনি। পাশাপাশি বিজেপি ও তৃণমূলউভয় দলের বিরোধী রাজনৈতিক শক্তির সঙ্গে জোটের আবেদনও জানান। তবে সূত্রের খবর, অল ইন্ডিয়া মজলিস-ই-ইত্তেহাদুল মুসলিমীন (এআইএমআইএম)-এর সঙ্গে প্রাথমিক আলোচনা ছাড়া বৃহত্তর রাজনৈতিক জোট গঠনের ক্ষেত্রে এখনও পর্যন্ত তেমন অগ্রগতি হয়নি।




গৌর পূর্ণিমা উৎসব উপলক্ষ্যে সোমবার আগরতলায় নগর সংকীর্তন অনুষ্ঠিত করেন।



# বিদেশ সংবাদ



## মধ্যপ্রাচ্যে আটকে পড়েছেন ১ লাখ ১৫ হাজার অস্ট্রেলীয় নাগরিক : অস্ট্রেলিয়ার পররাষ্ট্রমন্ত্রী

ক্যানবেরা, ২ মার্চ (আইএএনএস) : যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের ইরানের বিরুদ্ধে সামরিক হামলার জেরে মধ্যপ্রাচ্য অঞ্চলে ফ্লাইট বাতিল হওয়ায় বর্তমানে প্রায় ১ লাখ ১৫ হাজার অস্ট্রেলীয় নাগরিক সেখানে অবস্থান করছেন বলে জানিয়েছেন পেনি ওং।

সোমবার অস্ট্রেলিয়ান ব্রডকাস্টিং কর্পোরেশনকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, বাণিজ্যিক ফ্লাইট কবে পুনরায় চালু হবে সে বিষয়ে আপডেটের অপেক্ষায় রয়েছে ফেডারেল সরকার।

পরিস্থিতি স্বাভাবিক হলে আটকে পড়া নাগরিকদের ফিরিয়ে আনতে বিশেষ ব্যবস্থা নেওয়া হবে বলে জানান তিনি।

পেনি ওং বলেন, এ অঞ্চলে বিপুল সংখ্যক মানুষ রয়েছেন। এই মুহূর্তে যদি আমরা তাদের বাণিজ্যিক ফ্লাইটে ওঠার সুযোগ করে দিতে পারি, তবে তারাই দ্রুত দেশে ফিরতে পারবেন।

এর আগে সোমবার জারি করা এক বিবৃতিতে তিনি জানান, অস্ট্রেলিয়া সরকার নাগরিকদের বাহরাইন, ইরান, ইরাক, ইসরায়েল, কুয়েত, লেবানন, ফিলিস্তিন, কাতার, সিরিয়া, সংযুক্ত আরব আমিরাত এবং ইয়েমেনে ভ্রমণ না করার পরামর্শ দিচ্ছে।

এছাড়া জর্ডান, ওমান ও সৌদি আরবে ভ্রমণের প্রয়োজনীয়তা পুনর্বিবেচনার আহ্বান জানানো হয়েছে।

মধ্যপ্রাচ্যে অবস্থানরত অস্ট্রেলীয় নাগরিকদের স্থানীয় পরিস্থিতি ও গণমাধ্যম নিবিড়ভাবে পর্যবেক্ষণ, বিমান সংস্থা বা ট্রাভেল এজেন্টদের সঙ্গে সরাসরি যোগাযোগ করে ভ্রমণ পরিকল্পনা নিশ্চিত করা, ভ্রমণ বিমা পর্যালোচনা এবং সর্বশেষ তথ্যের জন্য পররাষ্ট্র ও বাণিজ্য দপ্তরের নির্দেশনা অনুসরণ করার পরামর্শ দেওয়া হয়েছে।

ওং জানান, পররাষ্ট্র ও বাণিজ্য বিভাগ (ডিএফএটি) ইতোমধ্যে তাদের 'ক্রাইসিস সেন্টার' সক্রিয় করেছে, যাতে মধ্যপ্রাচ্যে থাকা অস্ট্রেলীয়দের কনস্যুলার সহায়তা প্রদান করা যায়।

অন্যদিকে, উপপ্রধানমন্ত্রী ও প্রতিরক্ষামন্ত্রী রিচার্ড মার্লেস বলেছেন, বর্তমানে অঞ্চলে মোতায়েন থাকা প্রায় ১০০ জন প্রতিরক্ষা বাহিনীর সদস্যের নিরাপত্তা নিশ্চিত করতে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে।

## দায়িত্বজ্ঞানহীন কর্মকাণ্ড, জাতীয় নিরাপত্তা বিপন্ন: হিজবুল্লাহর হামলার পর লেবাননের প্রধানমন্ত্রী

বেইরুত, ২ মার্চ (আইএএনএস) : লেবাননের দক্ষিণাঞ্চল থেকে রকেট নিক্ষেপ দেশের নিরাপত্তা ও নাগরিকদের সুরক্ষা বিপন্ন করছে এবং ইসরায়েলকে হামলা চালিয়ে যাওয়ার অজুহাত দিচ্ছে বলে মন্তব্য করেছেন লেবাননের প্রধানমন্ত্রী নওয়াফ সালাম।

সোমবার সামাজিক যোগাযোগমাধ্যম এক্স-এ দেওয়া এক পোস্টে তিনি বলেন, যে পক্ষই এর পেছনে থাকুক না কেন, দক্ষিণ লেবানন থেকে রকেট নিক্ষেপ একটি দায়িত্বজ্ঞানহীন ও সন্দেহজনক কাজ। এটি লেবাননের নিরাপত্তা ও স্থিতিশীলতাকে হুমকির মুখে ফেলছে এবং ইসরায়েলকে হামলা অব্যাহত রাখার অজুহাত দিচ্ছে। তিনি আরও যোগ করেন, আমরা দেশকে নতুন কোনো দুঃসাহসিক অভিযানে জড়াতে দেব না। দোষীদের থামাতে এবং লেবাননের জনগণকে সুরক্ষা দিতে আমরা সব প্রয়োজনীয় ব্যবস্থা নেব।

এর আগে ইরানের সর্বোচ্চ নেতা আলী খামেনি নিহত হওয়ার প্রতিশোধ হিসেবে লেবানন থেকে ইসরায়েলের দিকে একাধিক রকেট নিক্ষেপ করে সশস্ত্র সংগঠন হিজবুল্লাহ। ২০২৪ সালের নভেম্বর মাসে যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পর এই প্রথম ইসরায়েলের বিরুদ্ধে হামলা চালাল সংগঠনটি।

রকেট হামলার পর লেবাননের হিজবুল্লাহ-নিয়ন্ত্রিত এলাকায় পাল্টা বিমান হামলা চালায় ইসরায়েল। ইসরায়েল প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) এক বিবৃতিতে জানায়, তারা লেবাননজুড়ে জঙ্গি লক্ষ্যবস্তুতে হামলা শুরু করেছে এবং এর জন্য হিজবুল্লাহকে দায়ী করেছে।

আইডিএফ জানায়, একটি রকেট আকাশ প্রতিরক্ষা ব্যবস্থার মাধ্যমে প্রতিহত করা হয়েছে, অন্যগুলো খোলা এলাকায় পড়েছে। হামলার ফলে উত্তর ইসরায়েলজুড়ে এয়ার রেইড সাইরেন বেজে ওঠে।

ইসরায়েলের জরুরি উদ্ধার সংস্থা ম্যাগেন ডেভিড অ্যাডম জানিয়েছে, হামলায় তাৎক্ষণিকভাবে কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। তবে আশ্রয়কেন্দ্রে যাওয়ার সময় কয়েকজন সামান্য আহত হয়েছেন। উল্লেখ্য, ২০২৪ সালের নভেম্বর থেকে ইসরায়েল ও হিজবুল্লাহর মধ্যে ভঙ্গুর যুদ্ধবিরতি কার্যকর থাকায় লেবানন থেকে গুলি বা রকেট নিক্ষেপের ঘটনা ছিল বিরল। তবে ইসরায়েল দক্ষিণ ও পূর্ব লেবাননে প্রায়ই বিমান হামলা চালিয়ে আসছে, যা তাদের দাবি অনুযায়ী সম্ভাব্য "হুমকি" প্রতিরোধে পরিচালিত।

রবিবার হিজবুল্লাহর প্রধান নাইম কাসেম এক আনুষ্ঠানিক শোকবার্তায় ইসরায়েলের হাতে আলি খামেনির হত্যাকাণ্ডকে "অপরাধের চূড়ান্ত উদাহরণ" বলে আখ্যা দেন।

## নূর খান ঘাঁটিসহ পাকিস্তানের গুরুত্বপূর্ণ সামরিক স্থাপনায় আফগান হামলা, নিহত ৩২ সেনা

কাবুল, ২ মার্চ (আইএএনএস) : আফগানিস্তানের প্রতিরক্ষা মন্ত্রণালয় সোমবার জানিয়েছে, তাদের বিমান বাহিনী পাকিস্তানের একাধিক গুরুত্বপূর্ণ সামরিক স্থাপনায় "নির্ভুল ও সমন্বিত" আকাশ অভিযান পরিচালনা করেছে। দুই প্রতিবেশী দেশের মধ্যে ক্রমবর্ধমান নিরাপত্তা উত্তেজনার মধ্যেই এ পদক্ষেপ নেওয়া হয়েছে।

এক্স-এ প্রকাশিত এক বিবৃতিতে আফগান প্রতিরক্ষা মন্ত্রণালয় জানায়, হামলার লক্ষ্যবস্তু ছিল রাওয়ালপিন্ডিতে অবস্থিত নূর খান বিমানঘাঁটি, বেলুচিস্তানের কোয়েটায় পাকিস্তানের ১২তম ডিভিশনের সদর দপ্তর এবং খাইবার পাখতুনখোয়ার মোহমান্দ এজেন্সির খওয়াজাই ক্যাম্প। এছাড়া পাকিস্তানের আরও কয়েকটি কৌশলগত কমান্ড সেন্টারেও আঘাত হানা হয়েছে বলে দাবি করা হয়।

বিবৃতিতে বলা হয়, প্রাথমিক মূল্যায়নে দেখা গেছে, নির্ধারিত লক্ষ্যবস্তুতে উল্লেখযোগ্য ক্ষতি হয়েছে। পাকিস্তানি সামরিক বাহিনীর সাম্প্রতিক আকাশসীমা লঙ্ঘন এবং কাবুল ও বাগরামে হামলার জবাব হিসেবেই এই অভিযান পরিচালিত হয়েছে।

মন্ত্রণালয় সতর্ক করে জানায়, আফগান আকাশসীমা পুনরায় লঙ্ঘন বা পাকিস্তানের যেকোনো "আগ্রাসী পদক্ষেপের" জবাব দ্রুত, দৃঢ় ও সমানুপাতিকভাবে দেওয়া হবে।

উত্তেজনা আরও বেড়েছে, যখন গত সপ্তাহে ইসলামাবাদ আফগান তালেবান প্রশাসনের বিরুদ্ধে তথাকথিত "উন্মুক্ত যুদ্ধ" ঘোষণা করে। সীমান্তে নতুন করে সংঘর্ষের পর শুক্রবার পাকিস্তান কাবুল ও কান্দাহারে বিমান হামলা চালায় বলে অভিযোগ ওঠে।

উল্লেখ্য, রাওয়ালপিন্ডির নূর খান বিমানঘাঁটি পাকিস্তান বিমান বাহিনীর একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ২০২৫ সালের মে মাসে ভারতের অপারেশন সিঁদুর অভিযানের সময়ও এই ঘাঁটি লক্ষ্যবস্তুতে পরিণত হয়েছিল বলে জানা যায়, যার পর সেখানে মেরামত কার্যক্রম চালানো হয়।

এদিকে, তালেবান বাহিনী দাবি করেছে, তাদের পাল্টা হামলায় পাকিস্তানের ৩২ জন সেনা নিহত হয়েছে। আফগানিস্তানভিত্তিক সংবাদমাধ্যম টোলোনিউজ জানায়, রাতভর পরিচালিত অভিযানে ১০ জন পাকিস্তানি সেনা আহত হয়েছেন এবং চারটি সামরিক চৌকি ধ্বংস হয়েছে। আফগান প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-মুখপাত্র সিদিকুল্লাহ নসরাত জানান, নানগারহার, পাকতিয়া, খোস্ত ও কান্দাহার প্রদেশে ২০৩ মানসুরি, ২০১ খালিদ বিন ওয়ালিদ এবং ২০৫ আল-বদর কোরের নেতৃত্বে লেজার অস্ত্র ও আধুনিক সরঞ্জাম ব্যবহার করে অভিযান পরিচালনা করা হয়েছে। তিনি আরও দাবি করেন, আফগান বাহিনী পাকিস্তানের সামরিক বাহিনীর দুটি ড্রোন ভূপাতিত করেছে।

## দক্ষিণ-পূর্ব অস্ট্রেলিয়ায় প্রাণঘাতী আকস্মিক বন্যার সতর্কতা জারি

মেলবোর্ন, ২ মার্চ (আইএএনএস) : অস্ট্রেলিয়ার দক্ষিণ-পূর্বাঞ্চলীয় রাজ্য ভিক্টোরিয়া ও নিউ সাউথ ওয়েলসের (এনএসডব্লিউ) বিস্তীর্ণ এলাকায় প্রাণঘাতী আকস্মিক বন্যার জরুরি সতর্কতা জারি করা হয়েছে।

আবহাওয়া ব্যুরো (বিওএম) সোমবার কেন্দ্রীয় ও উত্তর ভিক্টোরিয়া এবং দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিম এনএসডব্লিউ অঞ্চলে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়ে তীব্র আবহাওয়া সতর্কতা জারি করে। সংস্থাটি জানায়, সতর্কতাভুক্ত প্রায় ৬৫০ কিলোমিটার বিস্তৃত এলাকায় ভিক্টোরিয়ার সেমুর শহর থেকে এনএসডব্লিউয়ের দূরবর্তী খনি শহর ব্রোকেন হিল পর্যন্তসোমবার ছয় ঘণ্টায় সর্বোচ্চ ১০০ মিলিমিটার পর্যন্ত বৃষ্টিপাত হতে পারে।

বিওএম এক বিবৃতিতে জানায়, আজ সকালে বজ্রঝড়ের সঙ্গে স্থানীয়ভাবে অতি ভারী বৃষ্টিপাত হতে পারে, যা বিপজ্জনক ও প্রাণঘাতী আকস্মিক বন্যার সৃষ্টি করতে পারে।

ভিক্টোরিয়া ও এনএসডব্লিউ রাজ্যের রাজ্য জরুরি পরিষেবা (এসইএস) জনগণকে বন্যার পানির মধ্য দিয়ে গাড়ি না চালানো এবং নদী-খালসহ জলাশয় থেকে দূরে থাকার পরামর্শ দিয়েছে।

## 'সন্ত্রাসী হামলা' ইস্যুতে ইরানি দূত তলব করল সংযুক্ত আরব আমিরাত ও জর্ডান

নয়াদিল্লি, ২ মার্চ (আইএএনএস) : নিজ নিজ ভূখণ্ডে সাম্প্রতিক হামলার প্রতিবাদ জানাতে ইরানের দূতদের তলব করেছে সংযুক্ত আরব আমিরাত ও জর্ডন। দুই দেশই এসব হামলাকে "সন্ত্রাসী আক্রমণ" আখ্যা দিয়ে সার্বভৌমত্ব ও আন্তর্জাতিক আইনের সুস্পষ্ট লঙ্ঘন বলে নিন্দা জানিয়েছে।

আম্মানে পররাষ্ট্র ও প্রবাসী মন্ত্রণালয় ইরানের দূতাবাসের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে তলব করে তার সরকারের কাছে কড়া প্রতিবাদ বার্তা পৌঁছে দেয়। এক্স-এ প্রকাশিত বিবৃতিতে মন্ত্রণালয় জানায়, হামলাগুলো জর্ডানের পাশাপাশি ভ্রাতৃপ্রতিম আরব দেশগুলোর ভূখণ্ডকে লক্ষ্য করে চালানো হয়েছে।

বিবৃতিতে বলা হয়, এটি জর্ডান ও আরব দেশগুলোর সার্বভৌমত্বের সুস্পষ্ট লঙ্ঘন, আন্তর্জাতিক আইন ও জাতিসংঘ সনদের নগ্ন অবমাননা এবং এমন এক অগ্রহণযোগ্য উত্তেজনা, যা নাগরিকদের নিরাপত্তা ও আঞ্চলিক এবং আন্তর্জাতিক স্থিতিশীলতাকে হুমকির মুখে ফেলছে।

মন্ত্রণালয়ের মুখপাত্র ফুয়াদ আল-মাজালি জানান, ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবিলম্বে জর্ডানকে লক্ষ্য করে হামলা বন্ধ করা, দেশের সার্বভৌমত্ব ও আঞ্চলিক অখণ্ডতা সম্মান করা এবং আন্তর্জাতিক আইন ও সুপ্রতিবেশী সম্পর্কের নীতিমালা মেনে চলার আহ্বান জানানো হয়েছে। তিনি বলেন, জর্ডান তার নাগরিকদের নিরাপত্তা, রাষ্ট্রের সুরক্ষা ও সার্বভৌমত্ব রক্ষায় প্রয়োজনীয় সব পদক্ষেপ নেবে।

অন্যদিকে, আবুধাবিতে পররাষ্ট্র মন্ত্রণালয় ইরানের রাষ্ট্রদূত রেজা আমেরিকে তলব করে কড়া প্রতিবাদপত্র দেয়। মন্ত্রণালয় এক বিবৃতিতে জানায়, ইরানের সন্ত্রাসী হামলা ও আগ্রাসন সর্বোচ্চ ভাষায় নিন্দা জানানো হয়েছে।

বিবৃতিতে বলা হয়, সংযুক্ত আরব আমিরাতের ভূখণ্ডকে লক্ষ্য করে হামলা চালানো দেশটির সার্বভৌমত্বের সুস্পষ্ট লঙ্ঘন, জাতীয় নিরাপত্তার জন্য হুমকি এবং আন্তর্জাতিক কনভেনশন, প্রস্তাব ও প্রতিষ্ঠিত নীতিমালার পরিপন্থী।

দেশটির প্রতিমন্ত্রী খলিফা শাহীন আল মারার বলেন, ইরান সরকারের পক্ষ থেকে বেসামরিক স্থাপনাযেমন আবাসিক এলাকা, বিমানবন্দর, সমুদ্রবন্দর ও সেবামূলক অবকাঠামো লক্ষ্য করে যে বৈরী উত্তেজনা সৃষ্টি করা হয়েছে, তার কোনো অজুহাত আমরা গ্রহণ করি না। এতে নিরীহ বেসামরিক মানুষ ঝুঁকির মুখে পড়েছে।

তিনি আরও বলেন, এসব হামলা সুপ্রতিবেশী সম্পর্কের নীতি ও জাতিসংঘ সনদের পরিপন্থী এবং ইরানের সঙ্গে উত্তেজনা প্রশমন ও শান্তিপূর্ণ সমাধানের যে পথ ইউএই ধারাবাহিকভাবে অনুসরণ করেছে, তা বাধাগ্রস্ত করছে।

ইউএই সতর্ক করেছে, এই পরিস্থিতির দ্বিপাক্ষিক সম্পর্কের ওপর গুরুতর প্রভাব পড়তে পারে, যার সরাসরি প্রভাব রাজনৈতিক, অর্থনৈতিক ও বাণিজ্যিক ক্ষেত্রেও পড়বে।

জর্ডান ও ইউএইয়ের সমন্বিত কূটনৈতিক প্রতিবাদ ইরানের সামরিক পদক্ষেপ নিয়ে অঞ্চলে ক্রমবর্ধমান উদ্বেগ এবং তা বেসামরিক নিরাপত্তা ও আঞ্চলিক স্থিতিশীলতার ওপর সম্ভাব্য প্রভাবের বিষয়টি স্পষ্টভাবে তুলে ধরেছে।

## ইজরায়েল-ইরান যুদ্ধ তীব্রতায় অপরিশোধিত তেলের দাম ৭ এর বেশি লাফ

নয়াদিল্লি, ২ মার্চ (আইএএনএস): পশ্চিম এশিয়ায় যুদ্ধ পরিস্থিতি আরও তীব্র হওয়ায় আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম সোমবার ৭ শতাংশের বেশি বৃদ্ধি পেয়েছে। যুক্তরাষ্ট্র ও ইজরায়েলের সামরিক হামলার পর ইরানকে ঘিরে উত্তেজনা বাড়তেই বাজারে অস্থিরতা তৈরি হয়েছে।

আন্তর্জাতিক মানদণ্ড ব্রেন্ট অপরিশোধিত তেল ফিউচারসের দাম বেড়ে ব্যারেল প্রতি ৮২.৩৭ ডলারে পৌঁছেছে, যা ২০২৫ সালের জানুয়ারির পর সর্বোচ্চ। ব্রেন্ট ক্রুডের দাম ৭.৬০ শতাংশ বেড়ে ৭৮.৪১ ডলারে দাঁড়িয়েছে। একই সময়ে মার্কিন পশ্চিম টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) ফিউচারস ৭.১৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ব্যারেল প্রতি ৭১.৮৬ ডলারে পৌঁছেছে।

সংবাদমাধ্যমের খবর অনুযায়ী, ইরান গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালী প্রণালী দিয়ে জাহাজ চলাচল বন্ধ করে দিয়েছে। ফলে বিভিন্ন দেশ ও তেল পরিশোধনকারী সংস্থাগুলি তাদের মজুত পরিস্থিতি পর্যালোচনা শুরু করেছে। বিশ্বে প্রায় ২০ শতাংশ তেল সরবরাহ এই প্রণালী দিয়ে পরিবাহিত হয় এবং ভারতের মোট অপরিশোধিত তেল আমদানির ৪০ শতাংশের বেশি এই পথেই আসে।

এদিকে, মার্কিন-ইজরায়েলি হামলার মধ্যেই ওপেক আগামী মাস থেকে উৎপাদন বৃদ্ধি পুনরায় শুরু করার সিদ্ধান্ত নিয়েছে। সৌদি আরব ও রাশিয়ার নেতৃত্বে প্রধান সদস্য দেশগুলি দৈনিক ২,০৬,০০০ ব্যারেল অতিরিক্ত তেল উৎপাদন করবে।

বিশ্লেষকদের মতে, এই হামলা বৈশ্বিক বাজারে বড় ধরনের ভূরাজনৈতিক ধাক্কা দিয়েছে, যার ফলে তেলের ঝুঁকি প্রিমিয়াম বেড়েছে এবং স্বর্ণ ও রূপার মতো নিরাপদ বিনিয়োগে চাহিদা বৃদ্ধি পেয়েছে।

ব্রিকওয়ার্ক রেটিংসের মানদণ্ড, মডেল ডেভেলপমেন্ট ও গবেষণা বিভাগের প্রধান রাজীব শরণ বলেন, "ভারতের প্রায় ৯০ শতাংশ তেল আমদানি নির্ভর হওয়ায় ব্রেন্টের দামে স্থায়ী বৃদ্ধি হলে জ্বালানি খরচ বাড়বে, মুদ্রাস্ফীতি ও চলতি হিসাব ঘাটতি বাড়ার ঝুঁকি তৈরি হবে। এতে রিজার্ভ ব্যাঙ্কের সুদের হার কমানোর পরিকল্পনা বিলম্বিত হতে পারে।"

ভারতীয় শেয়ারবাজার ইতিমধ্যেই 'রিস্ক-অফ' প্রবণতায় ঢুকেছে। বিদেশি বিনিয়োগকারীদের অর্থপ্রবাহে প্রভাব, বাড়তি অস্থিরতা এবং অটো, আর্থিক ও জ্বালানি-নির্ভর খাতে চাপ তৈরি হওয়ার আশঙ্কা করা হচ্ছে।

বিশ্লেষকদের মতে, তেহরানে নেতৃত্ব নিয়ে স্পষ্টতা, উত্তেজনা প্রশমনের কার্যকর উদ্যোগ এবং হরমুজ প্রণালী-এর মতো গুরুত্বপূর্ণ তেলপথ খোলা থাকার নিশ্চয়তা না পাওয়া পর্যন্ত বাজারে সংঘাতজনিত প্রিমিয়াম বজায় থাকবে।

প্রতিবেদন অনুযায়ী, হরমুজ প্রণালী দীর্ঘ সময় বন্ধ থাকলে ব্রেন্টের দাম ব্যারেল প্রতি ৯০ ডলার ছাড়াতে পারে এবং বৃহত্তর আঞ্চলিক সংঘাতে তা ১০০ ডলারও অতিক্রম করতে পারে।

জেএম ফিনান্সিয়াল ইনস্টিটিউশনাল সিকিউরিটিজ জানিয়েছে, অপরিশোধিত তেলের দামে প্রতি ১ ডলার বৃদ্ধি ভারতের বার্ষিক আমদানি ব্যয় প্রায় ২০০ কোটি ডলার বাড়িয়ে দেয়, যা বাণিজ্য ঘাটতির ওপর বাড়তি চাপ সৃষ্টি করে।

দীর্ঘস্থায়ী উত্তেজনা জাহাজ পরিবহণ ও সামুদ্রিক বিমার খরচ বাড়াতে পারে এবং উপসাগরীয় রুটে বাণিজ্যে বিঘ্ন ঘটিয়ে ভারতের বাণিজ্য ভারসাম্যে চাপ বাড়াতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

## খামেনেইয়ের মৃত্যুকে ঘিরে গিলগিট-বালতিস্তানে বিক্ষোভ অব্যাহত, জারি কারফিউ

ইসলামাবাদ, ২ মার্চ (আইএএনএস): ইরানের সর্বোচ্চ নেতা আলী খামেনি-এর মৃত্যুকে ঘিরে পাকিস্তান অধিকৃত গিলগিট-বালতিস্তানে (পিওজিবি) টানা দ্বিতীয় দিনের মতো বিক্ষোভ অব্যাহত রয়েছে। সহিংসতা, অগ্নিসংযোগ ও ভাঙচুরে উত্তপ্ত হয়ে উঠেছে গোটা অঞ্চল। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে প্রশাসন কারফিউ জারি করেছে এবং সেনা মোতায়েনের আবেদন জানিয়েছে।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, পিওজিবির স্কার্দু জেলায় বিক্ষোভকারীরা একটি রাষ্ট্রসংঘের দফতরে হামলা ও অগ্নিসংযোগ চালালে নিরাপত্তাবাহিনী গুলি চালায়। এতে অন্তত ১১ জনের মৃত্যু হয়েছে বলে খবর।

গিলগিট ও স্কার্দুতে উত্তেজিত জনতা রাষ্ট্রসংঘের সামরিক পর্যবেক্ষক গোষ্ঠী 'ভারত ও পাকিস্তানে জাতিসংঘের সামরিক পর্যবেক্ষক দল" (ইউএনএমওজিআইপি)-এর কার্যালয়ে আগুন ধরিয়ে দেয়। সহিংসতার জেরে একাধিক সরকারি ভবন, একটি স্কুল, পুলিশ সুপারের দফতর এবং আগা খান পল্লী সহায়তা কর্মসূচি (একে আরএসপি)-এর অফিসেও ভাঙচুরের ঘটনা ঘটেছে বলে স্থানীয় সংবাদমাধ্যমে দাবি করা হয়েছে। পরিস্থিতির অবনতি হওয়ায় পিওজিবি প্রশাসনের এক আধিকারিক গুলাম হাসান বিজ্ঞপ্তি জারি করে জানান, আইনশৃঙ্খলা পরিস্থিতি অত্যন্ত নাজুক। গিলগিট ও স্কার্দু জেলায় ২, ৩ ও ৪ মার্চপ্রাথমিকভাবে তিন দিনের জন্য কারফিউ জারি করা হয়েছে। মানবজীবন ও সম্পত্তি রক্ষায় পাকিস্তান সেনাবাহিনী মোতায়েনেরও অনুরোধ জানানো হয়েছে।

গিলগিট-বালতিস্তানের পুলিশ মহাপরিদর্শক আকবর নাসির এক ভিডিও বার্তায় জানান, সেনাবাহিনীর পাশাপাশি পুলিশ, রেঞ্জার্স ও ফ্রন্টিয়ার কোর (এফসি) মোতায়েন থাকবে। মানবিক কারণে শুধুমাত্র জানাজা ও দাফনের সময় সাময়িকভাবে কারফিউ শিথিল করা হবে। তিনি আরও বলেন, শুধুমাত্র গিলগিটের স্থানীয় বাসিন্দাদেরই জানাজায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হবে, বাইরের জেলার কাউকে প্রবেশ করতে দেওয়া হবে না। এদিকে করাচি ও লাহৌরে মার্কিন কনস্যুলেটের বাইরে বিক্ষোভ ছড়িয়ে পড়ে। ইসলামাবাদে মার্কিন দূতাবাস ও পেশোয়ার কনস্যুলেটের সামনেও বিক্ষোভের ডাক দেওয়া হয়েছে। করাচিতে মার্কিন কনস্যুলেটের দরজা-জানালা ভাঙচুর ও অগ্নিসংযোগের ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছে।

পাকিস্তানের প্রভাবশালী দৈনিক এর প্রতিবেদন অনুযায়ী, দেশজুড়ে সংঘর্ষে অন্তত ২৩ জন বিক্ষোভকারী নিহত হয়েছেন। এর মধ্যে করাচিতে ১০ জন, স্কার্দু জেলায় ১১ জন এবং ইসলামাবাদে ২ জনের মৃত্যু হয়েছে।

পরিস্থিতির প্রেক্ষিতে পাকিস্তানে অবস্থানরত মার্কিন নাগরিকদের সতর্ক থাকার পরামর্শ দিয়েছে মার্কিন দূতাবাস।

## উত্তর আফগানিস্তানে সড়ক দুর্ঘটনায় নিহত ৩, আহত ৬

কাবুল, ২ মার্চ (আইএএনএস) : উত্তর আফগানিস্তানের জওজান প্রদেশে মহাসড়কে সংঘর্ষে অন্তত তিনজন নিহত ও ছয়জন আহত হয়েছেন বলে জানিয়েছে প্রাদেশিক পুলিশ কার্যালয়।

রবিবার জওজান-সারি পুল মহাসড়কের হাদবাখশি এলাকায় বেপরোয়া গতিতে চলা দুটি গাড়ির মুখোমুখি সংঘর্ষে ঘটনাস্থলেই দুই চালক ও এক নারী যাত্রী নিহত হন। আহতদের মধ্যে দুই শিশুও রয়েছে বলে বিবৃতিতে উল্লেখ করা হয়েছে।

আহতদের চিকিৎসার জন্য নিকটবর্তী হাসপাতালে পাঠানো হয়েছে। একই সঙ্গে ভবিষ্যতে এ ধরনের দুর্ঘটনা এড়াতে চালকদের কঠোরভাবে ট্রাফিক আইন মেনে চলার আহ্বান জানিয়েছে পুলিশ।

যুদ্ধবিধ্বস্ত আফগানিস্তানে প্রাণঘাতী সড়ক দুর্ঘটনা একটি দীর্ঘস্থায়ী সমস্যা। জরাজীর্ণ সড়ক অবস্থা, বেপরোয়া গাড়ি চালানো এবং পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থার অভাবকে এসব দুর্ঘটনার প্রধান কারণ হিসেবে উল্লেখ করা হয়।

এর আগে ৩১ জানুয়ারি উত্তরাঞ্চলের বাগলান প্রদেশে সড়ক দুর্ঘটনায় তিন যাত্রী নিহত ও দুইজন আহত হন। দুশি জেলার কালা-ই-বাদায় এলাকায় দ্রুতগতির দুটি গাড়ির সংঘর্ষে এক নারী ও এক শিশুসহ তিনজন ঘটনাস্থলেই মারা যান।

এছাড়া ২৯ জানুয়ারি উত্তরাঞ্চলের বাদাখশান প্রদেশে পাহাড়ি সড়ক থেকে একটি গাড়ি খাদে পড়ে দুইজন নিহত ও একজন আহত হন।

গত বছরের ডিসেম্বরে বাগলান প্রদেশের সালাং এলাকায় একটি যাত্রীবাহী বাস উল্টে অন্তত পাঁচজন নিহত ও ৪৪ জন আহত হন। পাজওক আফগান নিউজ জানায়, ২০ ডিসেম্বর ভোররাতে শাওয়াল এলাকায় বেপরোয়া গতির কারণে বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে সড়ক থেকে ছিটকে পড়ে উল্টে যায়।

আফগানিস্তানের জনপথ মন্ত্রণালয়ের মুখপাত্র মোহাম্মদ আশরাফ হাকশেনাস জানান, আহতদের খানজান জেলা স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করা হয়। ভ্রমণকারীদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশনা মেনে চলা এবং ট্রাফিক আইন অনুসরণের আহ্বান জানানো হয়েছে। পাশাপাশি সালাং মহাসড়কের বিভিন্ন স্থানে তুষার অপসারণ কার্যক্রম চালানো হচ্ছে বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

## ইরানের বিস্তৃত হামলায় উপসাগরীয় শহরগুলোতে বিস্ফোরণ, বাড়ছে আঞ্চলিক উত্তেজনা

তেহরান, ২ মার্চ (আইএএনএস) : ইরান উপসাগরীয় অঞ্চলে একাধিক দেশে হামলা সম্প্রসারণ করায় সোমবার দুবাই, আবুধাবি ও দোহাসহ বিভিন্ন শহরে বিস্ফোরণের শব্দ শোনা গেছে। সামরিক স্থাপনার পাশাপাশি বেসামরিক অবকাঠামোকেও লক্ষ্যবস্তু করা হয়েছে বলে জানা গেছে, যা পরিস্থিতিকে নজিরবিহীন আঞ্চলিক উত্তেজনার দিকে ঠেলে দিয়েছে।

দুবাই, আবু ধাবি এবং দোহাতে বিস্ফোরণ ও সাইরেনের শব্দে আতঙ্ক ছড়িয়ে পড়ে। একই সময়ে ইজরায়েল ও হিজবুল্লাহর মধ্যেও গোলাগুলি বিনিময় হয়েছে, ফলে সংঘাত আরও বিস্তৃত হয়েছে।

বাহরেইনে বাসিন্দারা গভীর রাতে "প্রচণ্ড বিস্ফোরণ ও সাইরেনের" শব্দে ঘুম ভাঙার কথা জানান। প্রথমদিকে ইরানের হামলা মার্কিন নৌবাহিনীর পঞ্চম নৌবহরের সদর দপ্তরসহ সামরিক লক্ষ্যবস্তুতে সীমাবদ্ধ ছিল বলে ধারণা করা হলেও পরে বিমানবন্দর ও অন্যান্য বেসামরিক স্থাপনাও লক্ষ্যবস্তুতে পরিণত হয়।

উপসাগরীয় অঞ্চলের সুউচ্চ আবাসিক ভবন, বিলাসবহুল হোটেল, শপিং সেন্টার এবং আধুনিক বিমানবন্দর টার্মিনাল যেগুলো এই অঞ্চলের সমৃদ্ধির প্রতীক সেগুলোর আশপাশেও বিচ্ছিন্ন হামলার খবর পাওয়া গেছে। আগত ক্ষেপণাস্ত্র ও ড্রোন মোকাবিলায় আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা সক্রিয় রয়েছে।

এদিকে কুয়েতে একটি মার্কিন বিমানঘাঁটির কাছে একটি যুদ্ধবিমান বিধ্বস্ত হয়েছে বলে আন্তর্জাতিক সংবাদমাধ্যম জানিয়েছে। ঘটনাটি ঘটে যখন ইরান যুক্তরাষ্ট্র-ইসরায়েলের যৌথ হামলার জবাবে উপসাগর জুড়ে আক্রমণ জোরদার করে।

একজন জ্যেষ্ঠ ইরানি কর্মকর্তা জানিয়েছেন, তেহরান ওয়াশিংটনের সঙ্গে কোনো আলোচনা করবে না, যা চলমান সংঘাত আরও দীর্ঘায়িত হওয়ার ইঙ্গিত দেয়।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প স্বীকার করেছেন, কুয়েতে তিন মার্কিন সেনা নিহত হওয়ার পর আরও হতাহতের আশঙ্কা রয়েছে। এতে সংঘাতের মানবিক মূল্য আরও বাড়ার আশঙ্কা জোরদার হয়েছে।

রবিবার প্রতিরক্ষা মন্ত্রণালয় জানায়, তারা ১৬৫টি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র, দুটি ক্রুজ ক্ষেপণাস্ত্র এবং ৫৪১টি ইরানি ড্রোন প্রতিহত করেছে। তবুও বিভিন্ন দেশে বিস্ফোরণ ও সাইরেনের খবর পাওয়া গেছে।

সৌদি আরব ও ওমান তুলনামূলকভাবে কম ক্ষতিগ্রস্ত হয়েছে। ওমান জানিয়েছে, তাদের বাণিজ্যিক বন্দরে একটি ড্রোন হামলা হয়েছে। সৌদি কর্তৃপক্ষ জানিয়েছে, রিয়াদ ও পূর্বাঞ্চল লক্ষ্য করে হামলা প্রতিহত করা হয়েছে এবং এসব আক্রমণকে "অযৌক্তিক আগ্রাসন" হিসেবে নিন্দা করা হয়েছে।

বিশ্লেষকদের মতে, ২০১৯ সালে সৌদি আরামকো স্থাপনায় ড্রোন হামলার ঘটনায় ইরানের সংশ্লিষ্টতার অভিযোগ উঠেছিল। তবে বর্তমান হামলার ব্যাপ্তি ও সমন্বয় আঞ্চলিক অস্থিতিশীলতা দীর্ঘায়িত হওয়ার আশঙ্কা আরও বাড়িয়ে দিয়েছে।

## ৫ মার্চের নির্বাচনে সক্রিয় অংশগ্রহণের আহ্বান নেপালের অন্তর্বর্তী প্রধানমন্ত্রী কার্কির

কাঠমান্ডু, ২ মার্চ (আইএএনএস) : আগামী ৫ মার্চ অনুষ্ঠেয় সংসদীয় নির্বাচনকে সামনে রেখে নেপালের অন্তর্বর্তী প্রধানমন্ত্রী সুশীলা কার্কি নাগরিকদের সক্রিয়ভাবে ভোটে অংশ নেওয়ার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, এই ভোট শুধু সরকার গঠনের বিষয় নয়, বরং নিজেদের ও সন্তানের ভবিষ্যৎ নির্ধারণের সুযোগ।

গত বছরের সেপ্টেম্বর মাসে 'জেন-জি আন্দোলন'-এর জেরে তৎকালীন প্রধানমন্ত্রী কে পি শর্মা অলি-র নেতৃত্বাধীন সরকার ক্ষমতাচ্যুত হয়। এরপর ছয় মাসের মধ্যে নির্বাচন আয়োজনের লক্ষ্যে কার্কির নেতৃত্বে অন্তর্বর্তী সরকার গঠিত হয়।

শুরুতে নেপালের কমিউনিস্ট পার্টি (ইউনিফাইড মার্কসবাদী লেনিনবাদী) (সিপিএন-ইউএমএল) ও নেপালি কংগ্রেস-সহ কয়েকটি রাজনৈতিক শক্তির পক্ষ থেকে শঙ্কা প্রকাশ করা হলেও শেষ পর্যন্ত প্রধান সব দলই নির্বাচনে অংশ নিচ্ছে।

হোলি উৎসবের সূচনার দিন জাতির উদ্দেশে দেওয়া ভাষণে প্রধানমন্ত্রী বলেন, ভোট দেওয়া মানে শুধু একটি প্রতীকে সিল মারা নয়, এটি আপনার ও আপনার সন্তানের ভবিষ্যৎ সম্পর্কে সিদ্ধান্ত নেওয়া।

নেপালে মোট ২৭৫ সদস্যের প্রতিনিধি পরিষদ নির্বাচিত হবে। এর মধ্যে ১৬৫টি আসন সরাসরি 'ফার্স্ট-পাস্ট-দ্য-পোস্ট' (এফপিটিপি) পদ্ধতিতে এবং ১১০টি আসন আনুপাতিক প্রতিনিধিত্ব পদ্ধতিতে নির্বাচিত হবে। এফপিটিপি ব্যবস্থায় ৬৭টি রাজনৈতিক দলের মোট ৩,৪০৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

প্রধানমন্ত্রী কার্কি বলেন, জেন-জি আন্দোলনের পর দেশের পরিস্থিতি ছিল জটিল ও স্পর্শকাতর। গত ৮ ও ৯ সেপ্টেম্বরের বিক্ষোভে পুলিশি পদক্ষেপসহ বিভিন্ন ঘটনায় অন্তত ৭৭ জন নিহত হন এবং সরকারি হিসাব অনুযায়ী ৮৪ বিলিয়ন নেপালি রুপিরও বেশি সম্পদের ক্ষতি হয়।

তিনি বলেন, রাস্তার যুবসমাজের ক্ষোভ, মানুষের মনে ভয় এবং জাতির ভবিষ্যৎ নিয়ে অনিশ্চয়তার মধ্যে আমাদের প্রথম দায়িত্ব ছিল সহিংসতা থেকে দেশকে সরিয়ে শান্তিপূর্ণ ও সাংবিধানিক পথে ফিরিয়ে আনা। আমরা সেই ধাপ সফলভাবে অতিক্রম করেছি।

সোমবার মধ্যরাত থেকে শুরু হওয়া 'নীরবতা পর্বে' সব ধরনের প্রচার বন্ধ রাখার নির্দেশনা কঠোরভাবে মেনে চলার জন্য রাজনৈতিক দল, প্রার্থী ও সমর্থকদের প্রতি আহ্বান জানান তিনি। নির্বাচনী প্রচারে সামাজিক যোগাযোগমাধ্যমে ভুয়া ও বিভ্রান্তিকর তথ্য ছড়ানোর প্রসঙ্গ তুলে প্রধানমন্ত্রী নাগরিকদের সতর্ক থাকার আহ্বান জানান এবং দায়ীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দেন।




ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ খামেনির হত্যার নিন্দা জানিয়ে সদর জেলা কংগ্রেসের বিক্ষোভ।

# ‘বিশ্বশান্তির জন্য হুমকি’: ইরানে মার্কিন-ইজরায়েলি হামলা নিয়ে মুসলিম পার্সোনাল ল’ বোর্ডের নিন্দা

নয়াদিল্লি, ২ মার্চ (আইএএনএস): ইরানে মার্কিন-ইজরায়েলি বিমান হামলায় ইরানের সর্বোচ্চ নেতা আলী খামেনি নিহত হওয়ার ঘটনায় তীব্র প্রতিক্রিয়া জানাল অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল বোর্ড। বোর্ডের সচিব উমরাইন মাহফুজ রহমানি এই হামলাকে “সম্পূর্ণ অগ্রহণযোগ্য” এবং “বিশ্বশান্তির জন্য গুরুতর হুমকি” বলে অভিহিত করেছেন।

আইএএনএস-কে দেওয়া সাক্ষাৎকারে রহমানি বলেন, “যেভাবে আমেরিকা ও ইজরায়েল আগ্রাসন দেখিয়েছে এবং গাজা ও প্যালেস্টাইনে ইজরায়েলের লাগাতার হামলা চলেছে, তা বিশ্বশান্তির সামনে বড় প্রশ্নচিহ্ন তুলে ধরছে। এই ধরনের পদক্ষেপের প্রকাশ্যে নিন্দা হওয়া উচিত। বিশ্ব যুদ্ধ নয়, শান্তি চায়। প্রকৃত শান্তি তখনই আসে, যখন সীমা ও সংযম রক্ষা করা হয়। আমেরিকা ও ইজরায়েলের স্বেচ্ছাচারী পদক্ষেপ এবং ইরানে হামলা সম্পূর্ণ অগ্রহণযোগ্য।”

তিনি আরও বলেন, “ইরান মাথা নত করেনি এবং এক বিশিষ্ট নেতা (আয়াতোল্লাহ আলি খামেনেই) শহিদ হয়েছেন। এটি ইসলামের জন্য এক অপূরণীয় ক্ষতি। তিনি গর্বের সঙ্গে আত্মবলিদান দিয়েছেন এবং অত্যাচারীর সামনে মাথা নত না করার বার্তা দিয়েছেন। তাঁর এই আত্মত্যাগ শুধু শিয়া সম্প্রদায় নয়, সারা বিশ্বের অনুসারীদের নাড়া দিয়েছে। ইজরায়েল ও আমেরিকার এই পদক্ষেপের নিন্দা বিশ্বজুড়ে হয়েছে।”রহমানি মন্তব্য করেন, “সত্য ও অসত্যের লড়াই চিরকাল চলেছে। এখন প্রশ্ন হল, আমরা কীভাবে নিজেদের মানুষ ও দেশকে রক্ষা করব? সুযোগ পেলেই ক্ষতি করার চেষ্টা হবে, এ বিষয়ে সন্দেহ নেই।”

উল্লেখ্য, মার্কিন-ইজরায়েলি যৌথ হামলায় খামেনেই নিহত হয়েছেন বলে ঘোষণা করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম ‘ট্রুথ সোশ্যাল’-এ ট্রাম্প দাবি করেন, এটি ইরানের জনগণের জন্য “দেশের নিয়ন্ত্রণ পুনরুদ্ধারের সবচেয়ে বড় সুযোগ”। তিনি খামেনেইকে “ইতিহাসের অন্যতম দুষ্ট ব্যক্তি” বলে উল্লেখ করে হামলাকে “ন্যায়বিচার” বলে আখ্যা দেন।

ইরানের ফার্স নিউজ এজেন্সির দাবি, এই হামলায় খামেনেইর চার আত্মীয়তাঁর কন্যা, নাতি/নাতনি ও জামাই-সহনিহত হয়েছেন। ঘটনার পর আন্তর্জাতিক মহলে তীব্র প্রতিক্রিয়া তৈরি হয়েছে এবং পশ্চিম এশিয়ায় উত্তেজনা আরও বৃদ্ধি পেয়েছে।

# ‘মাঞ্জুম্মেল বয়েজ’-এর পরিচালক চিদাম্বরমের বিরুদ্ধে যৌন হেনস্থার মামলা দায়ের কোচিতে

কোচি, ২ মার্চ (আইএএনএস): মালয়ালম ব্লকবাস্টার ছবি মঞ্জুম্মেল বয়েজ-এর পরিচালক চিদাম্বরম-এর বিরুদ্ধে যৌন হেনস্থার অভিযোগে মামলা দায়ের হয়েছে। কেরালার কোচির এর্নাকুলাম দক্ষিণ পুলিশ জানিয়েছে, এক তরুণীর অভিযোগের ভিত্তিতে মামলা রুজু করা হয়েছে এবং তদন্ত শুরু হয়েছে।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, অভিযোগকারিণীর বয়ান অনুযায়ী এফআইআর নথিভুক্ত করা হয়েছে। এফআইআরে দুইটি ধারায় অভিযোগ আনা হয়েছেনারীর শ্লীলতাহানির উদ্দেশ্যে আক্রমণ এবং অনভিপ্রেত শারীরিক স্পর্শ। অভিযোগে বলা হয়েছে, ২০২২ সালে এলামকুলামের একটি ফ্ল্যাটে এই ঘটনা ঘটে। অভিযোগকারিণীর দাবি, পরিচালক সেখানে অনধিকার প্রবেশ করে যৌন উদ্দেশ্যে অশোভন আচরণ করেন।

পুলিশ জানিয়েছে, তদন্ত বর্তমানে প্রাথমিক পর্যায়ে রয়েছে। প্রমাণ ও পরিস্থিতির পূর্ণাঙ্গ পর্যালোচনার পরই পরবর্তী আইনি পদক্ষেপ নেওয়া হবে। “বিস্তারিত যাচাইয়ের পরই পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে,” পুলিশ আধিকারিকরা জানান। একই সঙ্গে তাঁরা স্পষ্ট করেছেন, আইনি প্রক্রিয়া যথাযথ নিয়ম মেনেই এগোবে।

পরিচালকের সাম্প্রতিক সাফল্যের প্রেক্ষিতে এই ঘটনাকে ঘিরে ব্যাপক চর্চা শুরু হয়েছে। ‘মাঞ্জুম্মেল বয়েজ’ সাম্প্রতিক সময়ে মালয়ালম ইন্ডাস্ট্রির অন্যতম সফল ছবি হিসেবে বক্স অফিসে সাড়া ফেলে এবং সমালোচকদের প্রশংসাও কুড়ায়। এর ফলে শিল্পমহলে চিদাম্বরমের পরিচিতি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছিল।

আইন বিশেষজ্ঞদের মতে, উল্লিখিত ধারাগুলি প্রমাণিত হলে তার গুরুতর আইনি প্রভাব পড়তে পারে। তবে পুলিশ সূত্রে জানানো হয়েছে, এখনও পর্যন্ত কোনও চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছনো হয়নি এবং তদন্ত আইন মেনেই এগোবে।

প্রতিবেদন লেখা পর্যন্ত পরিচালকের তরফে কোনও প্রকাশ্য প্রতিক্রিয়া পাওয়া যায়নি। বিনোদন জগতে কর্মক্ষেত্রে দায়বদ্ধতা ও আচরণবিধি নিয়ে চলমান আলোচনার মধ্যেই এই ঘটনাকে ঘিরে নতুন বিতর্ক তৈরি হয়েছে।

প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, অভিযোগকারিণীর প্রতি সংবেদনশীলতা বজায় রেখেই এবং সংশ্লিষ্ট সকল পক্ষের প্রতি ন্যায়সঙ্গত আচরণ নিশ্চিত করেই এই মামলার তদন্ত এগোনো হবে।

# বিহারের গোপালগঞ্জে নির্মীয়মাণ সেতু ভেঙে পড়ল, হতাহতের খবর নেই

পাটনা, ২ মার্চ (আইএএনএস): বিহারের গোপালগঞ্জ জেলায় নির্মীয়মাণ একটি আরসিসি সেতু ভেঙে পড়েছে। তবে এই ঘটনায় কোনও হতাহতের খবর নেই বলে প্রশাসন সূত্রে জানানো হয়েছে। ঘটনাটি ঘটেছে গোপালগঞ্জ জেলার গঙ্গওয়া গ্রামে, ঘোঘারি নদীর উপর নির্মীয়মাণ প্রায় ২৯ মিটার দীর্ঘ রিইনফোর্সড সিমেন্ট কংক্রিট (আরসিসি) সেতুতে। সেতুটির নির্মাণ ব্যয় ধরা হয়েছিল প্রায় ২.৮৯ কোটি টাকা। ঘটনার সময় সেতুর স্ল্যাব ঢালাইয়ের কাজ চলছিল। প্রত্যক্ষদর্শীদের দাবি, ঢালাইয়ের সময় হঠাৎ একটি বিকট শব্দ শোনা যায়, তার পরই সেতুর একটি অংশ আচমকা ভেঙে পড়ে। মুহূর্তের মধ্যেই গোটা কাঠামো ধসে পড়ায় এলাকায় আতঙ্ক ছড়ায়। সিধোয়ালিয়া থানা-এর ওসি ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, নদীতে জল পুরোপুরি অপসারণ না করেই নির্মাণকাজ শুরু করা হয়েছিল, যা দুর্ঘটনার অন্যতম কারণ হতে পারে। “সৌভাগ্যবশত, এই ঘটনায় কেউ আহত হননি,” তিনি বলেন।

স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, নিম্নমানের নির্মাণসামগ্রী এবং দুর্বল রড (রিবার) ব্যবহার করার ফলেই ঢালাই চলাকালীন সেতুটি ভেঙে পড়েছে। নির্মাণকারী সংস্থা এবং সংশ্লিষ্ট দফতরের আধিকারিকদের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছেন তাঁরা। ঘটনায় উচ্চপর্যায়ের প্রযুক্তিগত তদন্তের দাবি উঠেছে।

খবর পেয়ে প্রশাসনিক আধিকারিক ও ইঞ্জিনিয়ারিং টিম ঘটনাস্থলে পৌঁছে ক্ষয়ক্ষতির পর্যালোচনা শুরু করেছেন। আপাতত নির্মাণকাজ বন্ধ রাখা হয়েছে। প্রশাসনের তরফে জানানো হয়েছে, সেতু ধসের সঠিক কারণ জানতে বিস্তারিত প্রযুক্তিগত তদন্ত করা হবে এবং রিপোর্টের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

জেলায় সাম্প্রতিক সময়ে সেতু ও কালভার্ট ধসের একাধিক ঘটনার প্রেক্ষিতে এই ঘটনা নতুন করে নির্মাণমান, নজরদারি ব্যবস্থা ও সুরক্ষা মানদণ্ড নিয়ে প্রশ্ন তুলে দিয়েছে। ভবিষ্যতে এমন ঘটনা এড়াতে কঠোর তদারকি ও জবাবদিহি নিশ্চিত করার প্রয়োজনীয়তার ওপর জোর দিচ্ছেন স্থানীয় বাসিন্দারা।

# অসম দ্রুত প্রসারমান শিল্পকেন্দ্র হিসেবে আত্মপ্রকাশ করছে: মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা

গুয়াহাটি, ২ মার্চ (আইএএনএস): অসম মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা সোমবার দাবি করেছেন, রাজ্যটি এখন দ্রুত প্রসারমান শিল্পকেন্দ্র হিসেবে আত্মপ্রকাশ করেছে এবং শুধুমাত্র চা উৎপাদনকারী রাজ্যের প্রচলিত পরিচয়ের গণ্ডি অনেকটাই পেরিয়ে গেছে।সামাজিক যোগাযোগমাধ্যম ‘এক্স’-এ এক পোস্টে মুখ্যমন্ত্রী বলেন, অসম এখনও দেশের অন্যতম প্রধান চা উৎপাদক হলেও সাম্প্রতিক বছরগুলিতে রাজ্যের শিল্পভিত্তি বহুমুখীভাবে বিস্তৃত হয়েছে। সেমিকন্ডাক্টর, হাইড্রোকার্বন, উৎপাদনশিল্প, আতিথেয়তা ও সংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে।তিনি লেখেন, “আপনারা ভেবেছিলেন অসম শুধু চা উৎপাদন করে? হ্যাঁ, তা করে। কিন্তু আজ আমাদের শিল্পভিত্তি সেমিকন্ডাক্টর থেকে হাইড্রোকার্বন, উৎপাদনশিল্প থেকেআতিথেয়তাসব ক্ষেত্রেই বিস্তৃত হয়েছে।” রাজ্যের শিল্পদৃষ্টিভঙ্গির কথা তুলে ধরে মুখ্যমন্ত্রী জানান, ‘অ্যাডভান্টেজ অসম’ কর্মসূচির মাধ্যমে রাজ্যটি ভারতের উদীয়মান শিল্পকেন্দ্র হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করছে। তাঁর কথায়, এই উন্নয়নের যাত্রা এখনও প্রাথমিক পর্যায়ে রয়েছে এবং ধারাবাহিক নীতিগত সহায়তা ও বিনিয়োগ ভবিষ্যতে আরও সম্প্রসারণ ঘটাবে। মুখ্যমন্ত্রী জানান, ব্যবসা সহজীকরণ, বেসরকারি বিনিয়োগ আকর্ষণ এবং শিল্প পরিকাঠামো শক্তিশালী করতে রাজ্য সরকার একাধিক সংস্কারমূলক পদক্ষেপ নিয়েছে। শিল্পপার্ক গড়ে তোলা, ক্ষেত্রভিত্তিক নীতি প্রণয়ন এবং দেশি-বিদেশি বিনিয়োগকারীদের জন্য প্রণোদনা ঘোষণা করা হয়েছে। কর্তৃপক্ষের মতে, বিনিয়োগ সম্মেলন ও রোডশোর আয়োজনের ফলে জ্বালানি, ইলেকট্রনিক্স, খাদ্য প্রক্রিয়াকরণ, পর্যটন এবং লজিস্টিক্সসহ বিভিন্ন ক্ষেত্রে অসমের সম্ভাবনা নতুন করে আলোচনায় এসেছে।

# পশ্চিম এশিয়ার সংঘাত নিয়ে গভীর উদ্বেগ: শান্তির পক্ষে ভারত, বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি

নয়াদিল্লি, ২ মার্চ (আইএএনএস): পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেন, ভারত সবসময় শান্তি ও স্থিতিশীলতার পক্ষে এবং অঞ্চলে অবস্থানরত ভারতীয় নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট দেশগুলির সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ চালিয়ে যাবে।

কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি-এর সঙ্গে যৌথ সাংবাদিক বৈঠকে মোদি বলেন, “বিশ্বজুড়ে চলমান একাধিক উত্তেজনার বিষয়ে ভারতের অবস্থান স্পষ্ট। আমরা সবসময় শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখার আহ্বান জানিয়েছি। দুই গণতান্ত্রিক দেশ একসঙ্গে দাঁড়ালে শান্তির বার্তা আরও জোরালো হয়।”

গালফ অঞ্চলের নিরাপত্তা পরিস্থিতি প্রসঙ্গে তিনি বলেন, “পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতি আমাদের জন্য গভীর উদ্বেগের বিষয়। ভারত সব ধরনের বিরোধ সংলাপ ও কূটনীতির মাধ্যমে সমাধানের পক্ষে। অঞ্চলে বসবাসরত ভারতীয় নাগরিকদের সুরক্ষা নিশ্চিত করতে আমরা সংশ্লিষ্ট দেশগুলির সঙ্গে নিবিড় যোগাযোগ রাখব।”

উল্লেখ্য, সম্প্রতি যুক্তরাষ্ট্র ও ইজরায়েলের যৌথ বিমান হামলার জেরে মধ্যপ্রাচ্যে সংঘাত তীব্র আকার ধারণ করেছে। ইরানের ক্ষেপণাস্ত্র সক্ষমতা ও সামরিক পরিকাঠামো লক্ষ্য করে চালানো এই অভিযানে ইরানের শীর্ষ নেতৃত্বের কয়েকজন নিহত হয়েছেন বলে জানা গিয়েছে।

এর পাল্টা প্রতিক্রিয়ায় তেহরান মার্কিন ঘাঁটি, আঞ্চলিক রাজধানী ও মিত্র বাহিনীর উপর ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালায়। কুয়েত, বাহরিন ও সংযুক্ত আরব আমিরশাহির আকাশসীমায় ক্ষেপণাস্ত্র ও ড্রোন প্রতিহত করা হয়েছে বলে খবর। পরিস্থিতির জেরে সাময়িকভাবে আকাশসীমা বন্ধ রাখা হয় এবং সামরিক ও বেসামরিক হতাহতের ঘটনাও ঘটেছে।এদিকে, রবিবার প্রধানমন্ত্রী মোদির নেতৃত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিরাপত্তা বিষয়ক কমিটি (সিসিএস)-এর বৈঠকে ২৮ ফেব্রুয়ারি ইরানে হওয়া বিমান হামলা এবং তার পরবর্তী পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সরকারি বিবৃতিতে জানানো হয়েছে, উপসাগরীয় অঞ্চলে বসবাসকারী বৃহৎ ভারতীয় প্রবাসী সম্প্রদায়ের নিরাপত্তা নিয়ে কমিটি গভীর উদ্বেগ প্রকাশ করেছে।

# বাণিজ্যিক সম্পর্ক প্রসারে বাংলাদেশ-ভারত একমত

মনির হোসেন,ঢাকা,মার্চ ০৩।। আগামী দিনে বাংলাদেশ-ভারত পারস্পরিক বাণিজ্যিক সম্পর্ক প্রসারে দুদেশ একমত হয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশের বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। তিনি বলেছেন, পারস্পরিক কিছু সিদ্ধান্তের কারণে দুই দেশের ব্যবসা-বাণিজ্য নানা প্রতিবন্ধকতা তৈরি হয়েছে। যার মধ্যে বন্ধ হয়ে যাওয়া ভারতের বিভিন্ন স্থলবন্দর, সীমান্ত হাট ও ট্রান্সশিপমেন্ট সুবিধা বাতিলের সিদ্ধান্ত পর্যালোচনা বিষয়ে একে অপরের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। সোমবার (২ মার্চ) দুপুরে বাংলাদেশ সচিবালয়ে নিজ কার্যালয়ে ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মার সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের খন্দকার আব্দুল মুক্তাদির এসব কথা বলেন।



বাণিজ্যমন্ত্রী বলেন, মূলত হাইকমিশনার এসেছিলেন নতুন সরকারকে অভ্যর্থনা জানানোর একটি অংশ হিসেবে। তবে তার সঙ্গে আলোচনায় দুদেশের বাণিজ্য বাড়ানোর নানা প্রসঙ্গ উঠে এসেছে। এ সময় বন্ধ কিছু স্থলবন্দর নিয়ে আলাপ হয়েছে। তারা সব বন্দর বন্ধ করেনি, যেমন- বেনাপোল খোলা রয়েছে। তবে অন্যান্য যেসব বন্দর বন্ধ রয়েছে, সেগুলো খোলার মাধ্যমে বাণিজ্য বাড়ানোর বিষয়ে আলোচনা হয়েছে। বিভিন্ন পণ্য রপ্তানিতে যে নিষেধাজ্ঞা রয়েছে, সেগুলোর বিষয়ে আমরা ভারতের দৃষ্টি আকর্ষণ করেছি। তারাও বন্ধ সীমান্ত হাটগুলো চালুর বিষয়ে বলেছেন।

তিনি বলেন, আসলে দুদেশেরই পারস্পরিকভাবেই কিছু বাধা তৈরি হয়েছে। এতে বাণিজ্য সম্পর্কে প্রতিবন্ধকতা তৈরি হয়েছে এটা সত্য। কোনো কোনো ঘটনার পরিপেক্ষিতে এগুলো হয়েছে। আগামী দিনে বাণিজ্যিক সম্পর্কে প্রসারের রাস্তা তৈরি হলে এগুলো সমাধান হবে, এ বিষয়ে দুদেশ একমত হয়েছে। খন্দকার আব্দুল মুক্তাদির বলেন, একদম সুনির্দিষ্ট কোনো বিষয়ে সমাধান হয়নি। কথা প্রসঙ্গে এসব বিষয় এসেছে, যেগুলো হাইকমিশনার তার দেশের উচ্চ পর্যায়ে আলোচনা করবেন। যেসব বিষয় ভারত আমাদের জানিয়েছে, সেগুলো নিয়ে আমরাও মন্ত্রিপরিষদে কথা বলব।

ভারতীয় অর্থায়নের প্রকল্পগুলোর কী হবে, এমন প্রশ্নের জবাবে বাণিজ্যমন্ত্রী বলেন, ভারতীয় অর্থায়নের প্রকল্পগুলোর ভবিষ্যত নিয়ে কোনো আলোচনা হয়নি। স্বল্পোন্নত দেশের (এলডিসি) মেয়াদ বাড়ানো নিয়ে সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে খন্দকার আব্দুল মুক্তাদির বলেন, আমরা এলডিসি পেছানোর জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগকে (ইআরডি) চিঠি দিয়েছি। এখন এটি জাতিসংঘের (ইউএন) একটি প্রক্রিয়ার মধ্যে দিয়ে যাবে।

ইরানের যুদ্ধে হরমুজ প্রণালী বন্ধ হলে জ্বালানিসহ খাদ্য সংকটের কোনো আশঙ্কা দেখছেন কিনা, এ বিষয়ে মন্ত্রী বলেন, এ প্রণালী বন্ধ হলে জাহাজ ভাড়া বেড়ে যায়। তখন পণ্যের দাম বাড়বে। তবে এখনও আমরা আশঙ্কার মধ্যে যাব না। দুয়েকদিনের মধ্যে সমাধান হতে পারে। সেটা না হলে বিকল্প ব্যবস্থা নিয়ে সরকার সিদ্ধান্ত নেবে। তবে আমাদের পণ্যের কোনো সংকট নেই।

# মধ্যপ্রাচ্য উত্তেজনায় দুবাইয়ে আটকে রাজস্থানের পড়ুয়া পেশাজীবী ও জ্যোতিষীরা; ফ্লাইট পরিষেবা স্থগিত

জয়পুর, ২ মার্চ (আইএএনএস): ইজরায়েল-আমেরিকার ইরান হামলার জেরে মধ্যপ্রাচ্যে উত্তেজনা বৃদ্ধি পাওয়ায় উপসাগরীয় একাধিক রুটে বিমান চলাচল ব্যাহত হয়েছে। হঠাৎ আকাশসীমা বন্ধ হয়ে যাওয়ায় দুবাই ও আবুধাবিতে আটকে পড়েছেন রাজস্থানের বহু পড়ুয়া, পেশাজীবী ও জ্যোতিষী।

রাজস্থানের ডিগ জেলার একদল জ্যোতিষী ২৮ ফেব্রুয়ারি দুবাইয়ে একটি জ্যোতিষ সম্মেলনে যোগ দিতে গিয়েছিলেন। ১ মার্চ তাঁদের দেশে ফেরার কথা থাকলেও ফ্লাইট বাতিল হওয়ায় তাঁরা সেখানেই আটকে পড়েছেন। তাঁদের মধ্যে রয়েছেন ডিগের জ্যোতিষী রঙ্গনাথ শর্মা, যিনি আপাতত দুবাইয়ে থেকে পরিস্থিতির উন্নতির অপেক্ষায়।

জয়পুর থেকে দুবাই, আবুধাবি ও শারজাহগামী একাধিক ফ্লাইট বাতিল হয়েছে। জয়পুর বিমানবন্দর কর্তৃপক্ষ উপসাগরীয় দেশগামী যাত্রীদের জন্য বিশেষ পরামর্শও জারি করেছে।

জোধপুর, কোটা ও সিকারের ১০০-রও বেশি পড়ুয়া ও বাসিন্দা ফ্লাইট বাতিলের কারণে আটকে রয়েছেন বলে খবর। অনেক যাত্রী জানিয়েছেন, ফ্লাইট বাতিল ঘোষণার পর তাঁদের বিমানবন্দর থেকে নিকটবর্তী হোটেলে সরিয়ে নিয়ে যাওয়া হয়। কয়েকজন পড়ুয়ার দাবি, দুবাই ও আবুধাবি বিমানবন্দরের কাছে বিস্ফোরণের শব্দ শোনা গিয়েছে। কোটার ছাত্র সিদ্ধার্থ জৈন, যিনি দুবাইয়ের অ্যাকাডেমি এডুকেশনাল জোনে থাকেন, দাবি করেছেন তাঁর হস্টেলের কাছাকাছি একটি ক্ষেপণাস্ত্র পড়েছে। তিনি পরিবারের কাছে ছবি ও ভিডিও পাঠিয়ে জানিয়েছেন, মাঝেমধ্যেই বিস্ফোরণের শব্দ শোনা যাচ্ছে। কোটারই ছাত্রী তানিয়া কানাডা থেকে ভারতে ফেরার পথে আবুধাবিতে আটকে পড়েছেন। এছাড়া জোধপুরের প্রায় ১২০ জন তীর্থযাত্রী আবুধাবিতে আটকে রয়েছেন। তাঁরা ২৪ থেকে ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত দুবাইয়ে বড়া রামদ্বারা সুরসাগরের সন্ত অমৃতরাম মহারাজের ধর্মীয় কাথায় যোগ দিতে গিয়েছিলেন। অনুষ্ঠান শেষে শনিবার আবুধাবি বিমানবন্দরে পৌঁছলে তাঁদের জানানো হয়, ফেরার ফ্লাইট বাতিল হয়েছে।

রাজস্থানের প্রাক্তন মুখ্যমন্ত্রী অশোক গেহলট কেন্দ্রীয় বিদেশ মন্ত্রককে হস্তক্ষেপ করে তাঁদের নিরাপদ প্রত্যাবর্তনের ব্যবস্থা করার আর্জি জানিয়েছেন। তিনি বলেন, জোধপুর থেকে ধর্মীয় অনুষ্ঠানে যোগ দিতে যাওয়া রামস্নেহি সম্প্রদায়ের শ্রী মনোহর দাসজি ও শ্রী অমৃতরামজি মহারাজসহ প্রায় ১২০ জন ভক্তের আটকে পড়ার খবর অত্যন্ত উদ্বেগজনক। স্থানীয় মারওয়ারি প্রবাসী সমাজ তাঁদের পাশে দাঁড়িয়েছে বলেও তিনি জানান।

এদিকে জোধপুরের ব্যবসায়ী গজেন্দ্র মাহিয়া, যিনি ২৩ ফেব্রুয়ারি বন্ধুদের সঙ্গে দুবাই গিয়েছিলেন, রবিবারের নির্ধারিত ফ্লাইট বাতিল হওয়ায় সেখানেই আটকে পড়েছেন। আটকে পড়া সকলেই কেন্দ্রীয় সরকারের কাছে দ্রুত সরিয়ে নেওয়ার আবেদন জানিয়েছেন।

অন্যদিকে, ইরানের সর্বোচ্চ নেতা আলী খামেনি-এর মৃত্যুর পর আজমেরে শিয়া সম্প্রদায়ের সদস্যরা শোকমিছিল করেন। বিক্ষোভে অংশগ্রহণকারীরা হাতে কালো ব্যাজ পরে আমেরিকা ও ইজরায়েলের বিরুদ্ধে স্লোগান দেন। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু-এর কুশপুতুল দাহ করা হয়। তিন দিনের শোকপালনের ঘোষণাও করা হয়েছে। পরিস্থিতির উপর ঘনিষ্ঠ নজর রাখছে প্রশাসন। বিমান পরিষেবা পুনরায় চালু ও সম্ভাব্য উদ্ধার ব্যবস্থার বিষয়ে ঘোষণার অপেক্ষায় রয়েছেন আটকে পড়া যাত্রীরা।



সোমবার দুর্গা বাড়ি মন্দিরে পৃথ্বী পূজা অনুষ্ঠিত হয়।

## ইরান সংকটকে কেন্দ্র করে সাম্প্রদায়িক অশান্তির আশঙ্কা, উচ্চ সতর্কতায় কেন্দ্র

নয়াদিল্লি, ২ মার্চ (আইএএনএস): ইরান পরিস্থিতিকে কাজে লাগিয়ে দেশে সাম্প্রদায়িক অশান্তি ছড়ানোর চেষ্টার আশঙ্কায় উচ্চ সতর্কতায় রয়েছে কেন্দ্র সরকার। গোয়েন্দা সতর্কবার্তার ভিত্তিতে রাজ্যগুলিকে উগ্রপন্থী প্রো-ইরান প্রচারকদের উপর নজরদারি বাড়ানোর পরামর্শ দেওয়া হয়েছে। সরকারি সূত্রে জানা গিয়েছে, চলমান ইরান পরিস্থিতিকে কিছু অসাধু চক্র হিংসা উসকে দেওয়ার জন্য ব্যবহার করতে পারে বলে গোয়েন্দা সংস্থাগুলি আশঙ্কা প্রকাশ করেছে। গোয়েন্দা ব্যুরো-এর এক আধিকারিক জানান, এই উগ্রপন্থী গোষ্ঠীগুলি সরাসরি প্রো-ইরান নাও হতে পারে, কিন্তু পরিস্থিতির সুযোগ নিয়ে অশান্তি সৃষ্টির চেষ্টা করতে পারে।

উল্লেখ্য, ইসরায়েল ও মার্কিন যুক্তরাষ্ট্র-এর যৌথ হামলার জেরে ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি-এর মৃত্যুর পর পশ্চিম এশিয়ায় উত্তেজনা চরমে উঠেছে। এই পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি সংযম প্রদর্শনের আহ্বান জানিয়েছেন। গোয়েন্দা সূত্রে জানা গেছে, আয়াতোল্লাহর মৃত্যুর পর বিভিন্ন জায়গায় প্রার্থনা সভা অনুষ্ঠিত হচ্ছে এবং সেগুলির উপর কড়া নজর রাখা হচ্ছে। এখনও পর্যন্ত এই সভাগুলি শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। তবে আশঙ্কা করা হচ্ছে, আইএসআই-ঘনিষ্ঠ উগ্রপন্থী গোষ্ঠী এই ধরনের জমায়েতে অনুপ্রবেশ করে উত্তেজনা ছড়ানোর চেষ্টা করতে পারে।

২৮ ফেব্রুয়ারি কেন্দ্র সরকার সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে সতর্কবার্তা পাঠিয়েছে। চিঠিতে বলা হয়েছে, ইরান ও পশ্চিম এশিয়ার পরিস্থিতির প্রভাব দেশীয় পরিস্থিতিতেও পড়তে পারে। উস্কানিমূলক বক্তব্যের মাধ্যমে সাম্প্রদায়িক হিংসা ছড়ানোর চেষ্টা হতে পারে বলে সতর্ক করা হয়েছে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয় (এমএইচএ) রাজ্যগুলিকে নির্দেশ দিয়েছে, উস্কানিমূলক ভাষণ দিচ্ছেন এমন প্রো-ইরান উগ্র প্রচারকদের চিহ্নিত করে নজরদারিতে রাখতে। কেন্দ্র ও রাজ্যের গোয়েন্দা সংস্থাগুলি সমন্বয় রেখে পরিস্থিতি মোকাবিলায় কাজ করছে।

সূত্রের খবর, এ বছর ভোটমুখী রাজ্য যেমন পশ্চিমবঙ্গ ও অসমে বিশেষ সতর্কতা অবলম্বন করতে বলা হয়েছে, কারণ নির্বাচনের আগে শান্তি বিঘ্নিত করার চেষ্টা হতে পারে।

এদিকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু-র সঙ্গে টেলিফোনে কথা বলেন এবং আঞ্চলিক পরিস্থিতি নিয়ে আলোচনা করেন। তিনি দ্রুত সংঘাতবিরতির আহ্বান জানান এবং সাধারণ নাগরিকদের নিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়ার উপর জোর দেন। প্রধানমন্ত্রী ক্যাবিনেট কমিটি অন সিকিউরিটি (সিসিএস)-এর বৈঠকও করেন, যেখানে ২৮ ফেব্রুয়ারির বিমান হামলা-সহ পশ্চিম এশিয়ার পরিস্থিতি পর্যালোচনা করা হয়। ওই বৈঠকে অঞ্চলের মধ্য দিয়ে যাতায়াতকারী ভারতীয় নাগরিকদের সমস্যার বিষয়টিও আলোচনা হয়। প্রভাবিত ভারতীয়দের সহায়তায় প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সংশ্লিষ্ট দফতরগুলিকে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী।

## ইরান-ইজরায়েল যুদ্ধ: শ্রীনগরে বিধিনিষেধ অমান্য করে বিক্ষোভ, পরিস্থিতি উত্তেজনাপূর্ণ তবে শান্তিপূর্ণ

শ্রীনগর, ২ মার্চ (আইএএনএস): প্রশাসনের জারি করা বিধিনিষেধ সত্ত্বেও সোমবার উপত্যকার বিভিন্ন এলাকায় বিক্ষোভ অব্যাহত থাকে। আবেগঘন জনতা মার্কিন যুক্তরাষ্ট্র ও ইজরায়েলের বিরুদ্ধে স্লোগান দেয় এবং ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি-এর মৃত্যুর জন্য তাদের দায়ী করে।

শ্রীনগরের কামারওয়ারি থেকে বাটমালু অভিমুখে মিছিল করেন বিক্ষোভকারীরা। পুলিশি অনুরোধে এবং বিধিনিষেধ ভঙ্গের অভিযোগে আটক ব্যক্তিদের ছেড়ে দেওয়ার পর ভিড় সেখান থেকে সরে যেতে রাজি হয়। শহরের উপকণ্ঠ শালতেং এলাকাতেও পথ অবরোধ করে বিক্ষোভ হয়। পাশাপাশি শ্রীনগর-গুলমার্গ সড়কের মাগাম এলাকাতেও বৃহৎ বিক্ষোভের খবর পাওয়া যায়।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল** : জিবি : ২৩৫-৫৮৮৮ আইজিএম : ২৩২-৫৬০৬, টি এম সি : ২৩৭ ০৫০৪ চক্ষুব্যাঙ্ক : ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স** : একতা সংস্থা : ৯৭৭৪৯৯৮৯৯৬ ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল : ২৫১-৯৯০০, সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় : ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ কর্ণেল চৌমুহনী যুব সংস্থা : ৯৮৬২৫৭০১১৬/ সংহতি ক্লাব : ৮৭৯৪১ ৬ ৮২৮১, অনীক ক্লাব : ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, রামকৃষ্ণ ক্লাব : ৮৭৯৪১৬৮৮১ শতদল সংঘ : ৯৮৬২৯৩৯৭৮০, প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) : ৯৭৭৪১১৬৬২৪, রেডক্রস সোসাইটি : ২৩১-৯৬৭৮, টিআরটিসি : ২৩২৫৬৮৫, এগিয়ে চলো সংঘ : ৯৪৩৬১২১৪৮৮, লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় : ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, মানব ফাউন্ডেশন: ২৩২৬১০০। **চাইল্ড লাইন** : ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক** : জিবি : ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), আইজিএম: ২৩২-৫৭৩৬, আই এল এস : ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ কসমোপলিটন ক্লাব : ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান** : নব অঙ্গীকার ৮৭৯৪৫১৪৩১১, সেন্ট্রাল রোড যুব সংস্থা : ৭৬৪২৮৪৪৬৫৬ বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি : ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, সমাজ কল্যাণ ক্লাব : ৯৭৭৪৬৭০২৪২, সংযোগ সংঘ : ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট : ২৩৮-৫৮৫২, ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন : ২৩৮-৬৪২৬, রিলিভার্স : ৮৮৩৭০৫৯৫৯৮, কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন : ৮৯৭৪৫৮১৮১০, ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি : ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) : ৮৭২৯৯১১২৩৬, আগন্তুক ক্লাব : ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন : ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস** : প্রধান স্টেশন : ১০১/২৩২-৫৬৩০, বাধারঘাট : ১০১/২৩৭-৪৩৩৩, কুঞ্জবন : ২৩৫-৩১০১, মহারাজগঞ্জ বাজার : ২৩৮ ৩১০১ **পুলিশ** : পশ্চিম থানা : ২৩২-৫৭৬৫, পূর্ব থানা : ২৩২-৫৭৭৪, আমতলী থানা : ২৩৭-০৩৫৮, এয়ারপোর্ট থানা : ২৩৪-২২৫৮, সিটি কন্ট্রোল : ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ** : বনমালীপুর : ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। দুর্গা চৌমুহনী : ২৩২-০৭৩০, জিবি : ২৩৫-৬৪৪৮। বড়দোয়ালী : ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ আইজিএম : ২৩২-৬৪০৫। **বিমানবন্দর** এয়ার ইন্ডিয়া : ২৩৪১৯০২, ২৩৪-২০২০, এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর : ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, ইন্ডিগো : ২৩৪-১২৬৩, স্পাইস জেট : ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস** : রিজার্ভেশন : ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস** : টি আর টি সি বিল্ডিং : ২৩২-৫৬৮৫। আগরতলা রেলস্টেশন : ০৩৮১-২৩৭৪৫১৫।

## ভারত- কানাডা প্রতিরক্ষা সংলাপ স্থাপনে সিদ্ধান্ত: প্রধানমন্ত্রী মোদি

নয়াদিল্লি, ২ মার্চ (আইএএনএস): ভারত ও কানাডা প্রতিরক্ষা শিল্প, সামুদ্রিক পরিস্থিতি সম্পর্কে নজরদারি (মেরিটাইম ডোমেইন অ্যাওয়ারনেস) এবং সামরিক বিনিময় জোরদার করতে কাজ করবে। পাশাপাশি দুই দেশ যৌথভাবে 'ইন্ডিয়া-কানাডা ডিফেন্স ডায়ালগ' স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে বলে জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সোমবার নয়াদিল্লিতে কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি-এর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকের পর যৌথ সাংবাদিক বৈঠকে মোদি বলেন, "প্রতিরক্ষা ও নিরাপত্তা ক্ষেত্রে ক্রমবর্ধমান সহযোগিতা আমাদের পারস্পরিক আস্থা ও সম্পর্কের পরিপক্কতার প্রতীক। আমরা প্রতিরক্ষা শিল্প, সামুদ্রিক নজরদারি ও সামরিক বিনিময় আরও বাড়াতে কাজ করব। আজ আমরা 'ইন্ডিয়া-কানাডা ডিফেন্স ডায়ালগ' স্থাপনের সিদ্ধান্ত নিয়েছি।"

কানাডার প্রধানমন্ত্রীর ভারত সফরকে 'গুরুত্বপূর্ণ মাইলফলক' বলে উল্লেখ করে মোদি বলেন, "প্রধানমন্ত্রী হিসেবে এটাই তাঁর প্রথম ভারত সফর। গত বছর কানাডায় জি৭ সম্মেলনে তিনি আমাকে ও আমার প্রতিনিধিদলকে উষ্ণ অভ্যর্থনা জানিয়েছিলেন। আজ তাঁকে একই উষ্ণতায় স্বাগত জানাতে পেরে আমরা আনন্দিত।" দুই দেশের সম্পর্ক নতুন গতি পেয়েছে বলেও উল্লেখ করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, প্রথম বৈঠকের পর থেকেই দ্বিপাক্ষিক সম্পর্কে পারস্পরিক বিশ্বাস ও ইতিবাচকতা বৃদ্ধি পেয়েছে।বাণিজ্য ক্ষেত্রেও বড় লক্ষ্য স্থির করেছে দুই দেশ। মোদি জানান, ২০৩০ সালের মধ্যে ভারত-কানাডা দ্বিপাক্ষিক বাণিজ্য ৫০ বিলিয়ন ডলারে উন্নীত করার লক্ষ্য নেওয়া হয়েছে। খুব শিগগিরই 'কমপ্রিহেনসিভ ইকোনমিক পার্টনারশিপ অ্যাগ্রিমেন্ট' (সিইপিএ) চূড়ান্ত করার সিদ্ধান্তও নেওয়া হয়েছে।তিনি বলেন, "ভারত ও কানাডা গণতান্ত্রিক মূল্যবোধে বিশ্বাসী। বৈচিত্র্যের উদযাপন এবং মানবকল্যাণে অভিন্ন দৃষ্টিভঙ্গি আমাদের সম্পর্ককে আরও এগিয়ে নিয়ে যায়। অর্থনৈতিক সহযোগিতার পূর্ণ সম্ভাবনা উন্মুক্ত করা এখন সর্বোচ্চ অগ্রাধিকার।" প্রধানমন্ত্রী জানান, কানাডার পেনশন ফান্ডগুলি ভারতে প্রায় ১০০ বিলিয়ন ডলার বিনিয়োগ করেছে, যা ভারতের প্রবৃদ্ধির প্রতি তাদের আস্থার প্রতিফলন।কৃষি, কৃষি-প্রযুক্তি ও খাদ্য সুরক্ষাকে দুই দেশের যৌথ অগ্রাধিকার উল্লেখ করে মোদি ঘোষণা করেন, ভারতে 'ইন্ডিয়া-কানাডা পালস প্রোটিন সেন্টার অব এক্সেলেন্স' স্থাপন করা হবে। নবায়নযোগ্য জ্বালানি ক্ষেত্রেও সহযোগিতা বাড়াতে দুই দেশ একমত হয়েছে। মোদি জানান, কানাডা আন্তর্জাতিক সোলার অ্যালায়েন্স ও গ্লোবাল বায়োফুয়েল অ্যালায়েন্সে যোগ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এ বছর 'ইন্ডিয়া-কানাডা রিনিউএবল এনার্জি অ্যান্ড স্টোরেজ সামিট' আয়োজন করা হবে। অসামরিক পারমাণবিক শক্তি ক্ষেত্রেও দীর্ঘমেয়াদি ইউরেনিয়াম সরবরাহ সংক্রান্ত একটি গুরুত্বপূর্ণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ক্ষুদ্র মডুলার রিঅ্যাক্টর ও উন্নত রিঅ্যাক্টর প্রযুক্তি নিয়েও যৌথভাবে কাজ করবে দুই দেশ। দ্বিপাক্ষিক সম্পর্কের চালিকাশক্তি হিসেবে জনগণের মধ্যে সংযোগকে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, "মানুষে-মানুষে সম্পর্ক আমাদের সহযোগিতার মূলভিত্তি। কৃত্রিম বুদ্ধিমত্তা, স্বাস্থ্য, কৃষি ও উদ্ভাবন ক্ষেত্রে একাধিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে নতুন অংশীদারিত্ব গড়ে তোলা হচ্ছে। এছাড়া কানাডার বিশ্ববিদ্যালয়গুলি ভারতে ক্যাম্পাস খোলার বিষয়েও আমরা সম্মত হয়েছি।"

## বিধানসভা ভোটের দিন ঘোষণার আগেই ৪৮০ কোম্পানি সিএপিএফ মোতায়েনের খুঁটিনাটি জানাল নির্বাচন কমিশন

কলকাতা, ২ মার্চ (আইএএনএস): বিধানসভা নির্বাচনের নির্ঘণ্ট ঘোষণার আগেই পশ্চিমবঙ্গে ৪৮০ কোম্পানি কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী (সিএপিএফ) আগাম মোতায়েনের বিস্তারিত জানাল নির্বাচন কমিশন (ইসিআই)।

জানা গিয়েছে, মোট ৪৮০ কোম্পানির মধ্যে ২৪০ কোম্পানি ইতিমধ্যেই ১ মার্চ মোতায়েন করা হয়েছে। বাকি ২৪০ কোম্পানি ১০ মার্চ মোতায়েন করা হবে।

সবচেয়ে বেশি বাহিনী মোতায়েন করা হচ্ছে উত্তর ২৪ পরগনা জেলায়৫৮ কোম্পানি। এরপর মুর্শিদাবাদে ৩৫, দক্ষিণ ২৪ পরগনায় ৩৩, কলকাতায় ৩০ এবং পূর্ব মেদিনীপুরে ২৮ কোম্পানি মোতায়েন করা হবে।

উল্লেখ্য, উত্তর ২৪ পরগনা, মুর্শিদাবাদ ও দক্ষিণ ২৪ পরগনাএই তিনটি জেলা বাংলাদেশের সীমানা সংলগ্ন। এর মধ্যে মুর্শিদাবাদ সংখ্যালঘু অধ্যুষিত জেলা। অন্যদিকে, পূর্ব মেদিনীপুর বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী-র নিজ জেলা।

এছাড়া হুগলিতে ২৭ কোম্পানি, পূর্ব বর্ধমানে ২৫ এবং নদিয়ায় ২২ কোম্পানি মোতায়েন করা হবে। হাওড়া ও বীরভূমে ২১ কোম্পানি করে, পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুরে ২০ কোম্পানি করে বাহিনী থাকবে।

উত্তর দিনাজপুরে ১৯, মালদায় ১৮, পশ্চিম বর্ধমানে ১৭, দার্জিলিংয়ে ১৬ এবং কোচবিহারে ১৫ কোম্পানি মোতায়েন করা হবে। বাঁকুড়ায় ১৩, ঝাড়গ্রামে ১১, দক্ষিণ দিনাজপুর ও জলপাইগুড়িতে ১০ কোম্পানি করে বাহিনী থাকবে। সবথেকে কম বাহিনী মোতায়েন হচ্ছে আলিপুরদুয়ারে ৭ এবং কালিম্পংয়ে ৪ কোম্পানি।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর নির্দেশিকা অনুযায়ী, প্রতিটি কোম্পানিতে ন্যূনতম ৭২ জন জওয়ান থাকবেন। এই মোতায়েনে পাঁচটি কেন্দ্রীয় বাহিনীকেন্দ্রীয় রিজার্ভ পুলিশ বাহিনী, সীমান্ত নিরাপত্তা বাহিনী, কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনী, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ এবং সশস্ত্র সীমা বল। (এসএসবি)থাকবে।

সবচেয়ে বেশি বাহিনী সিআরপিএফ ও বিএসএফ থেকে আসবে। ইসিআই স্পষ্ট করেছে, বাহিনীর চলাচল ও মোতায়েনের সমন্বয়ের দায়িত্বে থাকবে সিআরপিএফ।

রাজনৈতিক মহলের একাংশের মতে, ভোটের দিন ঘোষণার আগেই এবং আদর্শ আচরণবিধি জারির পূর্বে এত বড় মাত্রায় আগাম বাহিনী মোতায়েন নজিরবিহীন।

## নিয়োগের দাবিতে টিআরবিটি চেয়ারম্যানের সঙ্গে টেট—২ উত্তীর্ণদের সাক্ষাৎ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ মার্চ: ২০২৪ সালের টেট—২ উত্তীর্ণ বেকার যুবক—যুবতীরা সোমবার শিক্ষাভবনে গিয়ে টিআরবিটির চেয়ারম্যানের সঙ্গে সাক্ষাৎ করেন। প্রতিনিধিদলটি টিআরবিটি-র চেয়ারম্যান প্রত্যুষ রঞ্জন দেব-এর সঙ্গে বিস্তারিত আলোচনা করে তাঁদের নিয়োগ সংক্রান্ত দাবি তুলে ধরেন।

বেকার প্রার্থীদের একটাই দাবি২০২৪ সালের টেট—২ উত্তীর্ণ সকল প্রার্থীর একসঙ্গে ও দ্রুত নিয়োগ নিশ্চিত করতে হবে। তাঁদের অভিযোগ, পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর দীর্ঘ সময় পেরিয়ে গেলেও এখনও পর্যন্ত সরকারিভাবে নিয়োগের কোনও কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়নি। ফলে বহু প্রার্থী অনিশ্চয়তা ও হতাশার মধ্যে দিন কাটাচ্ছেন।

প্রতিনিধিদলের সদস্যরা জানান, টেট উত্তীর্ণ হওয়ার পরও চাকরি না পাওয়ায় তাদের আর্থিক ও মানসিকভাবে চরম সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। তাই দ্রুত নিয়োগ প্রক্রিয়া শুরু করে নির্দিষ্ট সময়সীমার মধ্যে তা সম্পন্ন করার দাবি জানান তাঁরা।

চেয়ারম্যান তাদের বক্তব্য মনোযোগ দিয়ে শোনেন এবং বিষয়টি বিবেচনার আশ্বাস দেন বলে জানা গেছে। তবে এবিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত বা সম্ভাব্য সময়সীমা সম্পর্কে আনুষ্ঠানিকভাবে কিছু জানানো হয়নি।

## ২০২১ সাল থেকে প্রতিদিন গড়ে ১৩ কিমি রাস্তা নির্মাণ: অসম মুখ্যমন্ত্রী

গুয়াহাটি, ২ মার্চ (আইএএনএস): অসমে সংযোগ ব্যবস্থার উল্লেখযোগ্য উন্নয়ন হয়েছে বলে দাবি করেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা। সোমবার তিনি জানান, ২০২১ সাল থেকে রাজ্যে প্রতিদিন গড়ে ১৩ কিলোমিটার রাস্তা এবং প্রতি সপ্তাহে পাঁচটি সেতু নির্মাণ করা হচ্ছে।সামাজিক যোগাযোগমাধ্যম 'এক্স'-এ এক পোস্টে মুখ্যমন্ত্রী বলেন, অসম এখন গতি ও পরিসরের দিক থেকে সংযোগ ব্যবস্থার ক্ষেত্রে এগিয়ে রয়েছে। তিনি লেখেন, "২০২১ সাল থেকে আমরা প্রতিদিন ১৩ কিমি রাস্তা এবং প্রতি সপ্তাহে ৫টি সেতু নির্মাণ করেছি, যার ফলে মানুষ একে অপরের কাছাকাছি এসেছে এবং নতুন সুযোগের দ্বার উন্মুক্ত হয়েছে।" রাজ্যের উন্নয়নযাত্রায় সংযোগ ব্যবস্থার গুরুত্ব তুলে ধরে তিনি একে "অটল, অবিচল, অগ্রগামী অসম"-এর ভিত্তি বলে উল্লেখ করেন। তাঁর কথায়, শক্তিশালী, স্থিতিশীল ও অগ্রসরমান অসম গড়ে তুলতে পরিকাঠামো উন্নয়ন অপরিহার্য। মুখ্যমন্ত্রী বরাবরই তাঁর সরকারের অগ্রাধিকারসূচিতে পরিকাঠামো উন্নয়নকে বিশেষ গুরুত্ব দিয়েছেন। বিশেষ করে সড়ক, সেতু ও পরিবহণ সংযোগের মাধ্যমে দূরবর্তী ও সীমান্তবর্তী অঞ্চলগুলিকে প্রধান অর্থনৈতিক কেন্দ্রগুলির সঙ্গে যুক্ত করার ওপর জোর দেওয়া হয়েছে। কর্তৃপক্ষের মতে, উন্নত সংযোগ ব্যবস্থার ফলে যাতায়াতের সময় কমেছে এবং বিশেষ করে গ্রামীণ ও বন্যাপ্রবণ এলাকায় স্বাস্থ্য, শিক্ষা, বাজার ও সরকারি পরিষেবায় সহজে পৌঁছনোর সুযোগ বেড়েছে। সাম্প্রতিক বছরগুলিতে ব্রহ্মপুত্র ও তার উপনদীগুলির উপর একাধিক দীর্ঘদিনের সেতু প্রকল্প সম্পন্ন হয়েছে। পাশাপাশি নতুন জাতীয় সড়ক নির্মাণ, গ্রামীণ সড়ক নেটওয়ার্ক শক্তিশালীকরণ এবং বাণিজ্য, পর্যটন ও বিনিয়োগ বৃদ্ধিতেও এই উদ্যোগগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। রাজ্য সরকার জাতীয় পরিকাঠামো কর্মসূচির সঙ্গে সমন্বয় রেখে অসমকে উত্তর-পূর্ব ভারতের প্রবেশদ্বার এবং ভারতের 'অ্যাক্ট ইস্ট' নীতির একটি গুরুত্বপূর্ণ সংযোগকেন্দ্র হিসেবে গড়ে তুলতে কাজ করছে।

## ধর্মনগরে নির্বাচনের সাথে যুক্ত কর্মীদের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২ মার্চ: আসন্ন ৫৬-ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচন উপলক্ষে আজ ধর্মনগরে নির্বাচনের সাথে যুক্ত বিভিন্ন স্তরের কর্মীদের এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। ধর্মনগরের অর্দেন্দু ভট্টাচার্য স্মৃতিভবনে আয়োজিত এই প্রশিক্ষণ কর্মসূচিতে ফ্লাইং স্কোয়াড টিম, স্ট্যাটিক সার্ভেলেন্স টিম, ভিডিও সার্ভেলেন্স টিম, ভিডিও ভিউয়িং টিম সহ অন্যান্য টিমের কর্মীরা উপস্থিত ছিলেন।

প্রশিক্ষণ কর্মশালায় রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী, ধর্মনগর মহকুমা শাসক কার্যালয়ের ডেপুটি কালেক্টর সূর্যপদ মুড়াসিং, কালাছড়া ব্লকের বিডিও নারায়ণ দেবনাথ প্রমুখেরা মডেল কোড অফ কনডাক্ট সহ বিভিন্ন বিষয়ে নিয়ে বিস্তারিত ভাবে আলোচনা করেন।

## কুমারঘাটের নেতাজী চৌমুহনী থেকে ব্লক চৌমুহনী ওয়ান ওয়ে রুট ঘোষণা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ মার্চ: ঊনকোটি জেলার জেলাশাসক এক আদেশে কুমারঘাটের নেতাজী চৌমুহনী থেকে কুমারঘাট হাসপাতাল হয়ে ব্লক চৌমুহনী পর্যন্ত রাস্তাটি একমুখী সড়ক (ওয়ান ওয়ে রুট) হিসেবে ঘোষণা করেছেন। এই আদেশ প্রতিদিন সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এবং বিকেল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত বলবৎ থাকবে। আদেশে একমাত্র আপতকালীন যানবহনকে ছাড় দেওয়া হয়েছে। ত্রিপুরা মোটর ভ্যাহিকেল রুলস ১৯৯১ এর ১০৫ ধারায় এবং কেন্দ্রীয় মোটর ভ্যাহিকেল অ্যাক্ট ১৯৮৮ এর ১১৬ এবং ১১৭ সেকশন অনুযায়ী জেলাশাসক এই আদেশ জারি করেছেন।

## আমার সরকার কর্মসূচি বিষয়ে সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ মার্চ: পশ্চিম ত্রিপুরা জেলাশাসকের কার্যালয়ের কনফারেন্স হলে আজ "আমার সরকার" কর্মসূচি বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয়। পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল সভায় সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরার জেলাশাসক ডা. বিশাল কুমার এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

সভায় ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল বলেন, রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের সুযোগ সুবিধা সুবিধাভোগীদের কাছে পৌঁছে দিতে বিভিন্ন দপ্তরের কর্মচারিদের আন্তরিক ভূমিকা নিতে হবে। বিভিন্ন সুযোগ সুবিধা দ্রুত এবং সময়মতো সুবিধাভোগীদের কাছে পৌঁছে দিতে হবে। জেলাশাসক ডা. বিশাল কুমার চলতি অর্থবছরে বিভিন্ন প্রকল্পের অসমাপ্ত কাজগুলি দ্রুত শেষ করতে সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন।

## চতুর্দশী সংযুক্ত পূর্ণিমায় দুর্গাবাড়িতে অনুষ্ঠিত হল পৃথিবী পূজা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ মার্চ: চতুর্দশী সংযুক্ত পূর্ণিমা তিথিতে শহরের দুর্গাবাড়িতে ভক্তিমূলক পরিবেশে অনুষ্ঠিত হল পৃথিবী পূজা। সনাতন ধর্মীয় আচার অনুযায়ী ধরিত্রী মাতার আরাধনায় এদিন ভোর থেকেই মন্দির প্রাঙ্গণে ভক্তদের সমাগম লক্ষ্য করা যায়। বৈদিক মন্ত্রোচ্চারণ ও পূজার্চনার মধ্য দিয়ে সম্পন্ন হয় এই বিশেষ আচার।

'পৃথিবী পূজা' বা ধরিত্রী মাতার আরাধনা আমাদের সংস্কৃতি ও আধ্যাত্মিক চেতনার এক গুরুত্বপূর্ণ অংশ। হিন্দু ধর্মে পৃথিবীকে কেবল জড় বস্তু হিসেবে নয়, বরং পরমেশ্বরী 'ভূমি দেবী' রূপে পূজা করা হয়। সনাতন ধর্মীয় বিশ্বাস অনুযায়ী, ভূমি দেবীকে ভগবান বিষ্ণুর পত্নী এবং স্থৈর্য ও ধৈর্যের প্রতীক হিসেবে মানা হয়। শ্রীমদ্ভাগবত-সহ বিভিন্ন পুরাণে ভূমি দেবীর মাহাত্ম্য বিশদভাবে বর্ণিত হয়েছে।

ধর্মীয় প্রথা অনুযায়ী, মানুষ যখন প্রতিদিনের কাজ শুরু করে, তখন ভূমিতে পা রাখার আগে একটি বিশেষ মন্ত্র উচ্চারণ করে ক্ষমা প্রার্থনা করে। এই প্রথার মধ্য দিয়ে পৃথিবীর প্রতি কৃতজ্ঞতা ও শ্রদ্ধা প্রকাশ করা হয়। কারণ আমাদের অন্ন, বস্ত্র ও আশ্রয়ের মূল উৎস এই পৃথিবীই।

পূজার আয়োজকরা জানান, গৃহ নির্মাণ, কৃষিকাজ শুরু কিংবা নতুন কোনো স্থাপনা তৈরির পূর্বে পৃথিবী পূজা করার প্রথা বহু প্রাচীন। বিশ্বাস করা হয়, এর মাধ্যমে কাজ নির্বিঘ্নে সম্পন্ন হয় এবং অশুভ শক্তির প্রভাব দূর হয়।

এদিনের অনুষ্ঠানে পুরোহিতরা পরিবেশ সংরক্ষণ ও প্রকৃতি রক্ষার বার্তাও দেন। তাঁদের বক্তব্য, প্রকৃতি ও মাটিকে শ্রদ্ধা করার অর্থই হলো পরিবেশকে রক্ষা করার অঙ্গীকার করা। সব মিলিয়ে ধর্মীয় ভাবগাম্ভীর্য ও আধ্যাত্মিক আবহে সম্পন্ন হয় এ বছরের পৃথিবী পূজা।

## উত্তরপূর্ব বাংলাদেশে ঘূর্ণাবর্ত

● প্রথম পাতার পর

প্রায় ০.৯ কিলোমিটার উচ্চতায় অবস্থানরত ঊর্ধ বায়ু ঘূর্ণাবর্তটি এখনও সক্রিয় রয়েছে। যা গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, অভ্যন্তরীণ ওড়িশা এবং দক্ষিণ ছত্তিশগড়ের উপর দিয়ে ০.৯ কিলোমিটার উচ্চতায় প্রসারিত। এছাড়াও, মধ্য অসম ও পার্শবর্তী এলাকায় সমুদ্রপৃষ্ঠ থেকে প্রায় ১.৫ কিলোমিটার উচ্চতায় আরও একটি ঊর্ধ বায়ু ঘূর্ণাবর্ত সক্রিয় রয়েছে।

অন্যদিকে, এর প্রভাবে গত ২৪ ঘণ্টায় ত্রিপুরার জেলাগুলিতে শুষ্ক আবহাওয়াই বিরাজ করেছে। কিন্তু সর্বোচ্চ তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হয়নি এবং তা স্বাভাবিকের চেয়ে বেশি ছিল। এদিন রাজ্যে সর্বোচ্চ ৩২.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮.০ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়েছে।

## শান্তির পক্ষে

● প্রথম পাতার পর

রাখা হয় এবং সামরিক ও বেসামরিক হতাহতের ঘটনাও ঘটেছে।

এদিকে, রবিবার প্রধানমন্ত্রী মোদির নেতৃত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিরাপত্তা বিষয়ক কমিটি (সিসিএস)-এর বৈঠকে ২৮ ফেব্রুয়ারি ইরানে হওয়া বিমান হামলা এবং তার পরবর্তী পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সরকারি বিবৃতিতে জানানো হয়েছে, উপসাগরীয় অঞ্চলে বসবাসকারী বৃহৎ ভারতীয় প্রবাসী সম্প্রদায়ের নিরাপত্তা নিয়ে কমিটি গভীর উদ্বেগ প্রকাশ করেছে।

## আমবাসায় খুনের মামলায়

● প্রথম পাতার পর

এসটি(টি-১) ১৭/২০২৪ মামলার প্রেক্ষিতে এবং রাইশ্যাবাড়ি থানার মামলা নং ১০/২০১৩ (তারিখ: ০৮-০৭-২০১৩) অনুযায়ী দেওয়া হয়। মামলার বিবরণ অনুযায়ী, ০৫ জুলাই ২০১৩ বিকেল প্রায় ৫টা নাগাদ অভিযুক্ত নীলা ত্রিপুরা ও নবীন কুমার ত্রিপুরার মধ্যে বাকবিতণ্ডা হয়। ওই সময় অভিযুক্ত কাঠের টুকরো দিয়ে নবীন কুমার ত্রিপুরার উপর হামলা চালান, ফলে তিনি গুরুতরভাবে আহত হন। পরে ০৮ জুলাই ২০১৩ তারিখে গন্ডাছড়া হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় নবীন কুমার ত্রিপুরার মৃত্যু হয়।

ঘটনার পর রাইশ্যাবাড়ি থানার তৎকালীন সাব-ইন্সপেক্টর জুটন জামাতিয়া তদন্ত সম্পন্ন করে ৩০ নভেম্বর ২০১৩ তারিখে অভিযুক্তের বিরুদ্ধে চার্জশিট দাখিল করেন। দীর্ঘ বিচারপ্রক্রিয়া শেষে আদালত অভিযুক্তকে দোষী সাব্যস্ত করে উপরোক্ত সাজা ঘোষণা করেন।

## যাত্রী সুবিধায় এয়ারলাইন্স

● প্রথম পাতার পর

ওপর ঘনিষ্ঠ নজর রাখা হচ্ছে এবং আন্তর্জাতিক উড়ান পরিষেবায় তার প্রভাব মূল্যায়ন করা হচ্ছে। মন্ত্রকের বিবৃতিতে বলা হয়েছে, ভারতীয় বিমান সংস্থাগুলি সীমাবদ্ধ আকাশপথ এড়িয়ে বিকল্প রুট ব্যবহার করে ধাপে ধাপে দীর্ঘ ও অতিদীর্ঘ দূরত্বের উড়ান পুনরায় চালু করছে। বিমান ও ক্রু পুনর্বিন্যাসের কাজও চলছে, যাতে দ্রুত পরিষেবা স্বাভাবিক করা যায়।

আটকে পড়া যাত্রীদের দেশে ফেরাতে বিশেষ ব্যবস্থাও নেওয়া হয়েছে। প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত উড়ান পরিচালনা করা হচ্ছে এবং বিদেশি বিমান চলাচল কর্তৃপক্ষ ও বিদেশে অবস্থিত ভারতীয় মিশনগুলির সঙ্গে ঘনিষ্ঠ সমন্বয় রাখা হচ্ছে।

বেসরকারি বিমান সংস্থা ইন্ডিগো ৩ মার্চ জেদ্দা থেকে ভারতে ১০টি বিশেষ ত্রাণমূলক উড়ান পরিচালনার পরিকল্পনা করেছে, প্রয়োজনীয় অনুমোদন ও আকাশপথ পরিস্থিতির উপর নির্ভর করে। যাত্রীদের সহায়তায় জেদ্দায় অবস্থিত ভারতীয় কনস্যুলেট জেনারেলের সঙ্গে সমন্বয় করছে সংস্থাটি।

মন্ত্রক আরও জানিয়েছে, ভারত ও উপসাগরীয় অঞ্চলের মধ্যে চলাচলকারী বিদেশি বিমান সংস্থাগুলিও সীমিত পরিষেবা চালু রেখেছে, যা অপারেশনাল ও আকাশপথ পরিস্থিতির উপর নির্ভরশীল।

সরকার জানিয়েছে, যাত্রীদের নিরাপত্তাই সর্বোচ্চ অগ্রাধিকার। সব বিমান সংস্থাকে যাত্রীদের সঙ্গে স্বচ্ছ যোগাযোগ বজায় রাখা এবং টিকিট ফেরত, পুনর্নির্ধারণ ও সহায়তা সংক্রান্ত নিয়ন্ত্রক নির্দেশিকা মেনে চলার পরামর্শ দেওয়া হয়েছে।

যাত্রীদের বিমানবন্দরে যাওয়ার আগে সংশ্লিষ্ট বিমান সংস্থার কাছ থেকে সর্বশেষ ফ্লাইটের তথ্য যাচাই করতে এবং শুধুমাত্র সরকারি সূত্রের ওপর নির্ভর করতে অনুরোধ করেছে মন্ত্রক।

## আটকে পড়া ভারতীয়দের

● প্রথম পাতার পর

নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল এবং বিদেশ সচিব বিক্রম মিশ্রি উপস্থিত ছিলেন।

বিবৃতিতে বলা হয়েছে, "অঞ্চলে বসবাসকারী বিপুল ভারতীয় প্রবাসী সম্প্রদায়ের নিরাপত্তা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে সিসিএস।" পাশাপাশি, ওই অঞ্চলের মাধ্যমে যাতায়াতকারী ভারতীয় যাত্রী এবং নির্ধারিত পরীক্ষায় অংশ নিতে যাওয়া ছাত্রছাত্রীদের সম্মুখীন হওয়া সমস্যাও পর্যালোচনা করা হয়।

সিসিএস সংশ্লিষ্ট সমস্ত দফতরকে প্রয়োজনীয় ও বাস্তবসম্মত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে, যাতে প্রভাবিত ভারতীয় নাগরিকদের সহায়তা করা যায়। একই সঙ্গে দ্রুত যুদ্ধবিরতি এবং সংলাপ ও কূটনৈতিক প্রক্রিয়ায় ফেরার প্রয়োজনীয়তার ওপর জোর দেওয়া হয়েছে।

মধ্যপ্রাচ্য সংকটে ভারত বরাবরই ভারসাম্যপূর্ণ অবস্থান নিয়েছেএকদিকে উত্তেজনা প্রশমনের পক্ষে সওয়াল, অন্যদিকে দেশের নাগরিক ও অর্থনৈতিক স্বার্থ রক্ষায় সক্রিয় পদক্ষেপ।

বিশ্বজুড়ে বাড়তে থাকা উত্তেজনার আবহে এটি সাম্প্রতিক সময়ের অন্যতম গুরুত্বপূর্ণ নিরাপত্তা পর্যালোচনা বৈঠক বলে মনে করা হচ্ছে।

## রাজ্য ও কেন্দ্রশাসিত

● প্রথম পাতার পর

করে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট বা আইনশৃঙ্খলা পরিস্থিতি অস্থিতিশীল করার প্রচেষ্টা হতে পারে বলেও সতর্ক করা হয়েছে। পরিস্থিতি উত্তপ্ত হলে দ্রুত ও দৃঢ় পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে রাজ্যগুলিকে। উল্লেখ্য, সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্র ইসরাইল-এর যৌথ সামরিক হামলার পর ইরান-এ উত্তেজনা তীব্র হয়েছে, যার প্রভাব আন্তর্জাতিক স্তরেও পড়েছে।

এই পরিস্থিতিতে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে কাশ্মীর উপত্যকায় সোমবার থেকে বিধিনিষেধ জারি করা হয়েছে। স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়-সহ সমস্ত শিক্ষাপ্রতিষ্ঠান দু'দিনের জন্য বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

কর্তৃপক্ষ জানিয়েছে, ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি-এর মৃত্যুর খবরকে ঘিরে জনমনে আবেগের বহিঃপ্রকাশকে কেউ যাতে অপব্যবহার করতে না পারে, সে কারণেই এই পদক্ষেপ। সম্ভাব্য অশান্তি রুখতে এবং সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখতে এই নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

উপত্যকার বিভিন্ন এলাকায় বিক্ষোভের খবর মিলেছে। পাশাপাশি আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়-তেও শিক্ষার্থীরা ক্যাম্পাসে জড়ো হয়ে প্রতিবাদ জানিয়েছেন। স্থানীয় কিছু বাসিন্দাও ওই বিক্ষোভে অংশ নেন বলে জানা গিয়েছে।

কেন্দ্রের নির্দেশ অনুযায়ী, রাজ্যগুলিকে আইনপ্রয়োগকারী সংস্থাগুলির মধ্যে সমন্বয় জোরদার করতে, সর্বদা সতর্ক থাকতে এবং যে কোনও মূল্যে শান্তি বজায় রাখতে বলা হয়েছে।

## কমলপুর বামনেতার

● প্রথম পাতার পর

সূত্রে জানা গেছে, গভীর রাতে হঠাৎ আগুন জ্বলতে দেখে প্রতিবেশীরা ছুটে এসে আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করেন। তবে ততক্ষণে বাড়ির একটি অংশ ও রাবার বাগানের বড় ক্ষতি হয়ে যায়। এই ঘটনায় আর্থিক ক্ষতির পরিমাণ উল্লেখযোগ্য বলে দাবি পরিবারের।

সোমবার সকালে সিপিআই(এম) ধলাই জেলা কমিটি ও কমলপুর মহকুমা কমিটির নেতৃত্ব ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখেন এবং ক্ষতিগ্রস্ত পরিবারের সঙ্গে কথা বলেন। দলীয় নেতৃত্ব এই ঘটনার তীব্র নিন্দা জানিয়ে দোষীদের অবিলম্বে গ্রেফতারের দাবি তোলে।

ঘটনার প্রতিবাদে সোমবার জয়ন্তী বাজার এলাকায় সিপিআই(এম)-এর পক্ষ থেকে একটি বিক্ষোভ মিছিল সংগঠিত হয়। মিছিলে দলীয় কর্মী-সমর্থকরা দোষীদের শাস্তির দাবিতে স্লোগান তোলেন এবং এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখার আহ্বান জানান।

এদিকে, পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে বলে জানা গেছে। তবে এই ঘটনার পেছনে কারা জড়িত এবং কী কারণে এই হামলা, তা এখনও স্পষ্ট নয়। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করতেই এই হামলা। অভিযোগের আঙুল বিজেপির বিরুদ্ধে।

8th-6th page -2022 darpan print.pmd 1 03-03-2026, 01:37

# ক্রীড়া

## স্পোর্টস জার্নালিস্টস ফেডারেশন অব ইন্ডিয়ার জাতীয় কনভেনশন দিল্লীতে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। স্পোর্টস জার্নালিস্টস ফেডারেশন অব ইন্ডিয়ার (এসজেএফআই) জাতীয় কনভেনশন এবার দিল্লীতে হতে চলেছে। আগামী ১৩ থেকে ১৭ মার্চ হবে সর্বভারতীয় এই কনভেনশন। এতে দেশের চারটি জোনের বিভিন্ন রাজ্যের ক্রীড়া সাংবাদিকরা অংশ নেবেন।

২০১৯ সালে শেষবার এই কনভেনশন হয়েছিল নাগপুরে। এর পর কোভিডের কারনে কনভেনশন বন্ধ হয়ে যায়। পরবর্তী সময়ে ছয় বছর কনভেনশন আর হয় নি। এবার নতুন করে ফের দিল্লিতে হতে চলেছে।

এসজেএফআই এবার সুবর্ণ জয়ন্তী বর্ষ উদযাপন করতে চলেছে। ফলে এবারের আয়োজন এক বিশেষ মাত্রা পেতে চলেছে। দিল্লী স্পোর্টস জার্নালিস্টস এসোসিয়েশন এবারের কনভেনশনের আয়োজক। দীর্ঘ ২৩ বছর পর দেশের রাজধানীতে এবার এসজেএফআই-এর জাতীয় কনভেনশন হতে চলেছে। এতে টি-২০ জোনাল ক্রিকেট, এসি বালি টেবিল টেনিস সহ বিভিন্ন বিনোদন মূলক খেলা ও ক্রীড়া বিষয়ক নানা আলোচনা অনুষ্ঠিত হবে। এতে দেশের একঝাঁক অলিম্পিয়ান ও তারকা ক্রীড়াবিদ সামিল হবেন। থাকবেন প্রথম সারির ক্রীড়া সংগঠকও।

এসজেএফআই-এর সর্বভারতীয় সভাপতি সরযূ চক্রবর্তী, ত্রিপুরা থেকে জানান, 'সুবর্ণ জয়ন্তী বর্ষ উদযাপনের এই আয়োজন এসজেএফআই-এর কাছে এক বিশাল আনন্দের মুহূর্ত। গত পাঁচ দশক ধরে ক্রীড়া সাংবাদিকতার ক্ষেত্রে এসজেএফআই দক্ষতার সাথে ঐক্যবদ্ধ ভাবে কাজ করে চলেছে। ২৩ বছর পর ফের দিল্লীতে এবার জাতীয় কনভেনশন হতে চলেছে। যা এক বিশাল মাইল ফলক হয়ে থাকবে। দিল্লীর এই আয়োজন সফল ভাবে ক্রীড়া সাংবাদিকতার উন্নয়নে ভূমিকা নেবে'।

এসজেএফআই সর্বভারতীয় সচিব ভি রমেশ জাতীয় কনভেনশন আয়োজনের জন্য দিল্লী ইউনিটকে আগাম অভিনন্দন জানান। তিনি আশা প্রকাশ করেন এবারের জাতীয় কনভেনশন ভবিষ্যতে দেশের ক্রীড়া সাংবাদিকদের পেশার উৎকর্ষতা বাড়াতে বিশাল ভূমিকা নেবে।

দিল্লী স্পোর্টস জার্নালিস্টস এসোসিয়েশনের সভাপতি অভিষেক ত্রিপাঠি জানান, 'জাতীয় কনভেনশনের জন্য সব ধরনের প্রস্তুতি নেয়া হয়েছে। এসজেএফআই থেকে দায়িত্ব পাওয়ার পর এই ইভেন্টকে সফল রূপ দিতে সব ধরনের উদ্যোগ নেয়া হয়েছে। ক্রীড়া মন্ত্রক থেকে শুরু করে সকলের সহযোগিতায় এই কনভেনশন এসজেএফআই-এর ৫০ বছরের ইতিহাসে সোনালী মাইল ফলক হয়ে থাকবে'।

### SHORT NOTICE INVITING e-TENDER NO. 30 /EE(AGRI)/S/2025-26.

| SL. NO. | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY (BOTH ONLINE TRANSACTION & E-BG IS ALLOWED) | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND | TIME AND DATE OF OPENING OF BID/ TECHNICAL BID |
|---|---|---|---|---|---|---|
| 1 | **Development of infrastructure facilities Market at Radhanagar Market under Rajnagar Agri Sub-division, South Tripura. / S.H:-Providing Internal Electrification.** DNIeT No: 77/EE/AGRI/SOUTH/2025-2026 | Rs. 17,72,973.00 | Rs. 35,459.00 | 20 Days | Up to 04.00. P.M. on 06/03/2026 | At 11.00 A.M on 07/03/2026 (if possible) |
| 2 | **Development of infrastructure facilities Market at Nograi Market under Ompi Agri Sub-division, Gomati Tripura. / S.H:- Providing Internal Electrification** DNIeT No: 78/EE/AGRI/SOUTH/2025-2026 | Rs. 6,39,189.00 | Rs. 12,784.00 | | | |
| 3 | **Development of infrastructure facilities Market at Bampur Market under Amarpur Agri Sub-division, Gomati Tripura. / S.H:- Providing Internal Electrification.** DNIeT No: 79/EE/AGRI/SOUTH/2025-2026 | Rs. 4,95,676.00 | Rs. 9,914.00 | | | |

ICA/C-4600/26

Executive Engineer (South)
Department of Agriculture & Farmers Welfare
South, Udaipur.

PNIeT-11/E.E/Div-IV/AMC/25-26 DATE : 25/02/2026

Online single bid percentage rate e tender are invited for the following works"

| Sl No. | Name of the Work ID | Estimated Cost | Earnest Money | Time for Completion | Last date and time for document downloading and bidding | Time and date of Opening of Bid | Document downloading and biding at Application | Class of Bidder |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | **DNIe-T No: 02/DIV-IV/ AMC/25-26** Tender ID - 2026_ SAMC_ 70955_1 | **Rs.7,47,228/-** | **Rs.14,945/-** | 90 (Ninety) **Days** | **05/03/2026 15.00 Hour** | **05/03/2026 16.00 Hrs (If Possible)** | **https://tripuratenders.gov.in** | Enlisted Contractor / Appropriated Class |
| 2 | **DNIe-T No: 20/DIV-IV/ AMC/25-26** Tender ID - 2026_ SAMC_ 70957_1 | **Rs.7,82,796/-** | **Rs.15,656/-** | | | | | |
| 3 | **DNIe-T No: 31/DIV-IV/ AMC/25-26** Tender ID - 2026_ SAMC_ 70959_1 | **Rs.32,12,118/-** | **Rs.64,282/-** | 120 (One hundred twenty) **Days** | | | | |
| 4 | **DNIe-T No: 32/DIV-IV/ AMC/25-26** Tender ID - 2026_ SAMC_ 70966_1 | **Rs.2,92,412/-** | **Rs.5,848/-** | | | | | |
| 5 | **DNIe-T No: 33/DIV-IV/ AMC/25-26** Tender ID - 2026_ SAMC_ 70976_1 | **Rs.41,90,130/-** | **Rs.83,803/-** | | | | | |
| 6 | **DNIe-T No: 34/DIV-IV/ AMC/25-26** Tender ID - 2026_ SAMC_ 70979_1 | **Rs.3,51,548/-** | **Rs.7,031/-** | | | | | |

Other necessary details information can be seen in the Division Office of the Executive Engineer, P.W.Div-IV, AMC at city Centre 4th floor in the office hour.

**NB:** This detailed press notice & bid documents for the work can be seen on website https://tripuratenders.gov.in at free of cost. But the bid can only be submitted after uploading the mandatory scantied documents as specified in this tender document on the e procurement website, by the eligible bidders

Sd/-Illegible
Executive Engineer
P. W. Division No-IV.
Agartala Municipal Corporation

## জাতীয় হ্যান্ডবলের নির্বাচনী শিবির আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২ মার্চ।। জাতীয় হ্যান্ডবল আসরে অংশ নেওয়ার জন্য নির্বাচনী শিবির আগামীকাল অনুষ্ঠিত হচ্ছে। আগামী ২৩ থেকে ২৭ মার্চ হরিয়ানার কুরুক্ষেত্রে অনুষ্ঠিত হবে ৫৪-তম জাতীয় সিনিয়র পুরুষদের হ্যান্ডবল প্রতিযোগিতা। আসরে অংশগ্রহণ করবে রাজ্য দল। এই লক্ষ্যে ত্রিপুরা হ্যান্ডবল অ্যাসোসিয়েশন একটি শক্তিশালী দল গঠনের প্রক্রিয়া শুরু করতে চলেছে। আগামীকাল (মঙ্গলবার) এ.ডি. নগর পুলিশ মাঠে একটি নির্বাচনি শিবিরের আয়োজন করা হয়েছে। ওই শিবির থেকেই রাজ্য দল নির্বাচিত করা হবে। প্রত্যেক জেলা অ্যাসোসিয়েশনের যোগ্য খেলোয়াড়দের ওই শিবিরে উপস্থিত থাকার জন্য ত্রিপুরা হ্যান্ডবল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে।

## নাইডু ট্রফিতে মোহাম্মদ আলির দুরন্ত স্কোরের পাল্টা লড়াই ছত্তিশগড়ের

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ছত্তিশগড়ের শহীদ বীর নারায়ণ সিং আন্তর্জাতিক স্টেডিয়ামে অনূর্ধ-২৩ সি. কে. নায়ডু ট্রফির প্রথম সেমিফাইনালে জমে উঠেছে তামিলনাড়ু ও ছত্তিশগড়ের লড়াই। দ্বিতীয় দিনের শেষে মহম্মদ আলির ১৭১ রানের ওপর ভর করে তামিলনাড়ু ৩২২ রান সংগ্রহ করলেও, পাল্টাপাল্টি লড়াই চালিয়ে যাচ্ছে আয়োজক ছত্তিশগড়। দিনের শেষে ছত্তিশগড়ের স্কোর ৪ উইকেটে ১৬২ রান।

প্রথম দিনের ৮ উইকেটে ২৭২ রান নিয়ে খেলতে নেমে দ্বিতীয় দিনেও দাপট দেখান এস মহম্মদ আলি। তিনি ২৪১ বলে ১৭১ রানের এক অনবদ্য ইনিংস খেলেন, যাতে ছিল ১৯টি চার এবং ৩টি ছক্কা। মূলতঃ তাঁর একার লড়াইয়েই তামিলনাড়ু স্কোরবোর্ডে ৩২২ রান তুলতে সক্ষম হয়। ছত্তিশগড়ের বোলার বাসুদেব বারেত ২২ ওভারে ৮৯ রান দিয়ে ৫ উইকেট শিকার করে তামিলনাড়ুর লেজ ছেঁটে দেন।

ছত্তিশগড়ের ব্যাটিং ও তামিলনাড়ুর বোলিং

জবাবে ব্যাট করতে নেমে ছত্তিশগড় সতর্ক শুরু করে। ওপেনার আয়ুষ পাণ্ডে (৩৯) এবং মায়াঙ্ক ভার্মা (২৮) ভালো ভিত গড়ে দিলেও নিয়মিত বিরতিতে উইকেট হারায় তারা। মিডল অর্ডারে সাহিল রজত শরিফ (৪৩) এবং রাহুল প্রধান (২৮) লড়াই চালানোর চেষ্টা করেন।

তামিলনাড়ুর হয়ে নিয়ন্ত্রিত বোলিং করেন জি গোবিন্দ। তিনি ১৪ ওভারে মাত্র ২৬ রান দিয়ে ২ উইকেট তুলে নেন। এছাড়া মানব পারখ ও পি ভিগনেশ ১টি করে উইকেট দখল করেছেন।

৭১ ওভারে ৪ উইকেটে ১৬২ রান তুলে দিন শেষ করেছে ছত্তিশগড়। তারা এখনও ১৬০ রানে পিছিয়ে আছে। ম্যাচের তৃতীয় দিনে ছত্তিশগড়ের লক্ষ্য থাকবে প্রথম ইনিংসে লিড নেওয়া, অন্যদিকে তামিলনাড়ুর লক্ষ্য হবে দ্রুত উইকেট তুলে নিয়ে ম্যাচে জাঁকিয়ে বসা।

স্কোরবোর্ড এক নজরে (দ্বিতীয় দিন):

তামিলনাড়ু (প্রথম ইনিংস): ৩২২/১০ (৮৯.৫ ওভার)

ছত্তিশগড় (প্রথম ইনিংস): ১৬২/৪ (৭১ ওভার)

অবস্থা: ছত্তিশগড় বর্তমানে ১৬০ রানে পিছিয়ে আছে।

### SHORT NOTICE INVITING QUOTATION

Sealed quotations are invited by the Medical Superintendent, IGM Hospital, Agartala from the interested bidders (bonafied manufacturers/authorised distributors or suppliers), for supply of some Lab test kits for use in IGM Hospital, Agartala. Detailed information along with tender paper may be collected from the office of the undersigned on or before 11/03/2026 up to 4.30 P.M. & last date of bid submission is 12/03/2026 up to 4.30 P.M. & quotation will be opened on 13/03/2026 at 2.30 P.M. or on next working day at 12 noon, if possible & interested bidders may remain present at the time of bid opening session.

**Medical Superintendent**
**IGM Hospital, Agartala**

**ICA/C/4612/26**

### SHORT NOTICE OF AUCTION SALE

In pursuance to order of Ld. Judicial Magistrate 1st Class, Court No.02,, Sonamura, Sepahijala District vide Case No.Misc. 43 of 2025 dated 17.01.2026, offer of rate in sealed cover superscripted manners for Auction of seized 05 Bags of rice is invited from the intending purchaser(s) of India Nationality having financial resources for disposal of rice which is under the custody in the Boxanagar Govt. Food Godown.

The intending tenderer/purchaser (s) shall submit his/her offer of rate by 07th March, 2026 upto 3.00 PM in the office of the Sub-Divisional Magistrate, Sonamura, Sepahijala District.

Terms & conditions for the above purpose are displayed in office Notice Board of the office of the Sub-Divisional Magistrate, Sonamura, Sepahijala District.

**Sub-Divisional Magistrate**
**Sonamura, Sepahijala District**

**ICA/C/4604/26**

### PRESS NOTICE INVITING e-TENDER NO: e-PT-28/EE/RD/DMN/DIV/2025-26 Dt.26/02/2026

On behalf of the Governor of Tripura, The Executive Engineer, RD Dharmanagar Division, Dharmanagar, North Tripura invites percentage rate e-tender on two bid system from the eligible bidders up to 4:00 PM of 05/03/2026 for 03 (Three) no works. For details visit website https://tripuratenders.gov.in/eprocure.gov.in and may contact at phone no. 9862984064 (M)/ email id- eerddmndiv@gmail.com. Any subsequent corrigendum will be available in the website only.

**Executive Engineer**
**RD Dharmanagar Division**

**ICA/C/4601/26**

### NOTICE INVITING TENDER

Tender in sealed cover hereby invited from the bonafied bidders/ Vehicle Owners of Tripura having valid commercial registration issued by the Transport Authority of Tripura for **"Hiring of 1(One) Light Motor Vehicle Celerio X (2025 or 2026 model) for smooth implementation of different Schemes like SBM(U), PMAY, MNUP, TULM, 15th F.C. etc. under Khowai Municipal Council"** as per ceiling of DFPRT 2019.

Details terms & conditions can be seen in the tender documents which can be obtained on production of documentary proof of current validity (Duly attested) of the tenderer Nationality/PAN card/ Service Tax registration certificate along with a written request from the Office of the Khowai Municipal Council, Khowai, Tripura, Pin - 799201 on depositing fee of Rs.1000/-( Rupees One thousand) only (Non-refundable) in Cash or in shape of Demand Draft drawn on any Nationalized Bank branch in favour of the "Khowai Municipal Council",Khowai, Tripura" on any Working days or before 04:00 P.M of 06-03-2026.. **Last date of Submission of Sealed tender: 06-03-2026.The Competent authority reserves the right to accept / reject any or all the tender without assigning any reason what so ever.** All tenderer is requested to read the tender document carefully an comply with the instructions and requirement. For any information Contact 0/0 the Chief Executive Officer Khowai Municipal, Khowai, Tripura.

Nirmal Kuma

**(Sri. Nirmal Kumar,IAS))**
**Chief Executive Officer**
**Khowai Municipal Council.**
**Khowai, Tripura**

**ICA/C/4594/26**

### বিজ্ঞপ্তি

**Ref.:- Belonia PS GDE No.42 dated 13/08/2025 U/S 106 BNSS and Misc case no. 131/2025 U/S 503(2) BNSS**

**Description of Seized articles:-**

**Total- 06 nos Khaki colour sack containing total- 331 nos different colour & brand sharee.**

উক্ত বাজেয়াপ্ত মালের প্রকৃত মালিক তাহার উপযুক্ত প্রমাণ পত্র দেখাইয়া বিজ্ঞপ্তি জারি হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে বিলোনীয়া থানা থেকে নিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা যাইতেছে।

(যোগাযোগের ঠিকানা)

১) এস পি (ডি আই বি) কন্ট্রোল দক্ষিণ ত্রিপুরা, বিলোনীয়া
ফোন নম্বর:-৭৬২৮০০৭০৭৯

২) বিলোনীয়া থানা: ফোন নম্বর:- ৬০৩৩২৩৭৫১৬

**Sd/- Illegible**
**Superintendent of Police**
**South Tripura District**

**ICA/D/2066/26**

## ক্রিকেট বোর্ডের নাম থেকে বাদ দিতে হবে 'ভারত' শব্দ, নির্দেশ দিল কেন্দ্রীয় সরকার

ক্রিকেট বোর্ডের নাম থেকে 'ভারত' বা 'ভারতীয়' শব্দ বাদ দিতে হবে। যে হেতু সংস্থা জাতীয় ক্রীড়া সংস্থা (এনএসএফ) দ্বারা স্বীকৃত নয়, তাই এই দু'টি শব্দ কোনও ভাবেই সংস্থার নামের সঙ্গে ব্যবহার করা যাবে না। সম্প্রতি বিশেষ ভাবে সক্ষম ভারতীয় ক্রিকেট সংসদ বা ডিসিসিআই-কে এমনই নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় সরকার। ডিসিসিআই সচিব রবি কান্ত চৌহানকে একটি চিঠিতে কেন্দ্রীয় সরকার জানিয়েছে, শুধুমাত্র সরকার স্বীকৃত ক্রীড়া সংগঠনই নিজেদের নামের সঙ্গে 'ভারত' শব্দটি ব্যবহার করতে পারে। একই চিঠি পাঠানো হয়েছে ভারতীয় মহিলা ফুটবল সংস্থা এবং ভারতীয় বডি বিল্ডার্স সংস্থাকেও। সংবাদ সংস্থার খবর অনুযায়ী কেন্দ্রীয় সরকার তাদের চিঠিতে জানিয়েছে, এই তিনটি সংস্থা যে 'ভারত' বা 'ভারতীয়' শব্দ নিজেদের সংগঠনের নামে ব্যবহার করছে তা সম্প্রতি তাদের নজরে এসেছে।

## নাইডু ট্রফির সেমিতে বৈভবের ৫ উইকেট পাল্টাপাল্টি লড়াইয়ে ব্যাকফুটে মুম্বাই

**ক্রীড়া প্রতিনিধি, আগরতলা** পুনের গাহুঞ্জের এমসিএ স্টেডিয়ামে চলছে দুই প্রতিবেশী দল মুম্বই ও মহারাষ্ট্রের অনূর্ধ-২৩ লড়াই। ম্যাচের দ্বিতীয় দিনের শেষে টানটান উত্তেজনায় দাঁড়িয়ে সেমিফাইনাল। প্রথম ইনিংসে মুম্বইয়ের ২৪৮ রানের জবাবে দ্বিতীয় দিনের শেষে মহারাষ্ট্র ৪ উইকেট হারিয়ে ২২৮ রান তুলেছে। বর্তমানে তারা মাত্র ২০ রানে পিছিয়ে আছে, যা তাদের মানসিকভাবে বেশ সুবিধাজনক অবস্থানে রেখেছে।

প্রথম দিনের ২১৯/৬ স্কোর নিয়ে দ্বিতীয় দিনে বড় রানের লক্ষ্যে খেলতে নেমেছিল মুম্বাই। কিন্তু মহারাষ্ট্রের বোলার বৈভব ধারকুন্ডে-র বিধ্বংসী বোলিংয়ের সামনে মাত্র ৯১.২ ওভারে ২৪৮ রানেই থমকে যায় তাদের ইনিংস। বৈভব ২৭ ওভারে ৫৩ রান দিয়ে একাই ৫টি উইকেট শিকার করেন। লোয়ার অর্ডারে উইকেটরক্ষক প্রতীক যাদব ৩৫ রানে আউট হন।

জবাবে ব্যাট করতে নেমে মহারাষ্ট্রের ওপেনাররা শুরু থেকেই দাপট দেখান। ওপেনার নীরাজ জোশী (৭২) এবং দিগবিজয় পাটিল (৬৯) অনবদ্য ব্যাটিং করে দলের জয়ের ভিত গড়ে দেন। নীরাজের ইনিংসে ছিল ৮টি চার ও ১টি ছক্কা, অন্যদিকে দিগবিজয় মারেন ৯টি চার ও ১টি ছক্কা।

দিনের শেষে মহারাষ্ট্রের হাল ধরে রেখেছেন অজয় বুরুদে (৪১*) এবং দলের তারকা অলরাউন্ডার আর্শিন কুলকার্নি (২৯*)। উভয়েই ক্রিজে অপরাজিত থেকে জয়ের গন্ধ পাচ্ছেন। মুম্বইয়ের হয়ে বোলিংয়ে অথর্ব ভোসলে ২টি এবং নিখিল গিরি ও জায়েদ পাটনকর ১টি করে উইকেট নেন।

মাত্র ২০ রান পিছিয়ে থেকে এবং হাতে ৬ উইকেট নিয়ে তৃতীয় দিনে নামবে মহারাষ্ট্র। তাদের লক্ষ্য হবে প্রথম ইনিংসে বিশাল লিড নিয়ে মুম্বইকে চাপে ফেলা। অন্যদিকে, মুম্বইয়ের বোলারদের জন্য কালকের সকালটা হবে অস্তিত্ব রক্ষার লড়াই।

স্কোরবোর্ড এক নজরে (দ্বিতীয় দিন):

মুম্বই (প্রথম ইনিংস): ২৪৮/১০ (৯১.২ ওভার)

মহারাষ্ট্র (প্রথম ইনিংস): ২২৮/৪ (৭৬ ওভার)

অবস্থা: মহারাষ্ট্র বর্তমানে মাত্র ২০ রানে পিছিয়ে আছে।

### Notice Inviting E-Tender

**Sub: Procurement of "Surgical Kit for Mobile Veterinary Unit (MVU) consisting of surgical instruments, suturing materials, obstetrical kit, sterilization unit, dressing materials and emergency surgical support equipment".**

Tender documents may be downloaded from http://www.ardd.tripura.gov.in / http://tripuratenders.gov.in as per the schedule as give in **CRITICAL DATE SHEET** as under:

| Sl. No | Information | Details |
|---|---|---|
| | Tender No. | F.No.8-3/ARDD/SDIL/MVU-MISC/2025 |
| 1. 2. | Tender Publication Details | The Tender Form can be seen and downloaded from the websites (http://tripuratenders.gov.in). The Tender is in e-Tender mode with built in e-bid and their online evaluation and can only be accesses through http://www.ardd.tripura.gov.in |
| 3. | Date & Time of publishing of online Tender | 26/02/2026, 6.00 PM |
| 4. | Date & Time of Document Download by the Bidders | 26/02/2026, 6.00 PM onward |
| a. | Start date and time of Seek Clarification | 26/02/2026, 6.00 PM onward through e mail only |
| b. | End date and time of Seek Clarification | 03/03/2026, 5.00 PM through e mail only |
| 5. | Start Date & Time for Submission of e-Bids | 26/02/2026, 6.00 PM onward |
| 6. | Last Date & Time for Submission of e-Bids | 07/03/2026 up to 5.00 PM |
| 7. | Date & Time of Opening of the Tender/Bid | 09/03/2026 at 11.00 AM |
| | Tender Value | Rs. 9,00,000.00 (Rupees Nine Lakh) only |
| 8. | Place of Opening Bids | Directorate of ARDD, Agartala. |
| 9. | BID validity Period | 12 months from the date of the finalization of rate |
| 10. | Officer inviting Bids | Director of ARDD, P.N. Complex, Agartala |
| 11. | Completion period of the Supply | 15 days |
| 12. | Tender Form cost | **Rs. 1000/- (Rupees One Thousand) only** |
| 13. | EMD | **Rs. 18,000/-(Rupees Eighteen Thousand) only** |

**Notes:-** All the above mentioned time are as per clock time of e-Procurement website http://tripuratenders.gov.in

**Sd/- Illegible**
**Director**
**Animal Resource Development Department**
**Government of Tripura**

**ICA/C/4597/26**

PNIeT-12/E.E/Div-IV/AMC/25-26 DATE : 26/02/2026

Online single bid percentage rate e tender are invited for the following works"

| Sl No. | Name of the Work ID | Estimated Cost | Earnest Money | Time for Completion | Last date and time for document downloading and bidding | Time and date of Opening of Bid | Document downloading and biding at Application | Class of |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | **DNIe-T No: 35/DIV-IV/ AMC/25-26** Tender ID - 2025_ SAMC_ 71023_1 | **Rs.2,42,944/-** | **Rs.4,859/-** | 120 (One hundred twenty) **Days** | **07/03/2026** | **07/03/2026 16.00 Hrs** | **https://tripuratenders.gov.in** | Enlisted Contractor / Appropriated Class |
| 2 | **NIe-T No: 36/DIV-IV/AMC/ 25-26** Tender ID - 2025_ SAMC_ 71027_1 | **Rs.7,56,039/-** | **Rs.15,121/-** | | | | | |
| 3 | **DNIe-T No: 37/DIV-IV/ AMC/25-26** Tender ID - 2025_ SAMC_ 71030_1 | **Rs.4,98,907/-** | **Rs.9,978/-** | | | | | |

Other necessary details information can be seen in the Division Office of the Executive Engineer, P.W.Div-IV, AMC at city Centre 4th floor in the office hour.

**NB:** This detailed press notice & bid documents for the work can be seen on website https://tripuratenders.gov.in at free of cost. But the bid can only be submitted after uploading the mandatory scantied documents as specified in this tender document on the e procurement website, by the eligible bidders

Sd/-Illegible
Executive Engineer
P. W. Division No-IV.
Agartala Municipal Corporation

## বিশ্বকাপ খেলে পকেট খালি পাক ক্রিকেটারদের! ৫০ লক্ষ টাকা করে জরিমানা প্রত্যেকের, খারাপ খেলার শাস্তি দিল পাক বোর্ড

বার বার দলের ব্যর্থতায় বিরক্ত পাকিস্তান ক্রিকেট বোর্ড। এ বারও টি-টোয়েন্টি বিশ্বকাপের সেমিফাইনালে উঠতে পারেনি পাকিস্তান। তার আগেই বিদায় নিতে হয়েছে।গ্রুপ পর্বে আবার হারতে হয়েছে ভারতের কাছে। এ বার আর হাত গুটিয়ে বসে থাকছে না পাকিস্তান বোর্ড। খারাপ খেলায় বোর্ডের শাস্তির মুখে সলমন আলি আঘারা। পাকিস্তানের সংবাদমাধ্যম 'এক্সপ্রেস ট্রিবিউন' জানিয়েছে, পাকিস্তানের বিশ্বকাপের দলের প্রত্যেক ক্রিকেটারকে ৫০ লক্ষ টাকা করে জরিমানা করা হয়েছে। রিপোর্টে বলা হয়েছে, গত ১৫ ফেব্রুয়ারি ভারতের কাছে হারের পরেই এই সিদ্ধান্ত নিয়েছিল পাকিস্তান বোর্ড। কিন্তু অপেক্ষা করেছিল তারা। যদি সলমনেরা সেমিফাইনালে উঠতে পারতেন, তা হলে হয়তো শাস্তি দেওয়া হত না। কিন্তু সেটা না হওয়ায় শাস্তি দিয়েছে মহসিন নকভির নেতৃত্বাধীন বোর্ড।সাধারণত, কোনও দল প্রতিযোগিতায় সফল হলে সে দেশের ক্রিকেট বোর্ড আর্থিক পুরস্কার দেয়। তাই ব্যর্থ হওয়ায় জরিমানা করা হয়েছে পাক ক্রিকেটারদের। বিশ্বকাপের এই পারফরম্যান্সের মূল্যায়ণ করা হবে বলেও জানানো হয়েছে রিপোর্টে। সলমনের অধিনায়কত্বে খুশি নয় বোর্ড। বাবর আজম, শাদাব খান ও শাহিন শাহ আফ্রিদির পারফরম্যান্সও প্রশ্নের মুখে। পাকাপাকি ভাবে তিনি সিনিয়র ক্রিকেটাররে টি-টোয়েন্টি দল থেকে বাদ দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হতে পারে।তবে পাকিস্তান বোর্ডের এই শাস্তির নির্দেশ নিয়ে একটিই প্রশ্ন রয়েছে। পাক ওপেনার সাহিবজাদা ফারহান ছয় ম্যাচে ৩৮৩ রান করেছেন। বিশ্বকাপে সর্বাধিক রানের তালিকায় সকলের উপরে তিনি। দু'টি শতরান করেছেন। ১৮টি ছক্কা মেরেছেন। দল ব্যর্থ হলেও ফারহান নিজের দায়িত্ব পালন করেছেন। পাকিস্তানের যে টুকু সাফল্য তার নেপথ্যে এই ওপেনার। তা হলে বাকিদের খারাপ খেলার দায় তাঁকেও কেন নিতে হবে? কেন জরিমানা দিতে হবে ফারহানকেও?বিশ্বকাপ থেকে বিদায় নিয়ে ফারহান ছাড়া বাকি সকলকে দায়ী করেছেন পাকিস্তানের অধিনায়ক সলমন। তিনি জানিয়েছেন, দায়িত্ব নিয়ে খেলতে পারেননি সিনিয়র ক্রিকেটারেরা। মিডল অর্ডার ব্যর্থ হয়েছে। বোলিংয়েও সমস্যা হয়েছে। দলে কিছু বদলের প্রয়োজন রয়েছে বলে মনে করছেন তিনি। কিন্তু বোর্ড এতটা হালকা ভাবে বিষয়টি নিচ্ছে না। কড়া পদক্ষেপ করেছেন নকভিরা।

# জাতীয় নিরাপত্তা ও আঞ্চলিক অখন্ডতা রক্ষায় ত্রিপুরার ভূমিকা গুরুত্বপূর্ণ ঃ রাজ্যপাল




নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ মার্চ: জাতীয় নিরাপত্তা এবং আঞ্চলিক অখন্ডতা রক্ষায় ত্রিপুরার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। ভৌগোলিক দিক দিয়েও ত্রিপুরার অবস্থান খুবই গুরুত্বপূর্ণ। ত্রিপুরার যুব শক্তির একটা অংশ সেনাবাহিনীতে যোগদানের মধ্য দিয়ে দেশের নিরাপত্তা রক্ষায় উল্লেখযোগ্য অবদান রাখতে পারে। সেক্ষেত্রে এ রাজ্যের প্রাক্তন সৈনিকদের পথপ্রদর্শকের ভূমিকা নিতে হবে। আজ আগরতলার মিলিটারি স্টেশনে আয়োজিত প্রাক্তন সৈনিকদের এক সমাবেশে প্রধান অতিথির ভাষণে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাল্লু একথা বলেন।

তিনি বলেন, এই রাজ্যের যুবকদের মধ্যে অনেকেই সেনাবাহিনীতে যোগদানের স্বপ্ন দেখছেন। সামরিক বাহিনীর সদস্যদের সেবা, ত্যাগের কাহিনী বর্ণনা করে এবং নিজেদের বাস্তব অভিজ্ঞতা তুলে ধরে এই রাজ্যের প্রাক্তন সেনানীরা তরুণ প্রজন্মের কাছে দেশ সেবার কাজে ঝাঁপিয়ে পড়ার দৃষ্টান্ত তুলে ধরতে পারেন।

রাজ্যপাল বলেন, সৈন্যদের দেশ সেবার লড়াইয়ে বীর নারীরা এক অনন্য ভূমিকা নিয়ে থাকেন। সেনাবাহিনীর সদস্যরা যখন সীমান্তে দেশের জন্য লড়াইয়ে নিজেদের নিয়োজিত রাখেন তখন বীর নারীরা সেনা সদস্যদের ঘরের লড়াই একা হাতে সামাল দেন। তাদের এই ভূমিকা সমাজ অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে দেখে থাকে। রাজ্যপাল বলেন, প্রাক্তন সৈনিক এবং তাদের পরিবারের সার্বিক কল্যাণে সরকার আন্তরিকভাবে কাজ করছে। এক সময় যারা দেশ সেবার কাজে ঝাঁপিয়ে পড়েছিলেন তাদের স্বাস্থ্য, আর্থিক নিরাপত্তা, সামাজিক নিরাপত্তার বিষয়টি সুনিশ্চিত করতে সরকার নানা পরিকল্পনা নিয়ে কাজ করছে।

অনুষ্ঠানে লেফটেন্যান্ট জেনারেল অভিজিৎ এস. পান্দলকরও বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন ৭৩ মাউন্টেন ব্রিগেডের কমান্ডার ভি.এস.এম. ব্রিগেডিয়ার ধীরাজ সিং। ৫৭ মাউন্টেন ডিভিশনের জি.ও.সি. ভি.এস.এম., মেজর জেনারেল শুভঙ্কর বসু, আসাম রাইফেলস (ইস্ট)-এর আইজি, মেজর জেনারেল ইন্দ্রজিৎ সিং ভিন্ডা, ২১ আসাম রাইফেলসের সেক্টর কমান্ডার ব্রিগেডিয়ার নিশান্ত চান্দেল, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য অন্যান্যদের মধ্যে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে রাজ্যপাল কয়েকজন প্রাক্তন সৈনিক এবং বীর নারীদের সংবর্ধনা জ্ঞাপন করেন। রাজ্যপাল অনুষ্ঠান উপলক্ষ্যে আয়োজিত বিভিন্ন প্রদর্শনী মন্ডপ ঘুরে দেখেন।

## ইটের স্তূপ ধসে গুরুতর আহত তিন শ্রমিক, চাঞ্চল্য

আগরতলা, ২ মার্চ: ইটের স্তূপ ধসে গুরুতর আহত হয়েছেন তিনজন শ্রমিক। আজ ধলাই জেলার আমবাসা মহকুমার বেঁতবাগান এলাকায় অবস্থিত আরবিআই ইটভাট্টায় ওই ঘটনাকে কেন্দ্র করে তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

জানা যায়, আজ দুপুরে ইটভাট্টায় কাজ চলাকালীন আচমকাই একটি বড় ইটের স্তূপ ভেঙে পড়ে। সেই সময় সেখানে কয়েকজন শ্রমিক কাজ করছিলেন। হঠাৎ ধসে পড়া ইটের নিচে চাপা পড়েন তিনজন শ্রমিক। সাথে সাথে অন্যানরা তাঁদের উদ্ধার করে কুলাইস্থিত জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

এদিকে খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ ছুটে গিয়েছে। এ ঘটনায় ইটভাট্টায় কর্মরত শ্রমিকদের নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে।

## মুঙ্গিয়াকামী রেলস্টেশন থেকে গাঁজা সহ দুই যুবক আটক

আগরতলা, ২ মার্চ: মুঙ্গিয়াকামী রেলস্টেশন চত্বরে গোপন সূত্রের ভিত্তিতে অভিযান চালিয়ে প্রায় ১০ কেজি গাঁজা সহ দুই যুবককে আটক করেছে পুলিশ। ধৃতদের বিরুদ্ধে এনডিপিএস আইনের অধীনে মামলা রুজু করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা গেছে, যাত্রী সেজে ট্রেনযোগে গাঁজা পাচারের চেষ্টা করছিল ওই দুই ব্যক্তি। নির্দিষ্ট গোপন খবরের ভিত্তিতে সোমবার সকাল থেকে রেলস্টেশন এলাকায় জোরদার নজরদারি চালানো হচ্ছিল। সন্দেহজনক আচরণের ভিত্তিতে দুই যাত্রীকে আটক করে তাদের ব্যাগে তল্লাশি চালানো হয়। তল্লাশির সময় ব্যাগের ভেতর কৌশলে লুকিয়ে রাখা প্রায় ১০ কেজি গাঁজা উদ্ধার করা হয়। ধৃতদের নাম মধু কুমার ও সন্তোষ কুমার। দু'জনেই বিহার রাজ্যের বাসিন্দা।

মুঙ্গিয়াকামী থানার ওসি সনেষ দেববর্মা জানান, প্রাথমিক তদন্তে জানা গেছে উদ্ধার হওয়া গাঁজা বহিঃরাজ্যে পাচারের উদ্দেশ্যে নিয়ে যাওয়া হচ্ছিল। ঘটনার পরপরই ধৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন বা এনডিপিএস আইনের অধীনে মামলা রুজু করা হয়েছে।

পুলিশ ধৃতদের জিজ্ঞাসাবাদ করছে। এই পাচার চক্রের সঙ্গে আরও কেউ জড়িত রয়েছে কি না, তা খতিয়ে দেখা হচ্ছে বলে জানিয়েছেন তদন্তকারী আধিকারিকরা।

## বেলাবর স্কুলের ক্যাশিয়ার ল্যাপটপ ও হার্ডডিস্কসহ নিখোঁজ, আমতলী থানায় মামলা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ মার্চ: বেলাবর স্কুলের ক্যাশিয়ার রাকেশ রায় গত ১৭ ফেব্রুয়ারি থেকে রহস্যজনকভাবে নিখোঁজ রয়েছেন। দীর্ঘদিন কেটে গেলেও তাঁর কোনো সন্ধান পাওয়া যায়নি। পরিবার-পরিজন ও সহকর্মীরা উদ্বেগে দিন কাটাচ্ছেন।

স্কুল সূত্রে জানা গেছে, রাকেশ রায়ের দায়িত্বে থাকা স্কুলের একটি ল্যাপটপ এবং একটি হার্ডডিস্কও বর্তমানে খুঁজে পাওয়া যাচ্ছে না। উভয় সামগ্রীই স্কুলের গুরুত্বপূর্ণ নথি ও তথ্য সংরক্ষণের কাজে ব্যবহৃত হতো বলে জানা গেছে।

ঘটনার প্রেক্ষিতে স্কুলের কর্তৃপক্ষ রাকেশ রায় এবং স্কুলের ল্যাপটপ ও হার্ডডিস্ক নিখোঁজ হওয়ার বিষয়টি নিয়ে আমতলী থানায় মিসিং ডায়েরি করেছেন। পুলিশ পুরো বিষয়টি খতিয়ে দেখছে এবং নিখোঁজ ব্যক্তির সন্ধানে তদন্ত শুরু করেছে। এদিকে, স্কুলের পক্ষ থেকে দ্রুত বিষয়টির সুরাহা এবং রাকেশ রায়ের নিরাপদ প্রত্যাবর্তনের দাবি জানানো হয়েছে।

# মধ্যপ্রাচ্যে উত্তেজনা বৃদ্ধির মাঝে দুই বাংলাদেশি নিহত, আহত সাত

ঢাকা, ২ মার্চ (আইএএনএস) : মধ্যপ্রাচ্যে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার জেরে অন্তত দুই বাংলাদেশি নিহত এবং সাতজন আহত হয়েছেন বলে সোমবার নিশ্চিত করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়।

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলার পর ইরানকে ঘিরে শুরু হওয়া উত্তেজনার জেরে গোটা অঞ্চলে পাল্টা হামলা ছড়িয়ে পড়েছে। কুয়েত, বাহরাইন ও সংযুক্ত আরব আমিরশাহিতে ক্ষেপণাস্ত্র ও ড্রোন প্রতিহত করা হয়েছে। বিভিন্ন দেশে সাময়িকভাবে আকাশপথ বন্ধ রাখা হয়েছে এবং সামরিক ও বেসামরিক হতাহতের খবর মিলেছে।

পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, সিলেট জেলার বড়লেখা উপজেলার বাসিন্দা সালেহ আহমেদ সংযুক্ত আরব আমিরশাহির আজমান শহরে একটি বেসামরিক স্থাপনায় বিমান হামলার ধ্বংসাবশেষের আঘাতে নিহত হন। এ ঘটনায় সংযুক্ত আরব আমিরশাহিতে অবস্থিত বাংলাদেশ দূতাবাস স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রাখছে এবং বাণিজ্যিক ফ্লাইট চালু হলে মরদেহ দেশে পাঠানোর ব্যবস্থা নেওয়া হবে।

মন্ত্রণালয় আরও জানায়, বাহরাইনে এক বাংলাদেশি নিহত এবং আরও তিনজন আহত হয়েছেন। মানামায় অবস্থিত বাংলাদেশ মিশন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রক্ষা করছে। কুয়েতে একটি বেসামরিক বিমানবন্দরের নিকটে ড্রোন হামলায় আমিনুল ইসলাম, রবিুল ইসলাম, মাসুদুর রহমান ও দুলাল মিয়া নামে চার বাংলাদেশি আহত হন। তারা প্রয়োজনীয় চিকিৎসা পেয়েছেন এবং বর্তমানে স্থিতিশীল রয়েছেন। কুয়েতে বাংলাদেশ দূতাবাস তাদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছে এবং রাষ্ট্রদূত ব্যক্তিগতভাবে হাসপাতালে গিয়ে খোঁজ নিয়েছেন। এদিকে, বাংলাদেশ শিপিং কর্পোরেশনের জাহাজ 'বাংলার জয়যাত্রা' বর্তমানে সংযুক্ত আরব আমিরশাহির জেবেল আলী বন্দরে আটকে আছে। দূতাবাস জাহাজের ক্যাপ্টেনের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছে এবং সব নাবিক নিরাপদে আছেন বলে জানানো হয়েছে। মধ্যপ্রাচ্যের পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করে পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, অঞ্চলটিতে বসবাসরত প্রায় ৬০ লক্ষ বাংলাদেশির নিরাপত্তা ও সুরক্ষা সর্বোচ্চ অগ্রাধিকার। সংশ্লিষ্ট দেশগুলোতে অবস্থিত বাংলাদেশ দূতাবাসগুলোকে প্রয়োজনীয় পরামর্শ জারি করতে এবং প্রবাসীদের সতর্ক থেকে স্বাগতিক দেশের নির্দেশনা মেনে চলার আহ্বান জানাতে বলা হয়েছে।

# ওবিসি ছাত্র ছাত্রীদের স্কলারশিপ বকেয়া, প্রতিবাদে ওবিসি কল্যাণ দপ্তর ঘেরাও, কেন্দ্র থেকে বরাদ্দ আসছে না

আগরতলা, ২ মার্চ : কেন্দ্র থেকে বরাদ্দ আসছে না। ফলে, ওবিসি স্কলারশিপে বঞ্চিত হচ্ছে ছাত্রছাত্রীরা। তাই, আন্দোলনে ঝাপাবার হুশিয়ারি দিচ্ছেন তাঁরা। ২০২৪-২৫ অর্থবছরে বহু ওবিসি ছাত্রছাত্রী এখনো পর্যন্ত স্কলারশিপ পাননি।

তাই স্কলারশিপ প্রদানের দাবিতে ওবিসি কল্যাণ দপ্তরের অধিকর্তাকে ঘেরাও করেন ওবিসি ছাত্র ছাত্রীরা। অতিসত্বর স্টাইপেন্ড প্রদান করা না হলে আগামীদিনে ধর্ণায় বসবেন বলে হুঁশিয়ারি ছাত্রছাত্রীদের। এদিকে, অধিকর্তার দাবি, কেন্দ্রীয় সরকারের তরফে সংশ্লিষ্ট খাতে অর্থ বরাদ্দ না আসায় স্কলারশিপ প্রদান প্রক্রিয়ায় বিলম্ব হচ্ছে।

ডেপুটেশন শেষে সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে এক ছাত্র বলেন, ২০২৪---২৫ অর্থবছরে বহু জনজাতি ছাত্রছাত্রী এখনো পর্যন্ত পোস্ট---ম্যাট্রিক স্কলারশিপ পাননি।

ওবিসি কল্যাণ দপ্তরের পক্ষ থেকে অর্থ প্রদানে দীর্ঘ বিলম্বের কারণে বিপুল সংখ্যক শিক্ষার্থী সমস্যার মুখোমুখি হচ্ছেন।

অর্থনৈতিকভাবে দুর্বল পরিবারের শিক্ষার্থীরা যে সম্পূর্ণভাবে এই বৃত্তির উপর নির্ভর করে পড়াশোনা চালিয়ে যান।

ফলে, শিক্ষার্থীদের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। এমনকি, সম্প্রতি তাঁরা একই দাবিতে ওবিসি কল্যাণ দপ্তরে ডেপুটেশন প্রদাব করেন।

তিনি আরও জানান, অবিলম্বে বকেয়া বৃত্তি প্রদান করা হোক। যদি দ্রুত সমস্যার সমাধান না হয়, তবে সংগঠন বৃহত্তর আন্দোলনে নামতে বাধ্য হবে।

অন্যদিকে, দপ্তরের অধিকর্তা আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেন।

তাঁর দাবি, কেন্দ্রীয় সরকারের তরফে সংশ্লিষ্ট খাতে অর্থ বরাদ্দ না আসায় স্কলারশিপ প্রদান প্রক্রিয়ায় বিলম্ব হচ্ছে। টাকা হাতে পেলেই দ্রুত বিতরণের ব্যবস্থা করা হবে বলে আশ্বাস দেন তিনি।

# এক শিক্ষিকার কাঁধে দুই অঙ্গনওয়াড়ি কেন্দ্র, বিপাকে শিশুদের পাঠদান

আগরতলা, ২ মার্চ : রাজ্য সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের ব্যবস্থাপনা নিয়ে প্রশ্ন উঠেছে মেলাঘর থানার অন্তর্গত দশরথবাড়ি এডিসি ভিলেজের মধুচরণ পাড়া এলাকায়। প্রায় এক কিলোমিটারের ব্যবধানে অবস্থিত দুটি অঙ্গনওয়াড়ি কেন্দ্র বর্তমানে একজন শিক্ষিকার উপর নির্ভর করে পরিচালিত হচ্ছে, যা নিয়ে ক্ষোভ ছড়িয়েছে স্থানীয় মহলে।

স্থানীয় সূত্রে জানা যায়, মধুচরণ পাড়ায় একটি এবং পাশের পাল পাড়ায় আরেকটি অঙ্গনওয়াড়ি কেন্দ্র রয়েছে।

গত চার মাস ধরে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের গাফিলতির কারণে বঙ্ক বাড়ি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে কোনও স্থায়ী শিক্ষিকা নিয়োগ করা হয়নি। ফলে কেন্দ্রটি কার্যত শিক্ষিকাবিহীন অবস্থায় চলছে।

পরিস্থিতি সামাল দিতে মেলাঘর সিডিপিও অফিসের পক্ষ থেকে পাল পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রের শিক্ষিকা পুষ্পরানি দেবনাথকে বঙ্ক বাড়ি কেন্দ্রের অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে। কিন্তু একজন শিক্ষিকার পক্ষে প্রতিদিন দুটি পৃথক কেন্দ্র সুষ্ঠুভাবে পরিচালনা করা অত্যন্ত কঠিন হয়ে পড়েছে। এর জেরে ছোট ছোট শিশুদের নিয়মিত পাঠদান ও অন্যান্য পরিষেবা ব্যাহত হচ্ছে বলে অভিযোগ উঠেছে।

এ বিষয়ে স্থানীয় বাসিন্দারা জানান, একজন শিক্ষিকার পক্ষে একই দিনে দুই কেন্দ্রে সমানভাবে দায়িত্ব পালন করা সম্ভব নয়। ফলে শিশুদের প্রাথমিক শিক্ষার মান ক্ষতিগ্রস্ত হচ্ছে। দ্রুত শূন্যপদে নিয়োগ সম্পন্ন করে সমস্যার স্থায়ী সমাধানের দাবি তুলেছেন এলাকাবাসী। তবে এই সমস্যার সমাধানে সংশ্লিষ্ট দপ্তরের পক্ষ থেকে এখনও পর্যন্ত কোনও কার্যকর পদক্ষেপ নেওয়া হয়েছে কি না, সে বিষয়ে স্পষ্ট কিছু জানা যায়নি। এলাকাবাসীর আশা, অতি শীঘ্রই বঙ্ক বাড়ি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে পৃথক শিক্ষিকা নিয়োগ করে পরিস্থিতির উন্নতি ঘটানো হবে।

# সরকারি ঘর বঞ্চিত দরিদ্র জনজাতি দম্পতি

নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ২ মার্চ: প্রধানমন্ত্রী আবাস যোজনায় সরকারি ঘর থেকে বঞ্চিত দরিদ্র অন্তর্দয় পরিবারের জনজাতি দম্পতি। ঘটনা জম্পুই জলা ব্লকের লাঠিয়াছড়া ভিলেজের কালি দন্তপাড়া এলাকায়। দরিদ্র দম্পতি রমণী দেববর্মা এবং তার স্ত্রী অনিতা দেববর্মা। অত্যন্ত গরিব পরিবার। তাদের মাটির বসত ঘর একেবারে ফেটে চৌচির। যেকোনো মুহূর্তে ভেঙ্গে পড়তে পারে তাদের বসত ঘর। আসছে বৃষ্টি তুফানের দিন। বসত ঘরে টিনের ছাউনিতে ও তাদের শত শত ফুঁটো। বৃষ্টি হলে ঘরের মধ্যে জল পড়ে। তারা বহুবার প্রধানমন্ত্রী আবাস যোজনায় সরকারি ঘরের দাবী জানিয়েছিল। কিন্তু আজ পর্যন্ত তাদের ভাগ্যে জোটে নি সরকারি ঘর। সোমবার দুপুরে সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে দরিদ্র জনজাতি গৃহবধূ অনিতা দেববর্মা সরকারের কাছে প্রধানমন্ত্রী আবাস যোজনায় ঘরের দাবি জানিয়েছেন। সবচেয়ে অবাক করার বিষয় হলো অনিতা দেববর্মার বসত ঘরের সঙ্গেই লাঠিয়াছড়া ভিলেজ কমিটির অফিস। এরপরেও সে সরকারি ঘর পায়নি।

## বৃষ্টির অভাবে ফেটে চৌচির কৃষিজমি, চরম সংকটে চাষিরা

আগরতলা, ২ মার্চ: টানা কয়েক মাস বৃষ্টি নেই। প্রখর রোদ আর খরার দাপটে ফেটে চৌচির হয়ে গেছে কৃষিজমি। জলের তীব্র সংকটে চরম সমস্যায় পড়েছেন লাঠিয়াছড়া ভিলেজ-এর কৃষকরা।

জানা গেছে, জম্পুইজলা ব্লকের লাঠিয়াছড়া ভিলেজ এলাকায় শত শত কানি চাষের জমি জলের অভাবে শুকিয়ে কাঠ হয়ে পড়ে আছে। জমির উপরিভাগে বড় বড় ফাটল দেখা দিয়েছে। অনেকেই ইতিমধ্যে বীজ বপন করেছিলেন, কিন্তু পর্যাপ্ত জল না পাওয়ায় চারা নষ্ট হয়ে যাওয়ার আশঙ্কা তৈরি হয়েছে। স্থানীয় কৃষকদের অভিযোগ, এলাকায় সেচ ব্যবস্থার পর্যাপ্ত সুযোগ নেই। বৃষ্টির জলের উপরই নির্ভর করে চাষাবাদ করতে হয়। কিন্তু চলতি মৌসুমে বৃষ্টি না হওয়ায় ধানসহ বিভিন্ন ফসলের চাষ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। ফলে আর্থিক দুশ্চিন্তায় দিন কাটছে চাষিদের। কৃষকদের একাংশ জানিয়েছেন, দ্রুত বিকল্প সেচ ব্যবস্থা ও সরকারি সহায়তা না পেলে বড় ধরনের লোকসানের মুখে পড়তে হবে। প্রশাসনের কাছে তাঁদের দাবি, খরা পরিস্থিতি পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক এবং ক্ষতিগ্রস্ত কৃষকদের আর্থিক সহায়তা প্রদান করা হোক। এলাকার কৃষকরা এখন আকাশের দিকেই তাকিয়ে রয়েছেন, বৃষ্টির আশায়।

## মধ্যপ্রাচ্যের একাধিক দেশে ২ মার্চের সিবিএসই বোর্ড পরীক্ষা স্থগিত

আগরতলা, ২ মার্চ: মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে বর্তমান পরিস্থিতির প্রেক্ষিতে সেন্ট্রাল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে। বোর্ডের তরফে জানানো হয়েছে, ২ মার্চ নির্ধারিত দশম ও দ্বাদশ শ্রেণির বোর্ড পরীক্ষাগুলি স্থগিত করা হয়েছে। বোর্ড সূত্রে জানা গেছে, বাহরাইন, ইরান, কুয়েত, ওমান, কাতার, সৌদি আরব এবং ইউনাইটেড আরব এমিরেটস-এ অবস্থিত সিবিএসই-অধিভুক্ত স্কুলগুলির ক্ষেত্রে এই সিদ্ধান্ত কার্যকর হবে। স্থগিত হওয়া পরীক্ষার নতুন দিনক্ষণ পরে জানানো হবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

এছাড়া বোর্ড জানিয়েছে, ৩ মার্চ মঙ্গলবার পরিস্থিতি পুনর্বিবেচনা করা হবে। ৫ মার্চ থেকে নির্ধারিত পরীক্ষাগুলি আয়োজন করা যাবে কি না, সে বিষয়ে পরবর্তীতে উপযুক্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

বোর্ডের পক্ষ থেকে সমস্ত পরীক্ষার্থীদের নিজ নিজ বিদ্যালয়ের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখতে এবং শুধুমাত্র সরকারি ঘোষণার উপর নির্ভর করার পরামর্শ দেওয়া হয়েছে।

## তেলিয়ামুড়ায় প্রবীন নাগরিকদের নিয়ে কর্মশালা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২ মার্চ: তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির কনফারেন্স হলে আজ তেলিয়ামুড়া আইসিডিএস প্রকল্পের উদ্যোগে প্রবীণ নাগরিকদের গতিশীলতা ও মানসিক দক্ষতা উন্নয়ন বিষয়ক একদিনের কর্মশালা ও সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করেন ত্রিপুরা বিধানসভার সরকারি মুখ্য সচেতক কল্যাণী সাহা রায়।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সদস্য রঞ্জিত সরকার, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপা দেব, ভাইস চেয়ারম্যান নির্মল সূত্রধর, তেলিয়ামুড়া পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়, তেলিয়ামুড়া বিএসি"র চেয়ারম্যান ভানলাল রাঙ্খল এবং ভাইস চেয়ারম্যান প্রসন্ন হরি জামাতিয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক অপূর্ব কৃষ্ণ চক্রবর্তী এবং তেলিয়ামুড়া ব্লকের ব্লক আধিকারিক বিপ্লব আচার্য। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপা দেব। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন তেলিয়ামুড়া আইসিডিএস প্রকল্পের সিডিপিও পৃথিলা প্রসূন দাস।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ত্রিপুরা বিধানসভার সরকারি মুখ্য সচেতক কল্যাণী সাহা রায় বলেন, প্রবীণ নাগরিকরা সমাজের অমূল্য সম্পদ এবং তাঁদের অভিজ্ঞতা ও প্রজ্ঞা সমাজকে এগিয়ে নিয়ে যেতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই তাঁদের শারীরিক সুস্থতার পাশাপাশি মানসিক দক্ষতা বৃদ্ধি এবং সামাজিকভাবে সক্রিয় রাখার বিষয়টি অত্যন্ত জরুরি। তিনি আরও বলেন, প্রবীণদের সম্মান ও নিরাপত্তা নিশ্চিত করতে সরকার বিভিন্ন কল্যাণমূলক উদ্যোগ গ্রহণ করেছে। পাশাপাশি পরিবারের সন্তানদেরও তাদের মা-বাবার প্রতি দায়িত্বশীল ও যত্নশীল হওয়ার আহ্বান জানান তিনি। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত অন্যান্য অতিথিগণ প্রবীণ নাগরিকদের সুস্থ, সক্রিয় ও মর্যাদাপূর্ণ জীবনযাপনের গুরুত্ব তুলে ধরে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে ৬ জন প্রবীণ ব্যক্তিকে শাল।

# গান্ধীগ্রামে কালীপূজাকে কেন্দ্র করে হামলার অভিযোগ, আহত দুই, বিচার চাইলেন আক্রান্তরা

আগরতলা, ২ মার্চ : গান্ধীগ্রাম এলাকার নবগ্রাম ঘোষপাড়ায় কালীপূজাকে কেন্দ্র করে হামলার অভিযোগ ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। অভিযোগ, কিছু বিজেপি নামধারী সমাজদ্রোহীর হামলায় গুরুতর জখম হয়েছেন এক অটোচালক ও এক মহিলা পূজা উদ্যোক্তা। জানা যায়, গত ২৫ ফেব্রুয়ারি রাত প্রায় সাড়ে ১১টা নাগাদ নবগ্রাম ঘোষপাড়ায় প্রায় ১৫ বছর ধরে হয়ে আসা কালীমাতার পূজার আয়োজন চলছিল। সেই সময় পূজামণ্ডপের সামনে একটি অটো দাঁড়িয়ে থাকাকে কেন্দ্র করে অন্য একটি গাড়ির চালকের সঙ্গে বাগবিতণ্ডা শুরু হয়। পরিস্থিতি সামাল দিতে এগিয়ে আসেন উপস্থিত কয়েকজন মহিলা। অভিযোগ, ওই সময় বিলাসবহুল গাড়ির চালক মিঠুন ভৌমিক ফোনে আরও কয়েকজনকে ডেকে আনেন। এরপর অটোচালক অনুপ গোপ ও পূজা উদ্যোক্তা গীতা রানী গোপের উপর হামলা চালানো হয় বলে অভিযোগ। গুরুতর জখম অবস্থায় প্রথমে তাঁদের নরসিংহ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। সেখান থেকে উন্নত চিকিৎসার জন্য জিবি হাসপাতালে স্থানান্তর করা হয়। জানা গেছে, দু'দিন তাঁরা চিকিৎসাধীন ছিলেন।

এলাকাবাসীদের দাবি, আক্রান্ত অনুপ গোপ ও গীতা রানী গোপ দু'জনেই বিজেপির পুরনো কর্মী এবং বর্তমানে দলের পৃষ্ঠা প্রধান পদে রয়েছেন। ঘটনার পরদিন ২৬ ফেব্রুয়ারি এয়ারপোর্ট থানায় লিখিত অভিযোগ দায়ের করা হলেও এখনও পর্যন্ত অভিযুক্তদের বিরুদ্ধে এফআইআর নথিভুক্ত হয়নি বলে অভিযোগ উঠেছে। অভিযুক্ত হিসেবে এলাকাবাসীরা মিঠুন ভৌমিক, তাপস ঘোষ ও দীপক ঘোষের নাম উল্লেখ করেছেন। তাঁদের বিরুদ্ধে জমি সংক্রান্ত দখলদারি ও নেশা কারবারে জড়িত থাকার অভিযোগও তোলা হয়েছে।

অভিযোগ আরও, ঘটনার এতদিন পরও পুলিশ ঘটনাস্থলে পরিদর্শনে যায়নি এবং পূজায় উপস্থিত মহিলাদের বয়ানও নেওয়া হয়নি। ফলে এলাকায় আতঙ্কের পরিবেশ তৈরি হয়েছে বলে দাবি স্থানীয়দের। অনেকে মুখ খুলতে ভয় পাচ্ছেন বলেও অভিযোগ উঠেছে। এলাকাবাসীরা মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করে সুষ্ঠু তদন্ত এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির আবেদন জানিয়েছেন। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

## ইরানের উপর মার্কিন সাম্রাজ্যবাদ ও ইসরাইলের হামলার প্রতিবাদে আগরতলায় কংগ্রেসের বিক্ষোভ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ মার্চ: ইরানের উপর মার্কিন সাম্রাজ্যবাদ ও ইসরায়েলের হামলার প্রতিবাদে সোমবার আগরতলায় বিক্ষোভ প্রদর্শন করল কংগ্রেস। শহরের কংগ্রেস ভবনের সামনে এই প্রতিবাদ কর্মসূচি সংগঠিত হয়। দলীয় নেতা-কর্মীরা আন্তর্জাতিক পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করে মার্কিন যুক্তরাষ্ট্র ও ইসরাইলের ভূমিকাকে তীব্র ভাষায় সমালোচনা করেন।

জানা গেছে, মূলত পুরনিগম এলাকার বিভিন্ন নাগরিক সমস্যা নিয়ে আগরতলা পুরনিগমের মেয়রের কাছে ডেপুটেশন দেওয়ার জন্য কংগ্রেসের পক্ষ থেকে সময় চাওয়া হয়েছিল। অভিযোগ, গত ছয় মাস ধরে মেয়রের কাছ থেকে সময় না পাওয়ায় দলীয় নেতৃত্ব বাধ্য হয়ে পুর কমিশনারের নিকট ডেপুটেশন দেওয়ার সিদ্ধান্ত নেয় এবং সোমবার দিনটি নির্ধারিত হয়। তবে নির্ধারিত দিনে পুর কমিশনার রাজ্যের বাইরে থাকায় সেই ডেপুটেশন কর্মসূচি স্থগিত রাখার সিদ্ধান্ত নেয় ভারতীয় জাতীয় কংগ্রেস-এর সদর জেলা কমিটি। পরিবর্তিত পরিস্থিতিতে একই দিনে আন্তর্জাতিক ইস্যুকে সামনে রেখে কংগ্রেস ভবনের সামনে বিক্ষোভ কর্মসূচি পালন করা হয়। বিক্ষোভে বক্তারা বলেন, আন্তর্জাতিক ক্ষেত্রে যুদ্ধ ও আগ্রাসন বন্ধ হওয়া উচিত এবং শান্তিপূর্ণ কূটনৈতিক সমাধানের পথেই সমস্যা মেটানো প্রয়োজন। পাশাপাশি শহরের নাগরিক সমস্যাগুলি দ্রুত সমাধানের দাবিও পুনরায় উত্থাপন করেন তাঁরা। পুলিশি নিরাপত্তার মধ্যেই কর্মসূচি শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয় বলে জানা গেছে।

## বাজেট অধিবেশনকে সামনে রেখে দপ্তরভিত্তিক বরাদ্দ নিয়ে অর্থমন্ত্রীর সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠকে খাদ্যমন্ত্রী

আগরতলা, ২ মার্চ: আগামী ১৩ মার্চ থেকে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট অধিবেশন শুরু হতে চলেছে। তার প্রাক্কালে আজ সচিবালয়ে রাজ্যের অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়-এর দপ্তরে এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে অংশগ্রহণ করেন পরিবহন, পর্যটন ও খাদ্য, জনসংভরণ এবং ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী।

জানা গেছে, চলতি অর্থবছরের (২০২৫-২৬) অস্থায়ী সংশোধিত অনুমান এবং আগামী অর্থবছর (২০২৬-২৭)-এর বাজেট অনুমান নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সংশ্লিষ্ট দপ্তরগুলির বিভিন্ন খাতে প্রাক্কলিত আয় ও ব্যয়ের হিসাব, চলমান প্রকল্পের অগ্রগতি এবং নতুন পরিকল্পনার সম্ভাব্য ব্যয় নিয়ে পর্যালোচনা করা হয় এই বৈঠকে।

এছাড়াও এদিনের বৈঠকে উপস্থিত ছিলেন পরিবহন, পর্যটন এবং খাদ্য, জনসংভরন ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তরের সচিব, বিশেষ সচিব ও অধিকর্তাগণ।

## উচ্চমাধ্যমিক পরীক্ষা শান্তিপূর্ণ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ মার্চ: ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত উচ্চমাধ্যমিক পরীক্ষার আজ ছিলো সংস্কৃত, স্ট্যাটিসটিক্স ও আরবিক এবং মাদ্রাসা ফাজিল আর্টস ও মাদ্রাসা ফাজিল থিওলজির আরবিক বিষয়ের পরীক্ষা। রাজ্যের মোট ৬২টি উচ্চতর মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রের অন্তর্গত সবকয়টি পরীক্ষাস্থলের অবস্থা শান্তিপূর্ণ ছিলো। আজ উচ্চতর মাধ্যমিকের সংস্কৃত, স্ট্যাটিসটিক্স, আরবিক, মাদ্রাসা ফাজিল আর্টসের আরবিক ও মাদ্রাসা ফাজিল থিওলজির আরবিক পরীক্ষায় ৩,২৩৩ জন পরীক্ষার্থী নথিভুক্ত ছিলো। সারা রাজ্যে পরীক্ষায় বসেছিলো ৩,২০৫ জন পরীক্ষার্থী। অনুপস্থিতির সংখ্যা মোট ২৮ জন। ছাত্রছাত্রীর উপস্থিতির শতকরা হার ৯৯.১৩। আগামী ৬ মার্চ মাধ্যমিকের সোশ্যাল সায়েন্স (হিস্ট্রি ও পলিটিক্যাল সায়েন্স) এবং সোশ্যাল সায়েন্স (ইকোনমিক্স ও জিওগ্রাফি) এবং মাদ্রাসা আলিমের সোশ্যাল সায়েন্স (হিস্ট্রি ও পলিটিক্যাল সায়েন্স এবং সোশ্যাল সায়েন্স (ইকোনমিক্স ও জিওগ্রাফি) পরীক্ষা অনুষ্ঠিত হবে। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের পক্ষ থেকে এক বিবৃতিতে এই সংবাদ জানানো হয়েছে।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক সন্দীপ বিশ্বাস কর্তৃক রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস, আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল. এন. বাড়ী রোড, আগরতলা, ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক - সন্দীপ বিশ্বাস।
Printed by the Owner, Publisher and Printer Sandeep Biswas from Rainbow Printing Works, Agartala and Published from Jagaran Office, L.N. Bari Road. Agartala, Tripura. Editor- Sandeep Biswas